২৬৫. কোন ক্ষেত্রে সুদ-আসল সবচেয়ে বেশি?
K সরল সুদের o চক্রবৃদ্ধি পদ্ধতিতে
M বাট্টাকরণ পদ্ধতিতে N সুযোগ ব্যয়

২৬৬. কোন ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়?
K চক্রবৃদ্ধি সুদ o সরল সুদ
M প্রকৃত সুদ N নামিক সুদ

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২৬৭ ও ২৬৮ নং প্রশ্নের উত্তর দাও :
জনাব 'A' ২ বছরের জন্য অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি শর্তে ১২% হার সুদে ব্যাংক হতে ১০০০ টাকা ঋণ নিলেন।

২৬৭. ২ বছর পর ব্যাংক 'A' এর কাছ থেকে কত টাকা পাবে?
K ২,২৪০ টাকা L ২,২০০ টাকা
o ১,২৬২ টাকা N ১,১২০ টাকা

২৬৮. উদ্দীপকটিতে n ও m এর মান কত?
K ২ ও ৪ o ২ ও ২ M ৪ ও ২ N ১২ ও ২

২৬৯. অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি হওয়ায় ২ বছরে কতবার চক্রবৃদ্ধি হবে?
K ২ বার o ৪ বার M ৮ বার N ১২ বার

২৭০. ৫ বছর পর জনাব বারীর জমাকৃত অর্থ কত হবে?
K ৯৯৫ টাকা L ৯৯৯ টাকা
o ১,০০৫ টাকা N ১,২২৫ টাকা

### বছরে একাধিকবার বাট্টাকরণের মাধ্যমে বর্তমান মূল্য নির্ধারণ ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৩২

২৭১. নির্দিষ্ট সময় পরপর সমপরিমাণ অর্থ ক্রমাগত প্রাপ্তি বা প্রদানকে কী বলে?
K মোট বৃত্তি o বার্ষিক বৃত্তি
M মোট কিস্তি N বৃত্তি

২৭২. মি. শরীফ ৫ বছর পরে ১০% চক্রবৃদ্ধি সুদের হারে যদি ২,৪১৬ টাকা পায় তাহলে এর বর্তমান মূল্য কত?
o ১,৫০০ টাকা L ১,৬৭৫ টাকা
M ১,৮১৬ টাকা N ১,৪১৬ টাকা

২৭৩. হিমেল সাহেব প্রভিডেন্ট ফান্ড থেকে কিছু টাকা তুলে ১৬% চক্রবৃদ্ধি সুদে পূবালী ব্যাংকে ৭ বছরের জন্য রাখতে চাইলে ব্যাংক মেয়াদ শেষে তাকে ৬০,০০,০০০ টাকা দিতে চাইল। জনাব হিমেল কত টাকা জমা রাখতে চান?
K ২০,০৩,৫০০ টাকা o ২১,২২,৯৭৭ টাকা
M ২২,২৫,৬০০ টাকা N ২৪,২৬,২৯৭ টাকা

২৭৪. জনাব আলী ৪ বছর পর বিমা কোম্পানি থেকে ২,০০,০০০ টাকা পাবেন। ১০% অর্ধবার্ষিক বাট্টার হারে উক্ত টাকার বর্তমান মূল্য কত হবে?
K ১,২৫,২৮২ টাকা o ১,৩৫,৩৬৮ টাকা
M ১,৪৬,২৩২ টাকা N ১,৫৯,২৩৪ টাকা

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২৭৫ থেকে ২৭৭ নং প্রশ্নের উত্তর দাও :
মনে কর, তোমার বাবা ফ্লাট ক্রয় করার জন্য এন সি সি ব্যাংক থেকে ১২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন।

২৭৫. সুদের হার ১০% হলে আগামী ১০ বছর যাবত বার্ষিক কত টাকা কিস্তি পরিশোধ করতে হবে?
K ১,৮৫,৪৫০ টাকা o ১,৯৫,২৯৪ টাকা
M ১,৯৮,২৯৪ টাকা N ১,৯৯,৩৪৫ টাকা

২৭৬. মাসিক কিস্তিতে পরিশোধ করলে কত টাকা দিতে হবে?
o ১৫,৮৫৫ টাকা L ১৮,৭৫৫ টাকা
M ২০,১৬৮ টাকা N ২১,৮৫৫ টাকা

২৭৭. পাঁচ বছর মেয়াদি জমাকৃত টাকার ওপর ৮.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি প্রস্তাব হলে–
i. m এর মান ১২
ii. m এর মান ৪
iii. n এর মান ৫
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii o ii ও iii N i, ii ও iii

### প্রকৃত সুদের হার ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৩৩

২৭৮. সাপ্তাহিক সুদের হারকে কী দ্বারা প্রকাশ করা হয়?
o r L i M n N m

২৭৯. সাপ্তাহিক ১% হারে চক্রবৃদ্ধি সুদে বার্ষিক প্রকৃত সুদের হার কত?
K ৭% L ২৪% o ৬৭.৭৬% N ৭২%

২৮০. EAR দ্বারা কী বোঝায়?
K বাৎসরিক সুদের হার o প্রকৃত সুদের হার
M ষান্মাসিক সুদের হার N চক্রবৃদ্ধি সুদের হার

২৮১. সোনালী ব্যাংক ৬ বছরে দ্বিগুণ শর্তে জনগণের নিকট থেকে টাকা নিচ্ছে। এতে সুদের হার কত?
K ১০% o ১২% M ১৪% N ১৬%

২৮২. সমান হার বহন করে–
i. বাৎসরিক ৬৭.৭৬% সুদের হার
ii. সাপ্তাহিক ১% সুদের হার
iii. মাসিক ১২% সুদের হার
নিচের কোনটি সঠিক?
o i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৮৩. কার কাছে টাকা রাখলে মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হয়?
K মহাজনের L ক্যাশিয়ারের
o ব্যাংকের N দোকানদারের

২৮৪. সুদের হার নির্ধারণ কোনটির ওপর নির্ভর করে?
K চক্রবৃদ্ধির ওপর L বাট্টার হারের ওপর
o মূল্যস্ফীতির ওপর N বিনিয়োগের ওপর

২৮৫. মি. মিল্টন এবিসি ব্যাংকে ১০,০০০/- টাকা ৮ বছরের জন্য জমা রাখল। শতকরা কত হার সুদে উক্ত টাকা ৮ বছরে দ্বিগুণ হবে?
K ৮% o ৯% M ১৩.৫% N ১৬%

২৮৬. মি. মামুন ২% সুদে ব্যাংক হতে ঋণ গ্রহণ করলেন। যদি মাসিক বৃত্তিতে সুদ গণনা করা হয় তাহলে তার প্রকৃত সুদের হার কত হবে?
K ১১.২৬% L ১২.৬৮%
M ১৩.৯২% o ২৬.৯২%

২৮৭. রংধনু ব্যাংক লিমিটেড ৭% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদান করে তাহলে প্রকৃত সুদের হার কত হবে?
K ১৭.১৯% L ১৭.২৯%
M ২৮.১৯% o ৩১.০৮%

২৮৮. মি. রাহাত একটি প্রকল্পে ১,০০০ টাকা ৫ বছরের জন্যে বিনিয়োগ করেছেন। ৮% হারে দ্বিমাসিক চক্রবৃদ্ধিতে প্রকৃত সুদের হার কত হবে?
K ২৮.০৮% L ৩৮.১২%
M ৪৮.২০% o ৫৮.৬৯%

## অধ্যায় ০৪ ঝুঁকি ও অনিশ্চয়তা

### ভূমিকা ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৩৭

২৮৯. ঋণকৃত মূলধন পরিশোধের অক্ষমতার অনিশ্চয়তা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে কী বলে?
K তারল্য ঝুঁকি L সুদ হার ঝুঁকি
o আর্থিক ঝুঁকি N ব্যবসায়িক ঝুঁকি

২৯০. কোনটি পরিমাপ করা যায় না?
K ঝুঁকি o অনিশ্চয়তা M আয় N সম্পদ

২৯১. খারাপ কোনো ঘটনা ঘটার আশঙ্কাকে কী বলে?
K অনিশ্চয়তা o ঝুঁকি M বিপদ N ক্ষতি

২৯২. দেশের অর্থনৈতিক অবস্থার পরিবর্তনের কারণে নিচের কোন ঝুঁকি সৃষ্টি হতে পারে?
o ব্যবসায়িক ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M তারল্য ঝুঁকি N সুদ হার ঝুঁকি

২৯৩. কোনটি ঝুঁকি নয়?
K কাঁচামালের মূল্য বৃদ্ধির সম্ভাবনা
L পণ্য অচল হয়ে যাবার সম্ভাবনা
M বিনিয়োগ থেকে প্রত্যাশিত আয় না হওয়ার সম্ভাবনা
o প্লেন দুর্ঘটনায় কোম্পানির প্রধান কর্মকর্তা মারা যাওয়ার সম্ভাবনা

২৯৪. অনিশ্চয়তার ক্ষেত্রে প্রযোজ্য হলো –
i. অপরিমাপযোগ্য
ii. সব ঝুঁকিই অনিশ্চয়তা
iii. সব অনিশ্চয়তাই ঝুঁকি
নিচের কোনটি সঠিক?
o i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২৯৫. মানুষের ব্যক্তিগত জীবনের ন্যায় ব্যবসায়িক ক্ষেত্রে কী পরিলক্ষিত হয়?
o অনিশ্চয়তা L সুখ M পরিবার N নিশ্চয়তা

২৯৬. অনিশ্চয়তা থেকে কিসের সৃষ্টি হয়?
o ঝুঁকির L অনিশ্চয়তা
M ব্যয়ের N লোকসানের

২৯৭. প্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয় বেশি হলেও কিসের সৃষ্টি হতে পারে?
K ক্ষতির o ঝুঁকির M উৎপাদন N নিশ্চয়তা

২৯৮. কোনো বিনিয়োগকারী ১,০০০ টাকা বিনিয়োগ করে ৫০০ টাকা লাভ আশা করে যদি ৬০০ টাকা পায় সেক্ষেত্রে কত টাকা ঝুঁকির উৎস বলে বিবেচিত হবে?
K ৫০০ L ৬০০ o ১০০ N ১৬০০

২৯৯. আয়ের উত্থান-পতন যত বেশি হবে–
K ঝুঁকি তত কম o ঝুঁকি তত বেশি
M অনিশ্চয়তা তত কম N লাভ তত বেশি

৩০০. প্রতিষ্ঠানের বিভিন্ন সিদ্ধান্তের প্রকৃত ফলাফল প্রত্যাশিত ফলাফলের চেয়ে কম বা বেশি হয় কেন?
K ঝুঁকির কারণে L অনিশ্চয়তার কারণে
o গরমিলের কারণে N পরিচালনার কারণে

### ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে পার্থক্য ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৩৮

৩০১. আধুনিককালে ঝুঁকি বলতে কোনটিকে বোঝায়?
K অনিশ্চয়তার যে অংশ অপরিমেয়
L নিশ্চয়তার যে অংশ পরিমাপযোগ্য
o অনিশ্চয়তার যে অংশ পরিমাপযোগ্য
N নিশ্চয়তার যে অংশ অপরিমেয়

৩০২. সব অনিশ্চয়তাই–
K ঝুঁকি o ঝুঁকি নয়
M ঝুঁকির কাছাকাছি N মোটামুটি ঝুঁকি

৩০৩. সাধারণত ঝুঁকি হচ্ছে–
K খারাপ কোনোকিছু ঘটার নিশ্চয়তা
o খারাপ কোনোকিছু ঘটার সম্ভাবনা
M ভালো কোনোকিছু ঘটার সম্ভাবনা
N ভালো কোনোকিছু ঘটার নিশ্চয়তা

**৩০৪. ঝুঁকি ও অনিশ্চয়তার পার্থক্যের জায়গা হলো—**
i. নিয়ন্ত্রণযোগ্যতা ii. পরিমাপযোগ্যতা
iii. মুনাফার প্রভাব
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০৫. কোনো ঘটনা ঘটার সম্ভাবনা যদি জানা না থাকে তবে তাকে—**
K ঝুঁকি বলা যায় o ঝুঁকি বলা যায় না
M অনিশ্চয়তা বলা যায় না N অল্প ঝুঁকি বলা যায়

**৩০৬. ঝুঁকি হ্রাস করার জন্যে কোম্পানি কোন কৌশল গ্রহণ করতে পারে?**
K গুদামজাতকরণ L কম মূল্যে বিক্রয়
o অগ্রিম বিক্রয় N বিজ্ঞাপন প্রচার

## ঝুঁকির উৎস ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ৩৮

**৩০৭. ব্যবসায় প্রতিষ্ঠান সফলভাবে চালানোর জন্য কোন ধরনের ব্যয়ের সৃষ্টি হয়?**
o পরিচালনা L পরোক্ষ M স্থায়ী N প্রত্যক্ষ

**৩০৮. ব্যবসায় প্রতিষ্ঠানের প্রতিটি সিদ্ধান্তের সাথে কী জড়িত থাকে?**
o ঝুঁকি L নিশ্চয়তা M ক্ষতি N সম্ভাবনা

**৩০৯. ব্যবসায় ক্ষেত্রে প্রতিনিয়ত কী বিদ্যমান থাকে?**
K সফলতা L ব্যর্থতা o অনিশ্চয়তা N লেনদেন

**৩১০. ঋণ পরিশোধের অক্ষমতা থেকে সৃষ্টি হয়—**
K তারল্য ঝুঁকি L ব্যবসায়িক ঝুঁকি
M সুদের হার ঝুঁকি o আর্থিক ঝুঁকি

**৩১১. দায় সৃষ্টি করে কোনটি?**
K সঞ্চিতি তহবিল L অবণ্টিত মুনাফা
o ঋণ মূলধন N শেয়ার মূলধন

**৩১২. যদি কোম্পানি কোনো বহিস্থ অর্থায়ন না করে তখন মুনাফাসংক্রান্ত যে অনিশ্চয়তা তৈরি হয় তখন তা হল—**
K অভ্যন্তরীণ ঝুঁকি o ব্যবসায়িক ঝুঁকি
M বহিস্থ ঝুঁকি N অপূরণীয় ঝুঁকি

**৩১৩. কোন ঝুঁকির কারণে কোম্পানি খুব দ্রুত বিলোপসাধন হতে পারে?**
K ব্যবসায়িক ঝুঁকি o আর্থিক ঝুঁকি
M সুদের হারের ঝুঁকি N তারল্য ঝুঁকি

**৩১৪. কোন মূলধনের জন্য সুদ প্রদান বাধ্যতামূলক?**
K স্থায়ী মূলধন L চলতি মূলধন
o ঋণ মূলধন N বিনিয়োগকৃত মূলধন

**৩১৫. নিচের কোনটি থেকে আর্থিক ঝুঁকি তৈরি হয়?**
o দায় পরিশোধের অক্ষমতা থেকে
L দায় পরিশোধের ক্ষমতা থেকে
M আর্থিক সচ্ছলতা থেকে
N মুনাফা অর্জনের ক্ষমতা থেকে

**৩১৬. নিচের কোন ধরনের বিনিয়োগকারীর বিনিয়োগের মূল্য সুদের হারের সাথে উঠানামা করে?**
K ব্যবসায় বিনিয়োগকারী o বন্ড বিনিয়োগকারী
M শেয়ারে বিনিয়োগকারী N সবকটি

**৩১৭. কোম্পানির দেউলিয়া হওয়ার সম্ভাবনা থাকে—**
i. দায় পরিশোধের অক্ষমতা দেখা দিলে
ii. দীর্ঘদিন দায় পরিশোধ করতে না পারলে
iii. দায় শোধ না করার কারণে ঋণ সরবরাহকারী আইনের আশ্রয় গ্রহণ করলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

**৩১৮. আগামী বছরে কোম্পানির বিক্রয় কমে যাওয়ার আশঙ্কায় ঝুঁকি কীভাবে কমানো যায়?**
K উৎপাদন বাড়িয়ে L ক্রয় বাড়িয়ে
M দাম বাড়িয়ে o অগ্রিম বিক্রয় করে

**৩১৯. সুদ হারের ঝুঁকি মোকাবিলা করতে হয়—**
i. যেসব বিনিয়োগকারী বন্ড ক্রয় করে
ii. যেসব বিনিয়োগকারী ডিবেঞ্চার ক্রয় করে
iii. যেসব বিনিয়োগকারী শেয়ারে অর্থ বিনিয়োগ করে
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩২০. জসিম সম্প্রতি একটি ফ্যাশন হাউজ খোলার সিদ্ধান্ত নিল। এর প্রেক্ষিতে তার কাছে থাকা ১০ লক্ষ টাকার বন্ড ও ডিবেঞ্চার বিক্রয় করতে গেলে সে ক্রেতা সংকটে পড়ে। জসিম কোন ধরনের ঝুঁকির আওতায় আছে?**
o তারল্য ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M সুদের হারের ঝুঁকি N ব্যবসায়িক ঝুঁকি

**৩২১. কোনটিতে বিনিয়োগ করলে তুলনামূলকভাবে তারল্য ঝুঁকি কম?**
K বন্ড o শেয়ার
M মিউচুয়াল ফান্ড N ডিবেঞ্চার

**৩২২. সুদের হারের পরিবর্তনের কারণে বিনিয়োগের মূল্য কমার আশঙ্কাকে কী বলা হয়?**
K ব্যবসায়িক ঝুঁকি L আর্থিক ঝুঁকি
o সুদ হারের ঝুঁকি N তারল্য ঝুঁকি

## ঝুঁকির তাৎপর্য ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ৪০

**৩২৩. একমালিকানা ও অংশীদারি কারবারে কোন ধরনের ঝুঁকি অনেক বেশি?**
K পক্ষপাতিত্বের ঝুঁকি o তারল্য ঝুঁকি
M প্রাকৃতিক ঝুঁকি N ব্যবসায়িক ঝুঁকি

**৩২৪. ব্যবসায়ের সার্বিক উদ্দেশ্য সাধনে কোনটির প্রভাব রয়েছে?**
o ঝুঁকির L অনিশ্চয়তার
M ক্রেতার N বিক্রেতার

**৩২৫. কোন ক্ষেত্রে ব্যবসাপ্রতিষ্ঠানে ঝুঁকির তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে?**
o সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে L পরিকল্পনা প্রণয়নে
M পরিচালনার ক্ষেত্রে N মূলধন সংগ্রহে

**৩২৬. আবু তাহের একজন পাট ব্যবসায়ী। তিনি বাজার চাহিদার ওপর তার যাবতীয় কাজ পরিচালনা করে। আবু তাহের বাজার চাহিদা নির্ণয় করে কীভাবে?**
K পাটের গুণাগুণের দ্বারা
L বিক্রয়কর্মীদের ওপর দায়িত্ব দিয়ে
o বাস্তবসম্মত চাহিদা অনুমানের দ্বারা
N উৎপাদনের ওপর ভিত্তি করে

**৩২৭. কিসের ওপর ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন নির্ভর করে?**
K ক্রয় দক্ষতার ওপর L বিক্রয় দক্ষতার ওপর
o পণ্যের বাজার চাহিদার ওপর N সঠিক পরিকল্পনার ওপর

**৩২৮. ব্যবসায় প্রতিষ্ঠানে কখন মুনাফা অর্জনের ঝুঁকি সৃষ্টি হয়?**
K প্রকৃত বিক্রয় অনুমেয় বিক্রয়ের সমান হলে
L প্রকৃত বিক্রয় অনুমেয় বিক্রয় থেকে বেশি হলে
M প্রকৃত বিক্রয় অনুমেয় বিক্রয়ের কাছাকাছি হলে
o প্রকৃত বিক্রয় অনুমেয় বিক্রয় থেকে খুব কম হলে

**৩২৯. ব্যবসায় শুরু করার পূর্বে কোনটি করা অত্যাবশ্যক?**
K সঠিক পরিকল্পনা গ্রহণ o বাজার চাহিদা নিরূপণ করা
M ঝুঁকি নির্ণয় করা N দক্ষ কর্মী নির্বাচন

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩৩০ ও ৩৩১ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাজ্জাক তার একটি বিনিয়োগ থেকে গত চার বছর শতকরা ২০, ১০, ১২, ১৮ হারে আয় করেন। তিনি ভবিষ্যৎ সিদ্ধান্ত গ্রহণের জন্য আদর্শ বিচ্যুতি ব্যবহার করে এই বিনিয়োগ এবং বিকল্প আরেকটি বিনিয়োগের মধ্যে তুলনা করেন।

**৩৩০. আদর্শ বিচ্যুতি কেন প্রয়োজন?**
o ঝুঁকি নির্ণয়ে L আয় নির্ণয়ে
M অনিশ্চয়তা নির্ণয়ে N লাভ নির্ণয়ে

**৩৩১. মি. রাজ্জাকের বিনিয়োগটিতে ঝুঁকির পরিমাণ কত?**
K ১২.৭৬% o ১৩.৭৬%
M ১৪.৭৬% N ১৫.৭৬%

## ঝুঁকিমুক্ত আয় ও ঝুঁকিবহুল আয় ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ৪০

**৩৩২. কোনটি ঝুঁকিমুক্ত আয়ের উদাহরণ?**
K শেয়ার হতে প্রাপ্ত আয় L ব্যবসায় হতে প্রাপ্ত আয়
M লগ্নি হতে প্রাপ্ত আয়
o ট্রেজারি বন্ড হতে প্রাপ্ত আয়

**৩৩৩. ট্রেজারি বিল কেন ঝুঁকিমুক্ত?**
K প্রাপ্ত আয় অনিশ্চিত থাকে বলে
o প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে বলে
M প্রাপ্ত আয় বেশি হয় বলে N সবগুলোই

**৩৩৪. কোনটি ঝুঁকিবহুল আয় হিসেবে পরিগণিত হয়?**
K ট্রেজারি বিল L ট্রেজারি বন্ড
M প্রাইজ বন্ড o শেয়ার

**৩৩৫. যে সকল আয়ের সাথে ঝুঁকি জড়িত থাকে সেগুলোকে কী বলে?**
o ঝুঁকিবহুল আয় L নিশ্চিত আয়
M অনিশ্চিত আয় N ঝুঁকিবিহীন আয়

**৩৩৬. ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয়ের অন্তর্ভুক্ত। কারণ—**
i. এটি সরকার কর্তৃক ইস্যুকৃত হয়
ii. এ আয়ের পরিমাণ সবসময় বেশি থাকে
iii. এ বিনিয়োগের প্রকৃত আয় প্রত্যাশিত আয়ের সমান হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও ii o i ও iii N i, ii ও iii

## ঝুঁকি ও অনিশ্চয়তার পরিমাপ ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ৪১

**৩৩৭. ঝুঁকি পরিমাপের জন্য কোনটি ব্যবহার করা হয়?**
K গড় ব্যবধান L গড়
M মধ্যক o আদর্শ বিচ্যুতি

**৩৩৮. ঝুঁকির পরিমাপ করা হয়—**
i. বিভিন্ন কৌশল অবলম্বন করে
ii. সঠিক পরিকল্পনার মাধ্যমে
iii. প্রতিষ্ঠানের ব্যয় কমিয়ে এনে
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৩৯. ব্যবসায় প্রতিষ্ঠান সফলভাবে পরিচালনার জন্য নিচের কোনটি অত্যাবশ্যকীয়?**
K ঝুঁকি নেওয়া o ঝুঁকি পরিমাপ
M অধিক পরিমাণ বিনিয়োগ N সঠিক সিদ্ধান্ত

**৩৪০. প্রত্যাশিত আয় ও প্রকৃত আয়ের বিচ্যুতি থেকে কী পরিমাপ করা হয়?**
o ঝুঁকি L মুনাফা M বিনিয়োগ N ক্ষতি

**৩৪১.** আদর্শ বিচ্যুতি $= \sqrt{\frac{\sum(\text{আয় হার} - \text{গড় হার})^2}{\text{ন}-১}}$,
**এখানে n দিয়ে কী বোঝানো হয়েছে?**
K ক্রেতার সংখ্যা L বিক্রেতার সংখ্যা
o বছরের সংখ্যা N অতীত আয়

**৩৪২. রাজীবের ব্যবসায়ে প্রতি বছরে শতকরা ২০, -৫, ১৫ আয়ের ভিত্তিতে আদর্শ বিচ্যুতি কত হবে?**
K ১১.২৩% L ১২.২৩%
o ১৩.২৩% N ১৫.২৩%

**৩৪৩. ঝুঁকি ও অনিশ্চয়তা সম্পর্কিত প্রযোজ্য উক্তি হলো—**
i. বিভিন্ন ধরনের কৌশল প্রয়োগ করে অনিশ্চয়তা কমানো সম্ভব
ii. ঝুঁকি পরিমাপযোগ্য বলে ব্যবসায় প্রতিষ্ঠান একে কমানোর পদক্ষেপ গ্রহণ করতে পারে
iii. অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাই ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

**৩৪৪. '∑' বলতে কী বোঝ?**
K Surpher L Summary
o Summation N Multiplication

**৩৪৫. ব্যবসায় প্রতিষ্ঠান এবং বিনিয়োগকারীদের প্রত্যাশিত ও প্রাপ্ত ফলাফলের মধ্যে থাকে—**
i. গরমিল ii. বিচ্যুতি iii. অনিশ্চয়তা
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৪৬. প্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয়ের কোন উপাদানটি বেশি হলে ঝুঁকি বাড়ে?**
K সম্ভাবনা L অনিশ্চয়তা o বিচ্যুতি N ত্রুটি

**৩৪৭. নিচের কোনটি পরিমাপযোগ্য নয় কিন্তু অনুমান করা যায়?**
K আয় L ব্যয় M ঝুঁকি o অনিশ্চয়তা

**৩৪৮. নূর গ্রুপের ২০১৪ সালে পরিসংখ্যান শেষে দেখা গেছে আদর্শ বিচ্যুতির মান হয়েছে ৪৬.৩৯%। এ মানটি কী নির্দেশ করেছে?**
K কম অনিশ্চয়তা L কম ঝুঁকি
M অধিক অনিশ্চয়তা o অধিক ঝুঁকি

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪৯ ও ৩৫০ নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যবসায়ী হামিদ গত বছর ২০% লাভ করেছিলেন। এ বছরেও তিনি অনুরূপ লাভ করবেন বলে আশা করেছিলেন। কিন্তু নানাবিধ কারণে তিনি লক্ষ্যমাত্রা অর্জন করতে ব্যর্থ হন। এ বছর তিনি মাত্র ১১% লাভ করেন।

**৩৪৯. জনাব হামিদের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হওয়াকে কী বলে আখ্যায়িত করা যায়?**
o ঝুঁকি L অনিশ্চয়তা
M বিচ্যুতি N আদর্শ বিচ্যুতি

**৩৫০. জনাব হামিদের প্রত্যাশিত লাভের জন্য করণীয়—**
i. প্রতিষ্ঠানের কোন ক্ষেত্রে ঝুঁকি রয়েছে তা চিহ্নিত করা
ii. ঝুঁকির স্থায়িত্ব বিশ্লেষণ করা
iii. ঝুঁকি মোকাবিলার সম্ভাব্য কৌশল নির্ধারণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

অধ্যায় ০৫

# মূলধনী আয়-ব্যয় প্রাক্কলন

## মূলধন বাজেটিং ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৪৬

**৩৫১. প্রকল্পের নিট নগদ প্রবাহ বা নিট মুনাফা নির্ধারণ করা হয় কখন?**
K আয়ব্যয় প্রাক্কলনের আগে o আয়ব্যয় প্রাক্কলনের শেষে
M প্রকল্প শুরুর আগে N বিক্রয় শুরুর আগে

**৩৫২. স্থায়ী সম্পত্তি হলো—**
i. জমি
ii. দালানকোঠা
iii. কাগজ ও কালি
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৫৩. প্রকল্পে আয় বলতে কী বোঝায়?**
K সুদ থেকে প্রাপ্ত অর্থ o বিক্রয় থেকে অর্জিত অর্থ
M মালিক থেকে অর্জিত অর্থ N মুনাফা

**৩৫৪. আয় থেকে ব্যয় বাদ দিলে নিচের কোনটি থাকে?**
K নিট মুনাফা L মোট খরচ
o মোট মুনাফা N মোট খরচ

**৩৫৫. যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য ও টিকে থাকা কিসের ওপর নির্ভর করে?**
K ক্রেতার ওপর L বিক্রেতার ওপর
o দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের ওপর
N স্বল্পমেয়াদি বিনিয়োগ সিদ্ধানের ওপর

**৩৫৬. নিচের কোনটি বিনিয়োগের একটি মূল্যায়ন প্রক্রিয়া?**
o মূলধন বাজেটিং L অর্থের সময়মূল্য
M বাট্টার হার নির্ধারণ
N বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য নীতি

**৩৫৭. মূলধন বাজেটিং এর ক্ষেত্রে নিচের কোনটি করতে হয়?**
o প্রকল্পের আয়ব্যয় প্রাক্কলন করতে হয়
L প্রকল্পের স্থান ঠিক করতে হয়
M প্রকল্পের জনবল ঠিক করতে হয়
N প্রকল্পের সময় ঠিক করতে হয়

**৩৫৮. প্রতিষ্ঠানের মোট ব্যয়ের মাধ্যমে কোনটি নির্ণয় করা হয়?**
K নগদ প্রবাহ L নগদ আন্তঃপ্রবাহ
M মোট আয় o নগদ বহিঃপ্রবাহ

**৩৫৯. কখন একটি বিনিয়োগ লাভজনক বলে প্রতীয়মান হয় এবং গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়?**[মাইলস্টোন কলেজ, ঢাকা]
o নগদ আন্তঃপ্রবাহ বহিঃপ্রবাহ থেকে বেশি হলে
L নগদ বহিঃপ্রবাহ আন্তঃপ্রবাহ থেকে বেশি হলে
M বিক্রয় বেশি হলে N ক্রয় বেশি হলে

**৩৬০. নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়?**
o নগদ আন্তঃপ্রবাহ L ক্রমযোজিত নগদ প্রবাহ
M পরিচালনা নগদ প্রবাহ N নগদ বহিঃপ্রবাহ

## মূলধন বাজেটিং-এর গুরুত্ব ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৪৬

**৩৬১. একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের মূল লক্ষ্য কী থাকে?**
K সেবা দান o মুনাফা অর্জন
M কর্মসংস্থান N প্রতিষ্ঠানের উন্নয়ন

**৩৬২. মূলধন বাজেটিং এর সিদ্ধান্ত প্রয়োজন—**
i. নতুন ব্যবসায় স্থাপন
ii. ব্যবসায় সম্প্রসারণ
iii. কর্মী প্রশিক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৬৩. মূলধন বাজেটিং কেমন হলে কারবার সরাসরি উপকৃত হয়?**
K কঠিন L বৃহৎ আকারের
o সঠিক ও বাস্তবসম্মত N ছোট আকারের

**৩৬৪. কোনটির ওপর কারবারের সফলতা অনেকাংশে নির্ভর করে?**
K ক্রেতা L বিক্রেতা
o মূলধন বাজেটিং N কোনোটিই নয়

**৩৬৫. মূলধন বাজেটিং-এর অধিকাংশ অনুমান কোন প্রেক্ষিতে করা হয়?**
K বর্তমানের প্রেক্ষিতে L অতীতের প্রেক্ষিতে
o ভবিষ্যতের প্রেক্ষিতে N সবকটি

**৩৬৬. একটি ব্যবসায়ের উত্তরোত্তর সমৃদ্ধির ক্ষেত্রে বিশেষ গুরুত্ব বহন করে কোনটি?**
o মূলধন বাজেটিং সিদ্ধান্ত L লভ্যাংশ নীতি সিদ্ধান্ত
M আর্থিক নীতি সিদ্ধান্ত N মূলধন কাঠামো সিদ্ধান্ত

**৩৬৭. মূলধন বাজেটিংয়ের ব্যর্থতার দায়িত্ব কার?**
K ব্যবস্থাপক o অর্থ-ব্যবস্থাপক
M ঝুঁকি ব্যবস্থাপক N হিসাব ব্যবস্থাপক

**৩৬৮. অনেকগুলো প্রকল্প থেকে সর্বোৎকৃষ্ট প্রকল্পটি নির্বাচন করার প্রক্রিয়াকে কী বলে?**
K প্রাক্কলন L হিসাবরক্ষণ
o মূলধন বাজেটিং N নিয়ন্ত্রণ

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৬৯ থেকে ৩৭১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাসান একজন মুদি দোকানদার। সে একটি ফ্রিজে দোকানের মালামাল রাখে। চাহিদা থাকায় সে আরও একটি ফ্রিজ ক্রয় করে দোকান সম্প্রসারণের কথা ভাবছে।

**৩৬৯. জনাব হাসানের এ সিদ্ধান্তটি কোন ধরনের সিদ্ধান্ত?**
K স্বল্পমেয়াদি বিনিয়োগ o দীর্ঘমেয়াদি বিনিয়োগ
M লভ্যাংশ সিদ্ধান্ত N কর্মসংস্থান

**৩৭০. জনাব হাসানের সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজন—**
K মুনাফার হার নির্ণয় L ব্যাংক ঋণ গ্রহণ
o মূলধনী আয়-ব্যয় প্রাক্কলন N বাট্টা হার নির্ণয়

**৩৭১. ফ্রিজ মুদি ব্যবসায়ীর জন্য কী ধরনের সম্পত্তি?**
K চলতি o স্থায়ী M আর্থিক N ভাসমান

**৩৭২. জনাব হাসান সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে পারলে কোনটি ঘটবে?**
o ব্যবসায়ের সাফল্য L বড় অঙ্কের ক্ষতি
M মুনাফা হ্রাস N প্রকল্পের ব্যর্থতা

## মূলধন বাজেটিং-এর প্রয়োগ ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৪৭

**৩৭৩. কোন ক্ষেত্রে মূলধন বাজেটিং প্রয়োগ করা হয়?**
K স্বল্পমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে
o দীর্ঘমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে
M ক্রয়ের ক্ষেত্রে N অবচয় নির্ণয়ের ক্ষেত্রে

**৩৭৪. যেকোনো স্থায়ী সম্পত্তি ক্রয় করতে গেলে নিচের কোন প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয়?**
K ঋণ বাজেটিং o মূলধন বাজেটিং
M সম্পত্তি বাজেটিং N ক্রয়

**৩৭৫. কোন ক্ষেত্রে কোম্পানি মূলধন বাজেটিং প্রয়োগ করে সিদ্ধান্ত নেয়?**
o সম্পত্তি প্রতিস্থাপন L কর্মী ব্যবস্থাপনা
M মার্কেটিং N মনিহারি দ্রব্য ক্রয়

**৩৭৬. নগদ আন্তঃপ্রবাহ ও নিট মুনাফার ব্যবধানকে কী বলা হয়?**
K প্রায়ন্তিক বিনিয়োগ L নগদ বহিঃপ্রবাহ
M মোট চলতি ব্যয় o মোট অবচয়

**৩৭৭. একজন মুদি দোকানদার একটি নতুন ফ্রিজ ক্রয় করার আগে নিচের কোন প্রক্রিয়া প্রয়োগ করা উচিত?**
o মূলধন বাজেটিং L বিক্রয় ব্যবস্থাপনা
M কর্মী ব্যবস্থাপনা N ক্রয় বাজেটিং

**৩৭৮. কোন ক্ষেত্রে মূলধন বাজেটিং এর প্রয়োগ নেই?**
K স্থায়ী সম্পত্তি ক্রয় L প্রতিস্থাপন ও আধুনিকায়ন
M পণ্য বৈচিত্র্যায়ন o সম্পত্তি ব্যবস্থাপনা

**৩৭৯. নগদ প্রবাহ প্রাক্কলন করার সময় অতি সতর্কতার সাথে নির্ধারণ করতে হয় —**
i. চলতি খরচ ii. ক্রয় অনুমান iii. স্থায়ী খরচ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৮০. মূলধন বাজেটিং-এর পদ্ধতিসমূহ নিচের কোনটির জন্য গুরুত্বপূর্ণ?**
o প্রকল্প নির্বাচন L প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ
M বিনিয়োগের লাভজনকতা নির্ণয়
N প্রকল্পের মুনাফার হার নির্ণয়

**৩৮১. মূলধন বাজেটিংয়ের সঠিক পদ্ধতি নির্বাচন করতে হয় —**
i. প্রকল্পের ধরন অনুসারে
ii. প্রকল্পে ঝুঁকি বিবেচনা করে
iii. প্রকল্পের গড় নিট মুনাফা অনুযায়ী
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৮২. চলতি খরচের উদাহরণ হলো—**
i. আসবাবপত্র ক্রয়
ii. কর্মচারীর বেতন
iii. মনিহারি খরচ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii o ii ও iii N i, ii ও iii

**৩৮৩. স্থায়ী খরচ হলো—**
i. অফিস ভাড়া ii. বিমা খরচ iii. কাঁচামাল খরচ
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii N i ও iii K ii ও iii L i, ii ও iii

**৩৮৪. মূলধন বাজেটিং পদ্ধতি প্রয়োগ করা যায় কোন সিদ্ধান্ত গ্রহণে?**
K কর্মী ব্যবস্থাপনা o ব্যবসায় সম্প্রসারণ
M প্রেষণাদান N কর্মসংস্থান নীতি

**৩৮৫. ব্যবসায় সম্প্রসারণের লাভজনকতা বিশ্লেষণে কোন পদ্ধতি ব্যবহৃত হয়?**
o মূলধন বাজেটিং L মূলধন কাঠামো পদ্ধতি
M মুনাফা বাজেটিং N ঝুঁকি ও লাভ মূল্যায়ন

**৩৮৬. একটি প্রতিষ্ঠানের চলতি খরচ ও স্থায়ী খরচ মিলে কী হয়?**
o মোট খরচ L নিট খরচ
M মোট আয় N নিট আয়

**৩৮৭. ২,০০,০০০ টাকা বিনিয়োগে নিট মুনাফা ১৬.৬ লক্ষ টাকা এবং অবচয় ৩৩.৩ লক্ষ টাকা হলে নগদ প্রবাহের পরিমাণ কত?**
K ২০ লক্ষ টাকা L ২৫ লক্ষ টাকা
o ৫০ লক্ষ টাকা N ৭০ লক্ষ টাকা

## মূলধন বাজেটিং-এর প্রক্রিয়া ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৪৮

**৩৮৮. যেকোনো দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের সাথে নিচের কোনটি ওতপ্রোতভাবে জড়িত?**
o নগদ প্রবাহ L ভোক্তার আয়
M বিক্রয় মূল্য N কোনোটিই নয়

**৩৮৯. কোনটি থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে?**
K ক্রয় থেকে o বিক্রয় থেকে
M মূলধনী ব্যয় থেকে N চলতি খরচ থেকে

**৩৯০. ভবিষ্যৎ নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করতে কোনটি প্রয়োজন?**
K নিট মুনাফা o বাট্টা হার
M নিট বর্তমান মূল্য N মূলধন ব্যয়

**৩৯১. নিট নগদ প্রবাহ নির্ধারণ করার সময় জানতে হয়—**
i. প্রকল্পের আয়
ii. প্রকল্পের ধরন
iii. পরিচালনা ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii o i ও iii N i, ii ও iii

**৩৯২. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের ওপর নির্ভর করে —**
i. ব্যবসায় প্রতিষ্ঠানের পরিকল্পনা
ii. ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য
iii. ব্যবসায় প্রতিষ্ঠানের টিকে থাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii o ii ও iii N i, ii ও iii

**৩৯৩. পে-ব্যাক সময় নির্ধারণ করা হয় —**
i. বিনিয়োগের ধরন বিবেচনা করে
ii. বিনিয়োগ ঝুঁকি বিবেচনা করে
iii. বিনিয়োগ আয় বিবেচনা করে
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৯৪. কর্মচারীর বেতন কী ধরনের খরচ?**
K স্থায়ী খরচ o চলতি খরচ
M মোট খরচ N কোনোটিই নয়

**৩৯৫. কোনটি স্থায়ী খরচ?**
o অবচয় L কর্মচারীর বেতন
M কাঁচামাল ক্রয় N অন্যান্য পরিচালনা খরচ

**৩৯৬. কোনো ব্যবসায়ের সঠিক নগদ বহিঃপ্রবাহ প্রাক্কলন নির্ভর করে থাকে ——**
i. চলতি খরচ অনুমান ii. স্থায়ী খরচ অনুমান
iii. বিক্রয় অনুমান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

**৩৯৭. ব্যবসায়ের নগদ বহিঃপ্রবাহের খাত হলো –**
i. চলতি ব্যয় ii. মূলধনী ব্যয় iii. নিট মুনাফা
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩৯৮. মূলধন বাজেটিং প্রক্রিয়ার ধাপ নয় কোনটি?**
K নগদ প্রবাহ প্রাক্কলন L বাট্টা হার নির্ধারণ
M মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন ও প্রয়োগ
o গড় মুনাফা হার নির্ধারণ

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩৯৯ ও ৪০০ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সিমান্ত কোম্পানির প্রধান নির্বাহী মিসেস বর্ণা একটি নতুন প্রকল্পে বিনিয়োগের লাভজনকতা নির্ণয়ের পূর্বে পর পর ৪ বছরের মুনাফার সাথে অবচয় যোগ না করেই মোট মুনাফাকে ৪ দ্বারা ভাগ করেন, কিন্তু মোট বিনিয়োগকে ২ দ্বারা ভাগ করেন।

**৩৯৯. মিসেস বর্ণার অনুসৃত পদ্ধতি কোনটি?**
o গড় মুনাফা হার L পে-ব্যাক সময়
M নিট বর্তমান মূল্য N অভ্যন্তরীণ মুনাফার হার

**৪০০. উদ্দীপকে নির্দেশিত পদ্ধতিটির সীমাবদ্ধতা হলো–**
i. অর্থের সময়মূল্য উপেক্ষিত
ii. সকল নগদ প্রবাহের মূল্য সমান
iii. মুনাফা ও বিনিয়োগকে ভিন্ন সংখ্যা দ্বারা ভাগ
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪০১. মূলধন বাজেটিং এর একটি সহজ পদ্ধতি হলো–**
o গড় মুনাফার হার পদ্ধতি L নিট বর্তমান মূল্য পদ্ধতি
M পে-ব্যাক সময় পদ্ধতি N কোনোটিই নয়

**৪০২. মূলধন বাজেটিং-এর পদ্ধতি হলো–**
i. পে-ব্যাক সময় পদ্ধতি
ii. গড় মুনাফা হার পদ্ধতি
iii. নিট মুনাফা হার পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪০৩. গড় মুনাফা পদ্ধতিতে বিনিয়োগকে ২ দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?**
K মোট বিনিয়োগ L প্রান্তিক বিনিয়োগ
o গড় বিনিয়োগ N কোনোটিই নয়

**৪০৪. প্রকল্পে বিনিয়োগকৃত টাকা কতদিনে ফেরত আসবে তা কোন পদ্ধতি নির্দেশ করে?**
o পে-ব্যাক পদ্ধতি L গড় মুনাফার হার পদ্ধতি
M নিট বর্তমান মূল্য পদ্ধতি N অভ্যন্তরীণ হার পদ্ধতি

**৪০৫. মনে করি একটি সেলুনে চুল কাটার মেশিন কিনতে ৬,০০০ টাকা প্রয়োজন। মেশিন ব্যবহার করে সে আগামী ৪ বছরে বার্ষিক ৩,০০০ টাকা আন্তঃপ্রবাহ নিশ্চিত করতে পারবে। এক্ষেত্রে পে-ব্যাক সময় কত হবে?**
K ৩ বছর L ৯ বছর o ২ বছর N ১ বছর

**৪০৬. প্রকল্প থেকে আগত নগদ প্রবাহ সমান না হলে নিচের কোনটি ব্যবহার করে পে-ব্যাক সময় নির্ধারণ করা হয়?**
o ক্রমযোজিত নগদ প্রবাহ L ক্রমহ্রাসমান নগদ প্রবাহ
M ক্রমবর্ধমান নগদ প্রবাহ N সবকটি

**৪০৭. কোনো একটি বিনিয়োগ প্রকল্পের গড় মুনাফার হার কাঙ্ক্ষিত হার থেকে বেশি হলে কী হবে?**
K প্রকল্পটি বাতিল করা হবে L প্রকল্পটি সম্প্রসারণ করা হবে
o প্রকল্পটি গ্রহণযোগ্য হবে
N প্রকল্পটি আধুনিকায়ন করা হবে

**৪০৮. কিসের ভিত্তিতে প্রতিষ্ঠানের প্রকল্প নির্বাচন করা হয়?**
K মূলধন কাঠামো অনুসারে o মূলধনের পর্যাপ্ততা অনুসারে
M লভ্যাংশ নীতি অনুসারে
N আন্তর্জাতিক তহবিলের উৎস অনুসারে

**৪০৯. কোনটি মূলধন বাজেটিং পদ্ধতি?**
K বিক্রয় হার পদ্ধতি
L বিনিয়োজিত মূলধন হার পদ্ধতি
o নিট বর্তমান মূল্য পদ্ধতি N ক্রয় হার পদ্ধতি

**৪১০. পে-ব্যাক সময় নির্ণয় কর:**

| বছর | নগদ | ক্রমযোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | -১০০ | -১০০ |
| ১ | ২০ | -৮০ |
| ২ | ৫০ | -৩০ |
| ৩ | ৬০ | ৩০ |

K ২ বছর o ২.৫ বছর M ৩ বছর N ৩.৫ বছর

**৪১১. কোন মূলধন বাজেটিং পদ্ধতিটি বহুল আলোচিত ও ব্যবহৃত?**
o নিট বর্তমান মূল্য L গড় মুনাফার হার
M পে-ব্যাক সময় N গড় বিনিয়োগ হার

**৪১২. একটি প্রকল্পের পে-ব্যাক সময় ৪ বছর এবং অন্য একটি প্রকল্পের পে-ব্যাক সময় ৩ বছর। দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি গ্রহণযোগ্য?**
K প্রথমটি o দ্বিতীয়টি
M প্রযোজ্য নয় N কোনোটি নয়

**৪১৩. ক্রমযোজিত নগদ প্রবাহ বিনিয়োগকৃত মূলধনের সমান না হওয়া পর্যন্ত নগদ আন্তঃপ্রবাহগুলোকে কী করা হয়?**
o ক্রমান্বয়ে যোগ করা হয় L ক্রমান্বয়ে বিয়োগ করা হয়
M ক্রমান্বয়ে ভাগ করা হয় N ক্রমান্বয়ে গুণ করা হয়

**৪১৪. প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা মাপকাঠি হিসেবে ব্যবহার করেন কোনটি?**
K নিট মুনাফা o পে-ব্যাক সময়
M বাট্টা হার N নগদ আন্তঃপ্রবাহ

**৪১৫. প্রতিবছরের প্রত্যাশিত মোট মুনাফাকে মোট বছরের সংখ্যা দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?**
K মোট মুনাফা o গড় মুনাফা
M মোট বিনিয়োগ N নিট মুনাফা

**৪১৬. ABC লি.-এর নতুন প্রকল্প 'লাইফ' -এর গড় নিট মুনাফা ৫৮,০০০ টাকা এবং গড় মুনাফার হার ১৬% হলে, প্রকল্পটির গড় বিনিয়োগ কত ছিল?**
K ২৯,০০০ টাকা L ৪৮,৭২০ টাকা
M ৫৮,০০০ টাকা o ৩,৬২,৫০০ টাকা

**৪১৭. কোনো কোম্পানির ২০১১ সালের কর ৩,০০,০০০ টাকা, নিট মুনাফা ৩৫,০০,০০০ টাকা, অবচয় ১০,০০,০০০ টাকা, এবং মোট মুনাফা ৪৫,০০,০০০ টাকা হলে, উক্ত বছরে কোম্পানির নগদ আন্তঃপ্রবাহ কত?**
K ৩৫,০০,০০০ টাকা L ৪০,০০,০০০ টাকা
M ৪২,০০,০০০ টাকা o ৪৫,০০,০০০ টাকা

**৪১৮. এস আলম কোম্পানি-এর ব্যবস্থাপনা কর্তৃক নির্ধারিত গড় মুনাফার হার ৩০%। কিন্তু কোনো প্রকল্পের যদি গড় মুনাফা হার ২৫% হয় তাহলে প্রকল্পটি–**
K গ্রহণযোগ্য o বর্জিত হবে
M বাতিযোগ্য নয় N অগ্রহণযোগ্য নয়

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৪১৯ ও ৪২০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সজিবের প্রতিষ্ঠানে বিনিয়োগকৃত মূলধন ৮০,০০০ টাকা যা থেকে আগামী ৫ বছর যাবত বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ১০,০০০ টাকা; ১৬,০০০ টাকা; ২০,০০০ টাকা; ২৪,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা।

**৪১৯. প্রকল্পটির ৩য় বছরে ক্রমযোজিত নগদ প্রবাহ কত?**
K ২০,০০০ টাকা L ৭৪,০০০ টাকা
o ৪৬,০০০ টাকা N ৫৬,০০০ টাকা

**৪২০. প্রকল্পের পে-ব্যাক সময় কত?**
K ৫ বছর o ৪.৩ বছর
M ৩ বছর N ৩.৫ বছর

## অধ্যায় ০৬ মূলধন ব্যয়

### ভূমিকা ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ৫৯

**৪২১. ঋণ মূলধন ব্যয়ের পরোক্ষ সুবিধা কোনটি?**
K মুনাফা বৃদ্ধি L সুদ হ্রাস
o কর হ্রাস N তহবিল বৃদ্ধি

**৪২২. কোনো কোম্পানির মূলধন খরচ যদি ২০% হয়, তবে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগ হতে ন্যূনতম আয় কত অর্জন করতে হবে?**
K ১০% L ১৫% o ২০% N ২৫%

**৪২৩. অর্থায়নের বিভিন্ন উৎসের জন্যে প্রত্যাশিত আয়ের হারকে কী বলা হয়?**
K মূলধন বাজেটিং L মূলধন কাঠামো
M উপরি ব্যয় o মূলধন ব্যয়

**৪২৪. তুমি যদি একটি প্রকল্পে সমুদয় অর্থ বিনিয়োগ করে ফেল তাহলে অন্য একটি প্রকল্পের বিনিয়োগ ত্যাগ করতে হয়, অর্থায়নের ভাষায় একে বলে –**
K '৭২ রুল L 'রুল ৭২
o বিনিয়োগ সুযোগ N সুযোগ ব্যয়

**৪২৫. একটি কোম্পানির মূলধন সংগ্রহের তহবিল যদি একাধিক হয়, তবে তার মূলধন খরচের গড়কে কী বলা হবে?**
K মূলধন o গড় মূলধন খরচ
M মূলধন খরচ N মূলধন আয়

**৪২৬. মূলধন ব্যয় বলতে বোঝায়–**
i. শেয়ারমালিকদের প্রত্যাশিত আয়
ii. নিবন্ধিত প্রতিষ্ঠানের প্রত্যাশিত আয়
iii. ব্যাংকের প্রত্যাশিত আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪২৭. একটি কোম্পানি অগ্রাধিকার শেয়ারমালিকদের ৮% হারে মুনাফা প্রদান করে। এক্ষেত্রে কোম্পানির মূলধন ব্যয় হলো–**
o ৮% L ১০% M ১১% N ১০০%

**৪২৮. প্রতি শেয়ারে প্রদত্ত লভ্যাংশকে শেয়ারের বর্তমান বাজারমূল্য দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?**
K গড় মূলধনী ব্যয় L সংরক্ষিত আয়ের ব্যয়
o সাধারণ শেয়ার মূলধন ব্যয় N ঋণ মূলধন ব্যয়

**৪২৯. ব্যবসায় প্রতিষ্ঠানের মূলধন ব্যয় নির্ণয় কেন প্রয়োজন?**
K মোট মূলধন নির্ণয়ে L মোট মুনাফা নির্ণয়ে
M মোট অবচয় নির্ণয়ে o অর্থায়নের সঠিক উৎস নির্ণয়ে

**৪৩০. একটি কোম্পানির শেয়ার বিক্রি উৎসের মূলধন খরচ ১৮% এবং ব্যাংক ঋণ উৎসের মূলধন খরচ ১২% হলে, কোম্পানির গড় মূলধন খরচ কত?**
K ১২% o ১৫% M ১৮% N ২০%

### মূলধন ব্যয় নির্ণয়ের তাৎপর্য ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ৫৯

**৪৩১. মূলধন খরচ প্রয়োগের পরিধি কতটুকু?**
K অর্থায়নের উৎস চিহ্নিতকরণ পর্যন্ত
L বিনিয়োগের উৎস নির্বাচন পর্যন্ত
M মূলধন ব্যয়ের হার নির্ধারণ পর্যন্ত
o প্রকল্পের মূল্যায়ন পর্যন্ত

**৪৩২. ১৫% মূলধন ব্যয়সম্পন্ন কোনো কোম্পানি যদি ৮% আয়সম্পন্ন কোনো প্রকল্পে বিনিয়োগ করে, তাহলে উক্ত বিনিয়োগের ফলাফল কী?**
K ১৫% হারে মুনাফা L ৮% হারে মুনাফা
o ৭% হারে ক্ষতি N ২৩% হারে ক্ষতি

### মূলধন ব্যয় নির্ণয় ও গড় মূলধনী ব্যয় ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ৬০ ও ৬৪

**৪৩৩. একটি পাবলিক লিমিটেড কোম্পানি দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য সাধারণত কতটি উৎসের শরণাপন্ন হয়?**
K ২টি L ৩টি o ৪টি N ৫টি

**৪৩৪. ঋণ মূলধন সরবরাহকারীদের প্রত্যাশিত আয় এবং সাধারণ শেয়ার মালিকদের প্রত্যাশিত আয় সর্বদা কীরূপ?**
K সমান হয় o অসমান হয়
M অসীম হয় N শূন্য হয়

৪৩৫. একটি কোম্পানির মূলধন সংগ্রহের তহবিল যদি একাধিক হয়, মূলধন খরচের গড়কে কী বলে?
K মূলধন o গড় মূলধন খরচ
M মূলধন আয় N মূলধন ব্যয়

৪৩৬. অর্থ সরবরাহকারীরা বিনিয়োগকে যত বেশি ঝুঁকিপূর্ণ মনে করবে, তাদের প্রত্যাশিত আয়ের হার হবে–
o বেশি L কম M সমান N শূন্য

৪৩৭. ছোট ব্যবসায় প্রতিষ্ঠানের ঋণ মূলধনের প্রধান উৎস কী?
K মহাজন o ব্যাংক M জমিদার N সমবায়

৪৩৮. বড় আর্থিক প্রতিষ্ঠানের ঋণ মূলধনের প্রধান উৎস কী?
K ব্যাংক L বন্ড
M মহাজন o ব্যাংক ও বন্ড

৪৩৯. বিভিন্ন অর্থ সরবরাহকারীদের প্রত্যাশিত আয় সমান হয় না কেন?
K বিনিয়োগ ঝুঁকিমুক্ত হওয়ায়
o ঝুঁকির ধরনের ভিন্নতা
M প্রত্যাশিত আয় সর্বদা সমান
N মার্কেটিং পলিসির ভিন্নতা

৪৪০. নান্নু মিয়া ১২% সুদে ২ লক্ষ টাকা ঋণ নিয়ে ফার্মেসি ব্যবসায় শুরু করে। করের হার ১২% হলে তার কর সমন্বয়কৃত ঋণমূলধন খরচ কত?
o ১০.৫৬% L ১২% M ১৩.৪৪% N ২৪%

৪৪১. একটি প্রতিষ্ঠানকে EB ব্যাংক ১৪% হারে ২,০০,০০০ টাকা ঋণ দিল। যদি প্রতিষ্ঠানটির কর হার ৪০% হয় তাহলে কর সমন্বয়কৃত মূলধন ব্যয় কত?
K ৮.১% o ৮.৪% M ৮.৩% N ৮.৭%

৪৪২. ছোট ব্যবসায় প্রতিষ্ঠান কোন উৎস হতে ঋণ গ্রহণ করতে পারে না?
K মহাজনি ঋণ o বন্ড বিক্রয়
M ব্যাংক ঋণ N আত্মীয়-স্বজনের কাছ থেকে

৪৪৩. সাধারণ মূলধনের ব্যয় নির্ণয় করা জটিল। কারণ–
i. ভবিষ্যতে প্রত্যাশিত লভ্যাংশ নির্ধারণ করা দুরূহ কাজ
ii. ভবিষ্যতে কোম্পানির আয় এবং লভ্যাংশ বৃদ্ধির হার অনুমান করা কঠিন কাজ
iii. ভবিষ্যতে শেয়ারমালিকদের লভ্যাংশ বণ্টন করা দুর্বোধ্য কাজ
নিচের কোনটি সঠিক?
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪৪৪. ব্যাংক ঋণের ক্ষেত্রে ঋণের সুদের হার কে নির্ধারণ করে?
K গ্রাহক L সরকার o ব্যাংক N রাজস্ব বোর্ড

৪৪৫. অর্থ সরবরাহকারীদের প্রত্যাশিত আয়ের ভিন্নতার কারণে কোনটির ভিন্নতা দেখা দেয়?
o মূলধন খরচ হার L শেয়ার গ্রাহকের সংখ্যা
M মূলধনী আয় হার N মূলধনী নীতি

৪৪৬. কোন প্রতিষ্ঠান হতে কারা নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত সুদ পেয়ে থাকে?
K ঋণগ্রহীতা L সাধারণ শেয়ারমালিক
o ঋণদাতা N অগ্রাধিকার শেয়ার মালিক

৪৪৭. কোন মূলধন ব্যয় নির্ণয় পদ্ধতি অনুসারে কোম্পানি ভবিষ্যৎ বছরগুলোতেও সমপরিমাণ লভ্যাংশ ঘোষণা করবে?
K গাণিতিক হারে লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি
o শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি
M স্থিরহারে লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি
N বাট্টাকৃত হারে লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি

৪৪৮. বাধন ট্রেডার্স লি. বর্তমানে ১৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করে এবং প্রতি শেয়ারের বাজার মূল্য ১৫০ টাকা। এক্ষেত্রে শেয়ার মূলধন ব্যয় হবে –
K ৮% L ৯% o ১০% N ১২%

৪৪৯. কোম্পানি এ বছর ১৫ টাকা লভ্যাংশ দিলে আগামী বছরেও ১৫ টাকা লভ্যাংশ দেবে। এটি কোন মূলধন ব্যয় নির্ণয় পদ্ধতির ধারণা?
o শূন্য লভ্যাংশ বৃদ্ধি L গাণিতিক হারে লভ্যাংশ বৃদ্ধি
M বাট্টাকৃত হারে লভ্যাংশ বৃদ্ধি N স্থিরহারে লভ্যাংশ বৃদ্ধি

৪৫০. শেয়ার মূল্য ২,০০০টাকা, বৃদ্ধির হার ১৫% এবং লভ্যাংশ ২০ টাকা হলে সাধারণ শেয়ার মূলধন ব্যয় কত?
K ১২.৪০% L ১৫.৬% M ১৭.৫% o ১৬.১৫%

৪৫১. আশরাফ টেক্সটাইলকে X ব্যাংক ১৫% সুদে ৩ লক্ষ টাকা ঋণ প্রদান করল। যদি কোম্পানির কর হার ৩৫% হয়, তাহলে ঐ ঋণের কর সমন্বয়কৃত মূলধন খরচ কত হবে?
K ১০.৫% L ১০.৮% M ১১.৩% o ৯.৭৫%

৪৫২. আর সি কোম্পানি লি. ৫ বছর মেয়াদি ৫,০০০ টাকা লিখিত মূল্যের ঋণপত্র ইস্যু করল, সুদের হার ১৫% হলে কোম্পানির ঋণপত্রের করপূর্ব ব্যয় কত?
K ১৬% o ১৫% M ১৪% N ১২%

৪৫৩. সুযোগ ব্যয় সৃষ্টি হয় কোন মূলধন ব্যয় পদ্ধতিতে?
K ঋণ মূলধন ব্যয়
L অগ্রাধিকার শেয়ারের ব্যয়
M সাধারণ শেয়ার মূলধন ব্যয়
o সংরক্ষিত আয়ের ব্যয়

৪৫৪. কোনো কোম্পানির ২০১০ সালের মুনাফা ২০ লক্ষ টাকা এবং ১২ লক্ষ টাকা লভ্যাংশ ঘোষণা করে অবশিষ্ট টাকা রেখে দিলে কোম্পানির ২০১০ সালের সংরক্ষিত মুনাফা কত?
K ১২ লক্ষ টাকা o ৮ লক্ষ টাকা
M ২০ লক্ষ টাকা N ১৮ লক্ষ টাকা

৪৫৫. বৃহৎ ব্যবসায় প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় অর্থের সংস্থান করে থাকে–
i. বন্ড বিক্রির মাধ্যমে
ii. ঋণপত্র বিক্রির মাধ্যমে
iii. ডিমান্ড ড্রাফট বিক্রির মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
o i ও ii L ii ও iii M iii N i, ii ও iii

৪৫৬. ব্যবসায় প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি তহবিলের উৎস হলো–
i. সংরক্ষিত আয় ii. সাধারণ শেয়ার
iii. ঋণ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

৪৫৭. মদিনা লিমিটেড ১,২০০ টাকা লিখিত মূল্যের ১৫% অগ্রাধিকার শেয়ার বাজারে বিক্রি করবে। প্রতিটি শেয়ার বিক্রি থেকে কোম্পানি ৯১০ টাকা পাওয়ার প্রত্যাশা করে। উপরোক্ত তথ্যানুসারে অনু লিমিটেডের অগ্রাধিকার শেয়ারের ব্যয় কত হবে?
K ২২.৫৬% o ১৯.৭৮% M ২০.৯২% N ১৭.৭৬%

৪৫৮. নাহিদের ব্যবসায়ের প্রতি ঝোঁক বেশি। তাই সে পড়াশোনা শেষ করে ঔষধের একটি বড় দোকান দেওয়ার চিন্তা করে। এক্ষেত্রে নাহিদের জন্যে ঋণ মূলধনের প্রধান উৎস হবে–
i. ব্যাংক ii. ঋণপত্র বিক্রয়
iii. আর্থিক প্রতিষ্ঠান
নিচের কোনটি সঠিক?
K i ও ii o i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৪৫৯ ও ৪৬০ নম্বর প্রশ্নের উত্তর দাও :

জনাব টুটুলের ব্যবসায়ের মোট মূলধন ১ কোটি টাকা যার ৬০% নিজস্ব এবং অবশিষ্টাংশ ১৫% ঋণ। তিনি ২০% মুনাফায় বিনিয়োগ সুবিধা পেয়ে মূলধন কাঠামো পরিবর্তন করেন। ফলে ঋণ ও নিজস্ব তহবিলের বিপরীত সম্পর্ক সৃষ্টি হয়?

৪৫৯. বর্তমানে টুটুলের ব্যবসায়ের ঋণমূলধন কত?
K ২০ লক্ষ o ৪০ লক্ষ
M ৬০ লক্ষ N ৭৫ লক্ষ

৪৬০. মূলধন কাঠামো পরিবর্তনে জনাব টুটুল বিবেচনা করেছেন–
i. তহবিলের সুযোগ ব্যয়
ii. গড় মূলধন ব্যয়
iii. সর্বনি মূলধন ব্যয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii o i, ii ও iii

## অধ্যায় ০৭ শেয়ার, বন্ড ও ডিবেঞ্চার

### শেয়ারের শ্রেণিবিভাগ ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৬৮

৪৬১. তারল্যের প্রয়োজন পড়লে শেয়ারহোল্ডাররা কোথায় শেয়ার বিক্রয় করতে পারে?
K ওলিগোপলি মার্কেটে L মনোপলি মার্কেটে
o সেকেন্ডারি মার্কেটে N সাধারণ মার্কেটে

৪৬২. সাধারণ শেয়ারের জন্যে প্রযোজ্য উক্তি হলো –
i. এ শেয়ার হস্তান্তর প্রক্রিয়া অত্যন্ত জটিল
ii. এ শেয়ার থেকে অধিক আয় করা যায়
iii. সীমাবদ্ধ দায় এ শেয়ারের একটি সুবিধা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii o ii ও iii N i, ii ও iii

৪৬৩. শেয়ারহোল্ডারদের বিনিয়োগকৃত অর্থ কীরূপ?
K ফেরতযোগ্য o অফেরতযোগ্য
M নবায়নযোগ্য N অনবায়নযোগ্য

৪৬৪. লাভজনক কোম্পানির শেয়ারহোল্ডারগণ লভ্যাংশ পেয়ে থাকেন কীভাবে?
o নিয়মিতভাবে L অনিয়মিতভাবে
M মাঝে মাঝে N কোনোটিই পায় না

৪৬৫. অগ্রাধিকার শেয়ারমালিকদের অসুবিধা কোনটি?
K মুনাফার ওপর অগ্রাধিকার L সীমাবদ্ধ দায়
o সীমিত আয় N নির্দিষ্ট হারে আয়

৪৬৬. সাধারণ শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদানের হার–
K নির্ধারিত o অনির্ধারিত M স্থির N একই

৪৬৭. কোম্পানির জন্য শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদান করা–
K বাধ্যতামূলক o বাধ্যতামূলক নয়
M নির্ধারিত N স্থির

৪৬৮. কোন শেয়ার ক্রয় করলে কোম্পানির পরিচালক নির্বাচনে ভোট দেওয়া যায়?
o সাধারণ শেয়ার L রাইট শেয়ার
M অগ্রাধিকার শেয়ার N বিলম্বিত শেয়ার

৪৬৯. শেয়ারহোল্ডারদের কখন লভ্যাংশ প্রদান করা হয়?
o কোম্পানির মুনাফা হলে L কোম্পানির মুনাফা না হলে
M কোম্পানির ক্ষতি হলে N কোম্পানির লোকসান হলে

৪৭০. সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত লভ্যাংশকে সবচেয়ে ঝুঁকিবহুল আয় বলার কারণ কী?
K কোন জামানত থাকে না
L যে কোন সময় প্রতিষ্ঠানটি দেউলিয়া হয়ে যেতে পারে
o আয় নির্দিষ্ট থাকে না
N সহজে হস্তান্তর করা যায় বলে

৪৭১. কোম্পানির আয় বেশি হলে কার আয় বেশি হয়?
K বন্ড মালিকের L ডিবেঞ্চার মালিকের
o সাধারণ শেয়ার মালিকের N অগ্রাধিকার শেয়ারমালিকের

৪৭২. কোনটি বিনিয়োগকারীদের নিকট তরল সম্পদ হিসেবে সমাদৃত?
o সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M বন্ড N ডিবেঞ্চার

৪৭৩. সাধারণ শেয়ারমালিকরা কোম্পানির গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত কিসের দ্বারা নিয়ন্ত্রণ করে?
K আইন প্রয়োগ দ্বারা o ভোটাধিকার দ্বারা
M নিজের ক্ষমতা দ্বারা N অর্থ দ্বারা

৪৭৪. মূলধন খাটানোর উৎস–
i. শেয়ার
ii. বন্ড
iii. ডিবেঞ্চার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

৪৭৫. কোন ধরনের শেয়ারমালিকের ভোটাধিকার থাকে?
o সাধারণ শেয়ার L বন্ড
M অগ্রাধিকার শেয়ার N ডিবেঞ্চার

**৪৭৬. সাধারণ শেয়ারের ক্ষেত্রে প্রযোজ্য—**
i. হস্তান্তরযোগ্য
ii. সীমাবদ্ধ দায়
iii. নির্দিষ্ট হারে আয়
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M iii N i, ii ও iii

**৪৭৭. সাধারণ শেয়ারমালিকদের পূর্বে কাদের দাবি মেটানো হয়?**
o অগ্রাধিকার শেয়ারমালিকদের
L বন্ড মালিকদের
M ডিবেঞ্চার মালিকদের N সম্পত্তির মালিকদের

**৪৭৮. ঝুঁকিবহুল বিনিয়োগ কোনটি বেশি থাকে?**
o আয় L ব্যয় M ক্ষতি N উপরিব্যয়

**৪৭৯. সহজে হস্তান্তরযোগ্য শেয়ার কোনটি?**
K অগ্রাধিকার শেয়ার o সাধারণ শেয়ার
M বোনাস শেয়ার N অধিকারযোগ্য শেয়ার

**৪৮০. আবসি একতা লি.-এর একজন সাধারণ শেয়ারহোল্ডার। তিনি কীভাবে একতা লি.-এর নিয়ন্ত্রণে অংশ নিবেন?**
K শেয়ার সার্টিফিকেট কিনে
o ভোটাধিকার প্রয়োগ করে
M বিবরণপত্র প্রচারের মাধ্যমে
N হস্তান্তরযোগ্য সুযোগে

**৪৮১. অগ্রাধিকার শেয়ারকে কী হারে লভ্যাংশ প্রদান করা হয়?**
K ইচ্ছেমতো L প্রত্যাশিত আয়ের ওপর
M সংরক্ষিত আয়ের ওপর o নির্দিষ্ট হারে

**৪৮২. অগ্রাধিকার শেয়ারমালিকদের কোম্পানির ওপর—**
K পূর্ণ নিয়ন্ত্রণ থাকে L ভোটাধিকার থাকে
M পুরোপুরি মালিকানা থাকে o নিয়ন্ত্রণ থাকে না

**৪৮৩. অগ্রাধিকার শেয়ারমালিকরা লভ্যাংশ পায় কীরূপে?**
o নির্দিষ্ট হারে L অনির্দিষ্ট হারে
M অধিক হারে N সমানুপাতিক হারে

**৪৮৪. আরমান গাজী কোম্পানির ১২% অগ্রাধিকার শেয়ার কিনেছেন। প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ছিল ১,০০০ টাকা। আরমান প্রতি শেয়ারে কত টাকা লভ্যাংশ পাবেন?**
K ১২ টাকা L ১০০ টাকা
o ১২০ টাকা N ১,০০০ টাকা

**৪৮৫. বিনিয়োগকারীদের দৃষ্টিকোণ থেকে অগ্রাধিকার শেয়ারের ক্ষেত্রে অসুবিধা হলো —**
i. সীমাবদ্ধ দায়
ii. সীমিত আয়
iii. ভোটাধিকারবিহীন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o ii ও iii M i ও iii N i, ii ও iii

**৪৮৬. অগ্রাধিকার শেয়ারে আয় কম হবার কারণ কী?**
K অনির্দিষ্ট সুদের হার থাকায়
o ঝুঁকি কম হওয়ায়
M ঝুঁকি বেশি হওয়ায়
N জামানতের পরিমাণ বেশি থাকায়

**৪৮৭. পুরাতন শেয়ারমালিকানা যে ধরনের শেয়ার ক্রয়ে অগ্রাধিকার পেয়ে থাকেন তাকে কী বলে?**
K সাধারণ শেয়ার L বোনাস শেয়ার
o রাইট শেয়ার N বিলম্বিত শেয়ার

**৪৮৮. বোনাস শেয়ার কিসের মাধ্যমে তৈরি করা হয়?**
K সঞ্চিতি তহবিল L সংরক্ষিত আয়
o অবণ্টিত মুনাফা N লভ্যাংশ

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৪৮৯ ও ৪৯০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব খালেদ মাধ্যমিক বাজারে বিনিয়োগের মাধ্যমে নির্দিষ্ট আয় করতে আগ্রহী কিন্তু তিনি ঝুঁকি নিতে চান না। এজন্য তিনি বিনিয়োগের বিভিন্ন খাত যাচাই করছেন।

**৪৮৯. জনাব খালেদের জন্য উপযোগী বিনিয়োগের খাত কোনটি?**
K সাধারণ শেয়ার L বোনাস শেয়ার
M আঙ্কিক মূল্যের শেয়ার o অগ্রাধিকার শেয়ার

**৪৯০. জনাব খালেদের জন্য উপযোগী শেয়ারের ক্ষেত্রে প্রযোজ্য উক্তি হলো—**
i. এতে অধিক আয় হয়
ii. আয় নির্দিষ্ট থাকে
iii. ঝুঁকি বেশি থাকে
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**বন্ড** ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৭১

**৪৯১. কোন ধরনের বিনিয়োগে ঝুঁকি সর্বাপেক্ষা কম?**
K সাধারণ শেয়ার o বন্ড
M অগ্রাধিকার শেয়ার N ডিবেঞ্চার

**৪৯২. দেশের অধিকাংশ কোম্পানি মূলধনের সংস্থান করে কোথা থেকে?**
o ব্যাংক থেকে L নিজস্ব তহবিল থেকে
M আত্মীয়স্বজন থেকে
N অলাভজনক প্রতিষ্ঠান থেকে

**৪৯৩. কোম্পানির ঋণদাতা হিসেবে কারা গণ্য হয়?**
K সাধারণ শেয়ারমালিকরা
L অগ্রাধিকার শেয়ারমালিকরা
o বন্ড মালিকরা N ডিবেঞ্চার মালিকরা

**৪৯৪. যে দলিল বা চুক্তিপত্রের মাধ্যমে কোম্পানি বিনিয়োগকারীদের থেকে ঋণ মূলধন সংস্থাপন করে তাকে কী বলে?**
K সাধারণ শেয়ার L বোনাস শেয়ার
M ডিবেঞ্চার o বন্ড

**৪৯৫. কোন ধরনের বিনিয়োগে নির্দিষ্ট পরিপক্বতার তারিখ থাকে?**
K সাধারণ শেয়ার o বন্ড
M রাইট শেয়ার N ডিবেঞ্চার

**৪৯৬. কোম্পানি কর্তৃক অর্জিত আয় থেকে সর্বপ্রথম কাদের সুদ প্রদান করা হয়?**
o বন্ড মালিকদের L ডিবেঞ্চার মালিকদের
M সাধারণ শেয়ারহোল্ডারদের
N অগ্রাধিকার শেয়ারহোল্ডারদের

**৪৯৭. বন্ডের বিনিয়োগকারীদের ঝুঁকি, ডিবেঞ্চার বিনিয়োগকারীদের তুলনায় কম থাকে কেন?**
K সুদের হার নির্দিষ্ট হওয়ার ফলে
o জামানত থাকার ফলে
M মুনাফার ওপর অধিকার থাকার ফলে
N নির্দিষ্ট সুদের হারের ফলে

**৪৯৮. বন্ড মালিকরা ক্রয়কৃত বন্ডকে কোন শেয়ারে রূপান্তর করতে পারে?**
o সাধারণ শেয়ারে L বোনাস শেয়ারে
M বিলম্বিত শেয়ারে N অগ্রাধিকার শেয়ারে

**৪৯৯. বন্ডের বিপরীতে কোম্পানি জামানত হিসেবে রাখে—**
i. স্থায়ী সম্পত্তি ii. দলিলপত্র
iii. সোনা-গহনা
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫০০. আবির জানে যে বিনিয়োগের হাতিয়ার হিসেবে শেয়ারের সাথে বন্ডের ভিন্নতা রয়েছে। এ ভিন্নতার মধ্যে অন্তর্ভুক্ত হলো—**
i. বন্ড মালিকরা কোম্পানির মালিক হিসেবে গণ্য হয়
ii. বন্ডে লিখিত মূল্য ফেরত পাওয়ার তারিখ থাকে
iii. রূপান্তরযোগ্য বন্ডকে সাধারণ শেয়ারে রূপান্তর করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii o ii ও iii N i, ii ও iii

**৫০১. কোম্পানি বিলুপ্তির পর সর্বপ্রথম কাদের পাওনা পরিশোধ করা হয়?**
K সাধারণ শেয়ারমালিকদের
o বন্ড মালিকদের
M অগ্রাধিকার শেয়ারমালিকদের
N ডিবেঞ্চার মালিকদের

**ডিবেঞ্চার** ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৭২

**৫০২. সব কোম্পানির ডিবেঞ্চার বিনিয়োগকারীরা ক্রয় করতে চায় না, কারণ কী?**
K সুদের হার কম L নিয়ন্ত্রণ করতে পারে না
M আয় নিয়মিত নয় o জামানত থাকে না

**৫০৩. বন্ড হতে ডিবেঞ্চার অধিক ঝুঁকিপূর্ণ, কারণ কী?**
K সুদের হার L সময় o জামানত N নিয়ন্ত্রণ

**৫০৪. ডিবেঞ্চার মালিকেরা কিসের সমান মর্যাদা ভোগ করে?**
K দেনাদার o পাওনাদার
M মালিক N পরিচালক

**৫০৫. কোম্পানির অর্জিত মুনাফা হতে বন্ড মালিকদের পর কাদের দাবি মেটানো হয়?**
K সাধারণ শেয়ারহোল্ডারদের
L অগ্রাধিকার শেয়ারহোল্ডারদের
M রাইট শেয়ারহোল্ডারদের
o ডিবেঞ্চার হোল্ডারদের

**৫০৬. ডিবেঞ্চারের সুবিধা কোনটি?**
K জামানতহীনতা L নিয়ন্ত্রণ
o নির্দিষ্ট সময় N অধিক লাভ

**৫০৭. ডিবেঞ্চারকে ঝুঁকিপূর্ণ খাত বলা হয় কেন?**
o জামানত না থাকায় L জামানত থাকায়
M সুদের হার বেশি হওয়ায়
N লভ্যাংশের পরিমাণ কম হওয়ায়

**বাংলাদেশের শেয়ারবাজার** ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৭৩

**৫০৮. স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত কোম্পানির শেয়ারগুলো কয় শ্রেণিতে ভাগ করা যায়?**
K ২ L ৩ M ৪ o ৫

**৫০৯. স্টক এক্সচেঞ্জে ক্রয়-বিক্রয় হয় —**
i. সাধারণ শেয়ার
ii. মিউচ্যুয়াল ফান্ড
iii. ডিবেঞ্চার ও বন্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

**৫১০. কোন প্রতিষ্ঠান সাধারণ জনগণ থেকে কোম্পানিকে তহবিল সংগ্রহে সাহায্য করে?**
o স্টক এক্সচেঞ্জ L SEC
M অর্থ মন্ত্রণালয় N বাণিজ্য মন্ত্রণালয়

**৫১১. বাংলাদেশের স্টক এক্সচেঞ্জের বৈশিষ্ট্য হলো—**
i. এখানে প্রত্যক্ষভাবে ব্রোকাররা লেনদেনে অংশগ্রহণ করে
ii. এখানে সিকিউরিটিজের মূল্য চাহিদা ও যোগান অনুযায়ী ওঠা-নামা করে
iii. এখানে শুধু তালিকাভুক্ত কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় হয়
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫১২. বাংলাদেশের কোথায় শেয়ারবাজার রয়েছে?**
o ঢাকা ও চট্টগ্রাম L ঢাকা ও খুলনায়
M ঢাকা ও সিলেটে N ঢাকা ও রাজশাহীতে

**৫১৩. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে কতটি সূচক ব্যবহার করা হয়?**
K ২ o ৩ M ৪ N ৫

**৫১৪. শেয়ারবাজারের সূচক কীরূপ?**
K ধ্রুবক L অপরিবর্তনীয়
o পরিবর্তনশীল N স্থিতিশীল

**৫১৫. শেয়ারবাজারের সূচক কয়দিন পরপর ওঠানামা করে?**
K ২ দিন পর L ১ দিন পর
o প্রতিদিন N অর্ধ দিবস পরে

**৫১৬. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ব্যবহৃত সূচক হলো—**
i. ডিএসই সকল শেয়ার মূল্য সূচক
ii. সিএসসি এক্স সূচক
iii. সি এসই ৩০ সূচক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o ii ও iii M i ও iii N i, ii ও iii

**৫১৭. শেয়ারের দামের সাথে সূচকের সম্পর্ক কীরূপ?**
o সমমুখী L বিপরীতমুখী M শূন্য N অসীম

**৫১৮. সূচকের উঠানামা কী সম্পর্কে তথ্য দেয়?**
K বাতাসের গতি o বাজারের
M শেয়ারের গতি N স্টকের গতি

**৫১৯. যে কোনো দেশের অর্থনীতিতে মূলধন সংগ্রহের বাজার হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে —**
o শেয়ারবাজার L শেয়ার হাট
M শেয়ার ম্যানেজার N শেয়ার বোর্ড

**৫২০. শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কোনটি অধিক প্রয়োজন?**
K প্রচুর টাকা L অনেক বুদ্ধি
M অভিজ্ঞতা o সঠিক ধারণা

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৫২১ ও ৫২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাবিব 'বান্ধব' কোম্পানির প্রথমবারের মতো শেয়ার বিক্রির প্রস্তাব দেখে আকৃষ্ট হয়ে তা ক্রয় করেন। কয়েক বছর পর তার আর্থিক সংকট দেখা দিলে তিনি তা বিক্রি করতে বাজারে যেতে চাচ্ছেন।

**৫২১. জনাব হাবিব 'বান্ধব' কোম্পানির শেয়ার কোথা থেকে সংগ্রহ করেছেন?**
K কোম্পানির প্রধান অফিস
L সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
o প্রাথমিক বাজার N সেকেন্ডারি বাজার

**৫২২. শেয়ার বিক্রির জন্য জনাব হাবিবের কোন বাজার যুক্তিসঙ্গত হবে?**
K কোম্পানির প্রধান অফিস
L সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
M প্রাথমিক বাজার o সেকেন্ডারি বাজার

### শেয়ারে বিনিয়োগ পদ্ধতি ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৭৪

**৫২৩. যে বাজারে বিনিয়োগকারীরা নিজেদের মধ্যে শেয়ার ক্রয় বিক্রয় করে সেই বাজারকে বলে—**
K প্রাথমিক বাজার L Initial Market
o Secondary Market N তৃতীয় বাজার

**৫২৪. লাভের যে অংশ শেয়ারমালিকদের মধ্যে বণ্টন করা হয় সেই অংশকে বলে?**
K সুদ o লভ্যাংশ M মুনাফা N জামানত

**৫২৫. কোম্পানি কতভাবে লভ্যাংশ দিতে পারে?**
o ২ L ৩ M ৪ N ৫

**৫২৬. শেয়ারবাজারে বিনিয়োগের পূর্বে কোম্পানির আর্থিক বিবরণী থেকে বিশ্লেষণ করতে হবে—**
i. শেয়ার প্রতি আয়
ii. ব্যবসায়ের ধরন
iii. কোম্পানির ব্যবস্থাপনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

**৫২৭. বিনিয়োগকারীদের নিকট বিনিয়োগ হাতিয়ার হিসেবে বিবেচিত হয় কোম্পানি কর্তৃক ইস্যুকৃত –**
i. শেয়ার ii. বন্ড iii. ডিবেঞ্চার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii o i, ii ও iii

**৫২৮. কোম্পানি যে বাজারে শেয়ার বিক্রির প্রথম প্রস্তাব করে সে বাজারকে কী বলা হয়?**
K প্রথম প্রস্তাব o প্রাথমিক বাজার
M প্রথম বাজার N সেকেন্ডারি বাজার

**৫২৯. বিনিয়োগকারীরা যে বাজারে নিজেদের মধ্যে শেয়ার ক্রয়-বিক্রয় করে সে বাজারকে কী বলে?**
o সেকেন্ডারি বাজার L প্রাথমিক বাজার
M প্রথম বাজার N স্টক বাজার

**৫৩০. তিতাস লি.-এর বাজারে শেয়ার বিক্রির প্রস্তাব দেখে লিমা তা কেনার আবেদন করেছেন। লিমা কোন বাজার থেকে শেয়ার কিনতে চাচ্ছেন?**
K মাধ্যমিক বাজার L অর্থবাজার
o প্রাথমিক বাজার N বিনিয়োগ বাজার

**৫৩১. যে আর্থিক সংস্থার মাধ্যমে দেশের পাবলিক লিমিটেড কোম্পানিসমূহের শেয়ার ও ঋণপত্র ক্রয়-বিক্রয় করা হয় তাকে কী বলে?**
K কেন্দ্রীয় ব্যাংক o শেয়ারবাজার
M ব্যবসায়ের অর্থসংস্থান N প্রাইভেট কোম্পানি

### লভ্যাংশ ও লভ্যাংশ নীতি ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ৭৪

**৫৩২. নগদ টাকায় পরিশোধকৃত লভ্যাংশকে বলে—**
o নগদ লভ্যাংশ L স্টক লভ্যাংশ
M সুদ লভ্যাংশ N মুনাফা লভ্যাংশ

**৫৩৩. কোম্পানি কোন শেয়ারের ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ দিয়ে থাকে?**
o ইস্যুকৃত L তলবকৃত
M আদায়কৃত N সবগুলো

**৫৩৪. সাধারণত বড় এবং সচ্ছল কোম্পানি শেয়ারের—**
i. তারল্য বেশি হয় ii. তারল্য কম হয়
iii. লভ্যাংশ বেশি আসে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii o i ও iii N i, ii ও iii

**৫৩৫. কোম্পানি কোন শেয়ারের ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ দিয়ে থাকে?**
o ইস্যুকৃত L তলবকৃত
M আদায়কৃত N সবগুলো

**৫৩৬. কোম্পানি লভ্যাংশ দিতে পারে যে উপায়ে তা হলো—**
i. নগদ লভ্যাংশ ii. সীমিত লভ্যাংশ
iii. বোনাস লভ্যাংশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii o i ও iii N i, ii ও iii

**৫৩৭. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে কোম্পানির বর্তমান বছরে যে লভ্যাংশ দিয়েছে, ভবিষ্যৎ বছরগুলোতে কীরূপ লভ্যাংশ দিবে?**
K বেশি L কম o সমান N অর্ধেক

**৫৩৮. মুনাফার যে অংশ শেয়ারমালিকদের মধ্যে বণ্টন করা হয় সে অংশকে কী বলে?**
K সম্পত্তি L দলিলপত্র o লভ্যাংশ N সুনাম

**৫৩৯. পারিজাত লি. ২০১২ সালে ১৫% নগদ লভ্যাংশ ঘোষণা করেছে। শান্তার ঐ কোম্পানির ১০০ টাকা মূল্যের ১০০ শেয়ার রয়েছে। সে কত টাকা লভ্যাংশ পাবে?**
K ১,০০০ টাকা L ১,৫০০ টাকা
o ১৫,০০০ টাকা N ১,৫০,০০০ টাকা

**৫৪০. লভ্যাংশ প্রদানের জন্যে সুনির্দিষ্ট দিক-নির্দেশনাকে কী বলে?**
K লভ্যাংশ রীতি L লভ্যাংশ সিদ্ধান্ত
M মুনাফা নীতি o লভ্যাংশ নীতি

**৫৪১. প্রতিবছর অর্জিত লাভ থেকে সমপরিমাণ টাকা দেওয়া হয় কোন নীতিতে?**
o স্থিতিশীল লভ্যাংশ নীতিতে
L অনুপাত লভ্যাংশ নীতিতে
M স্থির লভ্যাংশের সাথে অতিরিক্ত লভ্যাংশ নীতিতে
N স্টক লভ্যাংশ নীতিতে

৮১০. ব্যাংক ও গ্রাহকের মধ্যকার অছির সম্পর্ক কোন ধরনের হয়?
K মুনাফাভিত্তিক o আইনগত
M প্রতিনিধির N অংশীদারিত্বের

**৮১১. গ্রাহকের সম্পত্তির বিপরীতে ব্যাংক কোন ধরনের ঋণ দিয়ে থাকে?**
K ক্ষুদ্র L স্বল্পমেয়াদি
o বন্ধকী N দীর্ঘমেয়াদি

**৮১২. মক্কেলের প্রতিনিধি হিসেবে ব্যাংক কোন কাজটি করে থাকে?**
K ঋণ প্রদান L সম্পত্তি সংরক্ষণ
M ডিপোজিট গ্রহণ o দেনা-পাওনা নিষ্পত্তি

**৮১৩. ব্যাংক তার সঞ্চয়ী ও চলতি হিসাবে আমানতকারীর অর্থ দীর্ঘমেয়াদে বিনিয়োগ করতে পারে না কেন?**
K আইনানুগভাবে অবৈধ বলে
L বাংলাদেশ ব্যাংকের নিষেধ আছে বলে
o গ্রাহক যে-কোনো সময়ে আমানতকৃত অর্থ উত্তোলন করতে পারে
N দীর্ঘমেয়াদে বিনিয়োগ লাভজনক নয় বলে

**৮১৪. ব্যাংক গ্রাহকের প্রতিনিধি হিসেবে কাজ করে—**
i. গ্রাহকের পক্ষে দেনা পরিশোধে
ii. গ্রাহকের পক্ষে ঋণ বিতরণে
iii. গ্রাহকের পক্ষে পাওনা আদায়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮১৫. একজন ব্যবসায়ী হিসাব খোলার ক্ষেত্রে ব্যাংক বাছাইয়ে যে সকল বিষয় বিবেচনা করে তা হল—**
i. ব্যাংকের আর্থিক সামর্থ্য
ii. ঋণ সুবিধা
iii. নিরাপত্তা ব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

**গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১১৩**

**৮১৬. ব্যাংকিং ব্যবসায়ের কী অনুযায়ী গ্রাহকের স্বার্থ রক্ষা ব্যাংকের জন্য একটি পবিত্র দায়িত্ব হিসেবে গণ্য হয়?**
K উদ্দেশ্য L কার্যাবলি
M প্রয়োজনীয়তা o মূলনীতি

**৮১৭. সাধারণভাবে ব্যাংক গ্রাহকের টাকা ফেরত দিতে বাধ্য থাকে—**
K চুক্তি অনুযায়ী o যথাযথ প্রক্রিয়ায় চাহিবামাত্র
M হিসাব অনুযায়ী N নির্দিষ্ট দিনে চাহিবামাত্র

**৮১৮. ব্যাংক তার মক্কেলের প্রাপ্য সুদ কীভাবে তার হিসাবে জমা করে?**
K চেকের মাধ্যমে L আদেশ জারির মাধ্যমে
o স্বয়ংক্রিয়ভাবে N পদ্ধতিগতভাবে

**৮১৯. গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব হলো—**
i. অর্থ ফেরত
ii. হিসাবের গোপনীয়তা
iii. সুদ আদায়
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮২০. চেকের মাধ্যমে টাকা তোলা হয় কোন হিসাবে?**
K পেনশন হিসাবে o সঞ্চয়ী হিসাবে
M স্থায়ী হিসাবে N মেয়াদি হিসাবে

**৮২১. গ্রাহক ব্যাংক থেকে তার জমাকৃত অর্থ উত্তোলন করতে পারে—**
i. ব্যাংক ম্যানেজারের অনুমতির মাধ্যমে
ii. চাহিবামাত্র
iii. গ্রাহকের আদেশ অনুযায়ী প্রাপকের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮২২. কার নির্দেশে ব্যাংক তার আমানতকারীর অর্থ ব্যবহার করার অধিকার পায়?**
K পাওনাদারের নির্দেশে o আমানতকারীর নির্দেশে
M বাংলাদেশ ব্যাংকের নির্দেশে N আদালতের নির্দেশে

**৮২৩. কোনটি অনুযায়ী ব্যাংক ঋণের সুদ ও আসল প্রদান করা ব্যাংকের দায়িত্ব?**
o চুক্তি L মুনাফা M উদ্দেশ্য N লক্ষ্য

**৮২৪. ব্যাংক তার মক্কেলের সুদ কীভাবে তার হিসাবে জমা রাখে?**
K অন্য শাখার সাহায্যে o স্বয়ংক্রিয়ভাবে
M তৃতীয় পক্ষের সাহায্যে N মক্কেলের সাহায্যে

**৮২৫. গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব হলো—**
i. অর্থ ফেরত
ii. হিসাবের গোপনীয়তা
iii. সুদ আদায়
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮২৬. কেন ব্যাংক গ্রাহকের হিসাব সম্পর্কিত তথ্য প্রকাশ করা থেকে বিরত থাকে?**
o পাওনাদারের নির্দেশে L গ্রাহকের নির্দেশে
M কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশে N আইনগত নির্দেশে

**৮২৭. সোনালী ব্যাংকের যাত্রাবাড়ী শাখায় ভোল্ট থেকে টাকা উধাও। এর ফলে ব্যাংকের প্রতি গ্রাহকদের মনোভাব কী?**
o অস্থাহীনতা L অদক্ষতা
M প্রশাসনিক দুর্বলতা N সম্পত্তি সংরক্ষণে অপারগতা

**৮২৮. কে গ্রাহকের টাকা চাহিবামাত্র ফেরত দিতে বাধ্য থাকে?**
K সরকার L সরকারের মন্ত্রণালয়
M কর কর্তৃপক্ষ o ব্যাংক

**ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১১৪**

**৮২৯. কোন হিসাবের জমাতিরিক্ত উত্তোলন হলে ঋণগ্রহীতার কাছ থেকে ব্যাংক সুদ কেটে নেয়?**
K সঞ্চয়ী হিসাব o চলতি হিসাব
M স্থায়ী হিসাব N চলতি ও স্থায়ী হিসাব

**৮৩০. সাধারণত কোন ধরনের চেককে দাগকাটা চেক বলা হয়?**
K বাহক চেক o হুকুম চেক
M ব্যক্তিগত চেক N প্রাতিষ্ঠানিক চেক

**৮৩১. যে ধরনের চেকে নগদে অর্থ পরিশোধের কোনো সুযোগ নেই তাকে বলে—**
i. বাহক চেক
ii. হুকুম চেক
iii. দাগকাটা চেক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮৩২. ব্যাংক যে ক্ষেত্রে চেকের বাহককে নগদ অর্থ দিতে বাধ্য থাকে তাকে বলে—**
o বাহক চেক L হুকুম চেক
M দাগহীন চেক N দাগকাটা

**৮৩৩. যে ধরনের চেক গ্রাহকের আদেশ অনুযায়ী নির্দিষ্ট প্রাপককে ব্যাংকের হিসাবের মাধ্যমে পরিশোধ করে তাকে কী বলে?**
K বাহক চেক o হুকুম চেক
M প্রাপ্য বিল N প্রদেয় বিল

**৮৩৪. কোন হিসাবের জমাতিরিক্ত উত্তোলন হলে ঋণগ্রহীতার কাছ থেকে ব্যাংক সুদ কেটে নেয়?**
K সঞ্চয়ী হিসাব o চলতি হিসাব
M স্থায়ী হিসাব N চলতি ও স্থায়ী হিসাব

**৮৩৫. মক্কেলের মৃত্যু হলে ব্যাংক হিসাবের কী হয়?**
K হিসাব খোলা থাকে o হিসাব বন্ধ হয়ে যায়
M হিসাব চালু থাকে N হিসাব বন্ধ হয় না

**৮৩৬. কোন ধরনের হিসাবে ব্যাংক কোনো লাভ বা সুদ দেয় না?**
o চলতি L বিশেষ চলতি
M সঞ্চয়ী N স্থায়ী

**৮৩৭. গ্রাহক আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে ব্যাংক হিসাব কী হয়?**
o চুক্তির পরিসমাপ্তি হয় L চুক্তি বজায় থাকে
M হিসাব খোলা থাকে N হিসাব চালু থাকে

**৮৩৮. ব্যাংক পাস বই থেকে কী জানা যায়?**
o সমাপনী জের L মনোনীত ব্যক্তির নাম
M নমুনা দস্তখত N হিসাব গ্রহীতার বিবরণ

**৮৩৯. কোন ধরনের হিসাবে ব্যাংক কোনো লাভ বা সুদ দেয় না?**
o চলতি L বিশেষ চলতি M সঞ্চয়ী N স্থায়ী

**৮৪০. কোন ধরনের হিসাব মালিককে ব্যাংক চেক বই সরবরাহ করে না?**
K সঞ্চয়ী L চলতি
M বিশেষ চলতি o স্থায়ী

**৮৪১. সবচেয়ে কম পরিমাণ অর্থ দিয়ে নিচের কোন হিসাব খোলা যায়?**
K চলতি হিসাব L বিশেষ চলতি হিসাব
o সঞ্চয়ী হিসাব N আমানত হিসাব

**৮৪২. প্রায়শই ঋণ সুবিধা প্রত্যাশা করেন এমন একজন ব্যক্তির জন্য কোন ধরনের হিসাব উত্তম?**
K সঞ্চয়ী L বিশেষ সঞ্চয়ী o চলতি N স্থায়ী

**৮৪৩. চেকের প্রস্তুতকারককে কী বলে?**
K প্রাপক L অনুমোদনকারী
o আদেষ্টা N আদিষ্ট

**৮৪৪. একটা চেকে টাকার পরিমাণ কত বার লেখা হয়?**
K ১ o ২ M ৩ N ৪

**৮৪৫. মক্কেলের চেক অংকনের সময় কোন ধরনের সতর্কতা অবলম্বন করতে হয়?**
i. সঠিক স্বাক্ষর ii. সঠিক তারিখ
iii. চেকে লিখিত টাকা হিসাবে জমা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii o i, ii ও iii

**৮৪৬. প্রস্তুত তারিখের কত মাস পর কোনো চেক বাসি চেক বলে পরিগণিত হয়?**
K ৩ L ৪ M ৫ o ৬

**৮৪৭. চেকের উল্টো পৃষ্ঠায় প্রাপককে কয়টি স্বাক্ষর দিতে হয়?**
K ১টি o ২টি M ৩টি N ৪টি

**৮৪৮. কিসের মাধ্যমে ব্যাংক থেকে সরাসরি টাকা উত্তোলন করা যায়?**
o চেক L পে-অর্ডার
M ডেবিট ভাউচার N ব্যাংক ড্রাফট

**৮৪৯. কোনটি ব্যাংক তহবিলের উৎস নয়?**
K আমানত L ঋণ গ্রহণ
o বিনিয়োগ N মূলধন

**৮৫০. কোনটি হস্তান্তরযোগ্য বিনিময় বিল?**
K ঋণের দলিল L পাশ বই
o চেক N আদেশনামা

**৮৫১. বিশেষভাবে দাগকাটা চেকে কী উল্লেখ করা হয়?**
K প্রাপকের নাম o ব্যাংকের নাম
M এ্যান্ড কোং N হস্তান্তরযোগ্য নয়

**৮৫২. কোন চেকে দাগকাটা হয় না?**
K খোলা চেকে o ফাঁকা চেকে
M ব্যক্তি চেকে N দাগবিহীন চেকে

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮৫৩ থেকে ৮৫৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মিলন চেকের প্রাপক। সে চেক ভাঙাতে গেলে ব্যাংক চেকটি তার যেকোনো ব্যাংকের হিসাবে জমা দিতে বলে। অথচ টাকা তার দ্রুত প্রয়োজন।

**৮৫৩. মিলন যে চেকটি পেয়েছিল তা কোন ধরনের চেক?**
o সাধারণভাবে দাগকাটা চেক L বিশেষভাবে দাগকাটা চেক
M বাহকের চেক N হুকুম চেক

**৮৫৪. মিলন চেকের অর্থ দ্রুত কীভাবে পেতে পারে?**
K ব্যাংক থেকে চেক বাট্টা করে
L চেক ফেরত দিয়ে নগদ অর্থ দাবি করে
o আদেষ্টার অনুস্বাক্ষরে দাগ অপসারণ করিয়ে নিয়ে
N আদেষ্টাকে চেক ভাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করে

**৮৫৫. বাহক চেক ও হুকুম চেকের মধ্যে যে পার্থক্য রয়েছে তা হলো—**
i. উভয় চেকে প্রাপকের নাম উল্লেখ আবশ্যক নয়
ii. উভয় চেকেই দাগকাটা যায়
iii. উভয় চেকেই আদেষ্টাকে স্বাক্ষর দিতে হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii o ii ও iii N i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮৫৬ ও ৮৫৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সজল BRAC ব্যাংকের ইস্যু করা ২ লাখ টাকার একটি দাগকাটা চেক নিয়ে সরাসরি টাকা উত্তোলন করতে গেলে ব্যাংক অর্থ প্রদান না করে তার হিবে জমা করতে বললে তিনি অগ্রণী ব্যাংক কাওয়ান বাজার শাখায় তার হিসাবে জমা দিলেন।

**৮৫৬. কোন ধরনের চেকের টাকা সরাসরি উত্তোলন করা যায় না?**
K বাহক চেক L হুকুম হেক
o দাগকাটা চেক N বাসি চেক

**৮৫৭. BRAC ব্যাংক ও অগ্রণী ব্যাংকের মধ্যকার লেনদেন নিষ্পত্তিতে কার সহযোগিতা অপরিহার্য?**
K BRAC ব্যাংকের L অগ্রণী ব্যাংকের
o নিকাশঘরের N সরকারের

### ব্যাংক হিসাবের গোপনীয়তা এবং এ সংক্রান্ত তথ্য ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১১৫

**৮৫৮. দীর্ঘকালীন লেনদেন চালু না রাখা হলে ব্যাংক তার মক্কেলের হিসাবের বিষয়ে কী সিদ্ধান্ত নেয়?**
K হিসাব চালু রাখে o হিসাব বন্ধ করে দেয়
M হিসাব চালু রাখতে নোটিশ দেয়
N আদালতের শরণাপন্ন হয়

**৮৫৯. ব্যাংক এবং গ্রাহকের মধ্যকার সম্পর্কের পরিসমাপ্তি ঘটে—**
i. ব্যাংক ও মক্কেলের নিজস্ব সিদ্ধান্তে
ii. যুদ্ধজনিত কারণে শত্রুতায়
iii. সিক্রেট অর্ডার জারি হলে
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮৬০. আদালত গারনিশি অর্ডার জারি করলে ব্যাংক কী করবে?**
K পাওনাদারের পাওনা পরিশোধ করবে
o গ্রাহকের হিসাব বন্ধ করে দিবে
M গ্রাহকের সাথে লেনদেন সচল রাখবে
N দেনাদারের নিকট হতে পাওনা আদায় করবে

**৮৬১. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহকের আবশ্যকীয় কর্তব্য হলো —**
o সঠিক তথ্য প্রদান L ভুল তথ্য প্রদান
M নাম পরিবর্তন করা N ঠিকানা পরিবর্তন করা

**৮৬২. মানসিক ভারসাম্যহীন ব্যক্তির ব্যাংক হিসাবের সমাপ্তি ঘটে কেন?**
K নিয়মিত ব্যাংকে যেতে পারবেন না বলে
o আইনগতভাবে চুক্তি সম্পাদনের অধিকার নেই বলে
M দেখাশুনার জন্য অন্যের ওপর নির্ভরশীল হতে হয় বলে
N সামাজিকভাবে একঘরে থাকে বলে

**৮৬৩. আদালত কর্তৃক মক্কেলের ওপর কোন অর্ডার জারি করা হলে ব্যাংক তার মক্কেলের হিসাব সাময়িক বা সম্পূর্ণভাবে বন্ধ করে দিতে বাধ্য থাকে?**
K ডিসমিস অর্ডার L সিক্রেট অর্ডার
o গারনিশি অর্ডার N আবসি অর্ডার

**৮৬৪. কোন পরিস্থিতিতে ব্যাংক নিজেই গ্রাহকের সাথে সম্পর্কের অবসান ঘটাতে পারে?**
o গ্রাহক সততার নীতি মেনে না চললে
L ভুল বোঝাবুঝির কারণে
M গারনিশি অর্ডার জারি করলে
N হিসাবের পূর্ণ জের স্থানান্তর করলে

**৮৬৫. কে গারনিশি অর্ডার জারি করে?**
o আদালত L ব্যাংক
M পাওনাদার N বাংলাদেশ ব্যাংক

**৮৬৬. কোন পরিস্থিতিতে ব্যাংক নিজেই গ্রাহকের সাথে সম্পর্কের অবসান ঘটাতে পারে?**
o গ্রাহক সততার নীতি মেনে না চললে
L ভুল বোঝাবুঝির কারণে
M গারনিশি অর্ডার জারি করলে
N হিসাবের পূর্ণ জের স্থানান্তর করলে

**৮৬৭. ব্যাংকের নিকট হতে গ্রাহক ঋণ নিলে—**
i. ব্যাংক ক্রেডিটর হয় ii. গ্রাহক ডেটর হয়
iii. সততা ও বিশ্বাস বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮৬৮. গ্রাহকের হিসাবের ওপর গারনিশি অর্ডার জারি করলে ব্যাংকের করণীয় কী?**
K ক্ষতিপূরণ দাবি করা
L আংশিক লেনদেন চালু রাখা
M নতুন হিসাব খোলার নির্দেশ দেয়া
o হিসাব বন্ধ করে দেয়া

**৮৬৯. কোম্পানির ব্যাংক হিসাব বন্ধ করার ক্ষেত্রে কী প্রয়োজন হয়?**
K চেক বই L পাসবই
M ডেবিট কার্ড
o অনুমোদিত সভার অনুরোধ পত্র

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৮৭০ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
দীর্ঘদিন যাবত চালানোর পর বিদেশে স্থায়ীভাবে গমনের উদ্দেশ্যে মিসেস সাদিয়া তার সকল প্রকার ব্যাংক লেনদেন বন্ধ করেন।

**৮৭০. কী কারণে মিসেস সাদিয়ার সাথে ব্যাংকের সম্পর্কের অবসান ঘটে?**
K আদালত কর্তৃক ঘোষিত সিদ্ধান্তের কারণে
L ব্যাংকের সিদ্ধান্ত অনুযায়ী
M দীর্ঘকাল লেনদেন না করার কারণে
o মক্কেলের নিজস্ব সিদ্ধান্ত অনুযায়ী

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৮৭১ ও ৮৭২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
ইকরাম সাহেব স্বপরিবারে লন্ডন চলে যাবেন। তাই HSBC ব্যাংক তার নির্দেশনা সাপেক্ষে হিসাবের সম্পূর্ণ জের তার বন্ধু আশিকের হিসাবে স্থানান্তর করল।

**৮৭১. ইকরাম সাহেবের নির্দেশনার ফলাফল কী হবে?**
K ইকরাম সাহেব নতুন হিসাব খুলবে
L ইকরাম সাহেবের হিসাব চলমান থাকবে
o ইকরাম ও ইস্ট ব্যাংকের সম্পর্কের অবসান ঘটবে
N ব্যাংকের বিদেশস্থ শাখায় হিসাব স্থানান্তরিত হবে

**৮৭২. ইকরাম হিসাব হস্তান্তরের মাধ্যমে—**
i. ইস্ট ব্যাংক ও ইকরামের সম্পর্কের অবসান ঘটবে
ii. ইকরামের হিসাব বন্ধ হয়ে যাবে
iii. ইস্ট ব্যাংক ইকরাম নামে নতুন হিসাব খুলবে
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৮৭৩ ও ৮৭৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মি. খলিল একজন ব্যবসায়ী। তার প্রাইম ব্যাংকে একটি হিসাব আছে। তিনি ব্যাংকের নিকট হতে সাভারের বাড়ির বিপরীতে ৩ বছর মেয়াদি একটি ঋণ নেয়। কিন্তু ব্যবসায়ে লোকসানের কারণে তিনি সময়মতো ঋণ পরিশোধ করতে পারেন নি।

**৮৭৩. খলিল সাহেবের গৃহীত ঋণ কোন ধরনের?**
K ক্ষুদ্র ঋণ L স্বল্প মেয়াদি ঋণ
o বন্ধকী ঋণ N সাধারণ ঋণ

**৮৭৪. খলিল সাহেব তার পাওনা পরিশোধ করতে না পারায় প্রাইম ব্যাংক তার পাওনা উদ্ধার করতে পারে —**
i. বন্ধকি সম্পত্তি ক্রোকের মাধ্যমে
ii. বাংলাদেশ ব্যাংকের নিকট হতে অনুদান প্রাপ্তির মাধ্যমে
iii. বন্ধকি সম্পত্তি বিক্রির মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

## অধ্যায় ১৩ কেন্দ্রীয় ব্যাংক

### কেন্দ্রীয় ব্যাংকের ধারণা : ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১১৯

**৮৭৫. জাতীয় ব্যাংক হিসেবে কেন্দ্রীয় ব্যাংক গঠন করার প্রধান কারণ কী?**
K সরকারের আর্থিক নীতি বাস্তবায়ন
L ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ
M অর্থনৈতিক প্রবৃদ্ধি
o রাষ্ট্রীয় ব্যবস্থার সংহতিকরণ

**৮৭৬. কত শতকে মুদ্রা বাজার নিয়ন্ত্রণের প্রয়োজন দেখা দেয়?**
K সপ্তদশ o উনবিংশ
M দ্বাদশ N ত্রয়োদশ

**৮৭৭. কত শতাব্দীতে পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার ব্যাংকের আবির্ভাব ঘটেছে?**
K সপ্তদশ শতাব্দীতে o সপ্তদশ শতাব্দীর মাঝে
M সপ্তদশ শতাব্দীর প্রথমে N সপ্তদশ শতাব্দীর শেষে

**৮৭৮. 'কেন্দ্রীয় ব্যাংক হচ্ছে ব্যাংকিং সমাজের নেতা, রাজা ও সূর্য সবকিছু। নেতার মতো ব্যাংকিং রাজত্ব শাসন করে এবং সূর্যের মতো (অর্থ ও মুদ্রাবাজারে) জগতে আলো ও শক্তি দেয়।'— সংজ্ঞাটি কে দিয়েছেন?**
K অধ্যাপক সেয়ার্স L অধ্যাপক কিসচ
o ড. এস.এন. সেন N অধ্যাপক এলকিন

### কেন্দ্রীয় ব্যাংকের উদ্দেশ্য ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১১৯

**৮৭৯. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক —**
K সেন্ট্রাল ব্যাংক o বাংলাদেশ ব্যাংক
M ন্যাশনাল ব্যাংক N বিশ্ব ব্যাংক

**৮৮০. বাণিজ্যিক ব্যাংকের পর্যাপ্ত হারে ঋণ সরবরাহ নিশ্চিত করে অর্থ বাজারকে স্থিতিশীল করা কেন্দ্রীয় ব্যাংকের কী ধরনের উদ্দেশ্য?**
K বিশেষ উদ্দেশ্য L অন্যতম উদ্দেশ্য
M প্রধান উদ্দেশ্য o গুরুত্বপূর্ণ উদ্দেশ্য

**৮৮১. বাংলাদেশের কোন ব্যাংক নোট ও মুদ্রার প্রচলন করে থাকে?**
K সোনালী ব্যাংক L অগ্রণী ব্যাংক
M রূপালী ব্যাংক o বাংলাদেশ ব্যাংক

**৮৮২. বৈদেশিক মুদ্রার ওপর নিয়ন্ত্রণ অপরিহার্য কেন?**
K ব্যবসায়িক অবস্থা নিয়ন্ত্রণের জন্যে
L বিনিয়োগ ব্যাংকসমূহকে অর্থনীতির অনুকূলে রাখতে
M অভ্যন্তরীণ বাণিজ্যে সফলতার জন্যে
o আমদানি ও রপ্তানিকে অর্থনীতির অনুকূলে রাখতে

**৮৮৩. দেশের অন্যান্য ব্যাংকের প্রতি কেন্দ্রীয় ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী?**
K ঋণদানে সহায়তা করা
o পথপ্রদর্শক হিসেবে কাজ করা
M সম্পদের সুসম বণ্টন নিশ্চিত করা
N মূল্যস্তর স্থিতিশীল রাখা

**৮৮৪. কোন ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয়?**
K বাণিজ্যিক ব্যাংক L তালিকাভুক্ত ব্যাংক
M বিনিময় ব্যাংক o কেন্দ্রীয় ব্যাংক

**৮৮৫. কেন্দ্রীয় ব্যাংক নোট ও মুদ্রা প্রচলন ব্যতীত আর কোন কাজটি করে?**
K পরিচালনা L শাসন ব্যবস্থা
M প্রচারণা o নিয়ন্ত্রণ

**৮৮৬. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে দেশীয় মুদ্রার মান অক্ষুণ্ন রাখে?**
K নোট ও মুদ্রা প্রচলন করে
o বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ করে
M সরকারকে পরামর্শ দিয়ে
N সম্পদের সুসম বণ্টন করে

**৮৮৭. কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংককে ঋণ প্রদান করে কেন?**
o মূলধন সরবরাহের উদ্দেশ্যে
L ব্যবসায়িক উদ্দেশ্যে
M দেশের কল্যাণের উদ্দেশ্যে
N আন্তর্জাতিক উদ্দেশ্যে

**৮৮৮. বাংলাদেশের কোন ব্যাংক নোট ও মুদ্রার প্রচলন করে থাকে?**
K সোনালী ব্যাংক L অগ্রণী ব্যাংক
M রূপালী ব্যাংক o বাংলাদেশ ব্যাংক

**৮৮৯. কোন ব্যাংক সকল ব্যাংকের পথ প্রদর্শক?**
K মিশ্র ব্যাংক L একক ব্যাংক
o কেন্দ্রীয় ব্যাংক N আন্তর্জাতিক ব্যাংক

**৮৯০. কেন্দ্রীয় ব্যাংকের উদ্দেশ্য হলো—**
i. অর্থনৈতিক উন্নয়ন ii. তহবিল সংরক্ষণ
iii. মুদ্রার মান নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

### কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১২০

**৮৯১. কেন্দ্রীয় ব্যাংক কীসের মাধ্যমে এক ব্যাংকের সাথে আরেক ব্যাংকের লেনদেন নিষ্পত্তি করে?**
K সালিশ কেন্দ্র o নিকাশঘর
M কমিটি N পর্ষদ

**৮৯২. নতুন ব্যাংক অনুমতি ও তালিকাভুক্তির কাজটি কে করে?**
K তালিকাভুক্ত ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
o বাংলাদেশ ব্যাংক N সমবায় ব্যাংক

**৮৯৩. নতুন ব্যাংক অনুমতি ও তালিকাভুক্তির কাজটি কে করে?**
K তালিকাভুক্ত ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
o বাংলাদেশ ব্যাংক N সমবায় ব্যাংক

৮৯৪. **কেন্দ্রীয় ব্যাংকের আরেকটি অন্যতম কাজ কী?**
o মূল্যস্তর স্থিতিশীল রাখা L ব্যাংক ব্যবস্থার উন্নয়ন
M নোট ও মুদ্রা প্রচলন N ঋণ নিয়ন্ত্রণ

৮৯৫. **কোনটি কেন্দ্রীয় ব্যাংকের সাধারণ কার্যাবলির অন্তর্ভুক্ত?**
K তহবিল সংরক্ষণ o মুদ্রার ক্রয়ক্ষমতা নিয়ন্ত্রণ
M কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি N সহজ বিনিময় মাধ্যম সৃষ্টি

৮৯৬. **বাংলাদেশ ব্যাংকের পূর্ব নাম কী?**
o স্টেট ব্যাংক অব পাকিস্তান
L স্টেট ব্যাংক অব ইস্ট পাকিস্তান
M দি ব্যাংক অব ইস্ট পাকিস্তান
N দি ব্যাংক অব বাংলাদেশ

৮৯৭. **কেন্দ্রীয় ব্যাংক কোন পদ্ধতির মাধ্যমে ঋণ নিয়ন্ত্রণ করে?**
i. ব্যাংক হার নীতি
ii. জমার হার পরিবর্তন
iii. নৈতিক প্ররোচনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

৮৯৮. **নিকাশঘর কী?**
o আন্তঃব্যাংকিং দেনা-পাওনার নিষ্পত্তিস্থল
L আন্তঃব্যাংকিং দেনা-পাওনার উৎপত্তিস্থল
M দেনা-পাওনার নিষ্পত্তিস্থল
N দেনা-পাওনার উৎপত্তিস্থল

৮৯৯. **বৈদেশিক মুদ্রার বিনিময় হার নির্ধারণ করে কোন ব্যাংক?**
o বাংলাদেশ ব্যাংক L বিনিয়োগ ব্যাংক
M বিশ্ব ব্যাংক N বাণিজ্যিক ব্যাংক

৯০০. **কোন ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পক্ষে নিকাশ ঘর হিসেবে কাজ করে—**
o সোনালী ব্যাংক L অগ্রণী ব্যাংক
M জনতা ব্যাংক N উত্তরা ব্যাংক

৯০১. **দেশের অভ্যন্তরে বৈদেশিক মুদ্রার ব্যবসায় নিয়ন্ত্রণ করার দায়িত্ব কার?**
K বাণিজ্যিক ব্যাংকের o কেন্দ্রীয় ব্যাংকের
M তালিকাভুক্ত ব্যাংকের N সবগুলোর

৯০২. **কেন্দ্রীয় ব্যাংকের দায়িত্ব হলো—**
i. মুদ্রা প্রচলন
ii. ঋণ নিয়ন্ত্রণ
iii. অর্থ সরবরাহ
**নিচের কোনটি সঠিক?**
o i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯০৩. **কেন্দ্রীয় ব্যাংক বিভিন্ন ব্যাংকের চেকের লেনদেনের নিষ্পত্তিতে কী হিসেবে কাজ করে?**
K নিয়ন্ত্রক o নিকাশ ঘর M মুরব্বি N পরিদর্শক

৯০৪. **কেন্দ্রীয় ব্যাংক সরকারের কী হিসেবে কাজ করে?**
i. সরকারের ব্যাংকার
ii. সরকারের আর্থিক উপদেষ্টা
iii. সরকারের হিসাবরক্ষক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii o i, ii ও iii

৯০৫. **কোন ব্যাংক প্রয়োজনে দেশে বিদেশে সরকারের প্রতিনিধিত্ব করে?**
K পূবালি ব্যাংক o কেন্দ্রীয় ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N সোনালি ব্যাংক

৯০৬. **কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাস্ফীতিহ্রাস করে—**
i. ব্যাংক হার বাড়িয়ে
ii. ব্যাংক হার কমিয়ে
iii. জমার হার বাড়িয়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

৯০৭. **কেন্দ্রীয় ব্যাংক যে পদ্ধতির মাধ্যমে ঋণ নিয়ন্ত্রণ করে থাকে—**
i. ব্যাংক হার নীতি ii. জমার হার পরিবর্তন
iii. নৈতিক প্ররোচনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii o i, ii ও iii

৯০৮. **'Coordination Maintainance of different Statistics' বিষয়টি কোন ব্যাংকের অধীনে?**
o কেন্দ্রীয় ব্যাংকের L ভোক্তা ব্যাংকের
M আন্তর্জাতিক ব্যাংকের N তালিকাভুক্ত ব্যাংকের

৯০৯. **কেন্দ্রীয় ব্যাংক নিকাশ ঘরের মাধ্যমে কী করে?**
K নিজের তহবিলে টাকা জমা রাখে
L আন্তর্জাতিক ব্যাংকিং ব্যবস্থা সক্রিয় রাখে
o ব্যাংক টু ব্যাংক লেনদেন নিষ্পত্তি করে
N কৃষকদের ঋণ প্রদান করে

৯১০. **মাসুদ ডাচ্‌-বাংলা ব্যাংকের এটি চেক ব্র্যাক ব্যাংকে জমা দিল। এ দুই ব্যাংকের লেনদেন নিষ্পত্তিতে সাহায্য করবে কোন ব্যাংক?**
K তালিকাভুক্ত ব্যাংক L ব্র্যাক ব্যাংক
o কেন্দ্রীয় ব্যাংক N ডাচ্‌-বাংলা ব্যাংক

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৯১১ ও ৯১২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সিডর আক্রান্ত বরগুনার আলু চাষীরা ন্যায্যমূল্য পাওয়ার জন্য একত্রিত হয়ে 'প্রত্যয়' নামে একটি সমবায় সমিতি গড়ে তোলে। এতে তাদের ভাগ্যের উন্নয়ন ঘটে। পরবর্তীতে সমিতির কার্যক্রম প্রসারের জন্য তারা প্রাতিষ্ঠানিক আর্থিক সহায়তা গ্রহণের চিন্তাভাবনা করছে।

৯১১. **'প্রত্যয়' কার্যক্রমে কোন আর্থিক প্রতিষ্ঠান সহায়তা করতে পারে?**
o কেন্দ্রীয় ব্যাংক L শিল্প ব্যাংক
M গ্রামীণ ব্যাংক N বিনিয়োগ ব্যাংক

৯১২. **আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় 'প্রত্যয়'—**
i. দেশের কৃষি উন্নয়নে ভূমিকা রাখতে পারে
ii. ঋণ সুবিধা পাবে
iii. জীবন যাত্রার মানোন্নয়ন করবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii o i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৯১৩ থেকে ৯১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সতেরো শতকের মাঝে পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার ব্যাংকের আবির্ভাব হওয়ায় মুদ্রাবাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা অনুভব করে কেন্দ্রীয় ব্যাংক জন্মলাভ করে। কেন্দ্রীয় ব্যাংক মুদ্রা প্রচলন, অর্থ সরবরাহ ও ঋণ নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করে।

৯১৩. **কত শতকে কেন্দ্রীয় ব্যাংকের আবির্ভাব ঘটে?**
K ষোড়শ o সপ্তদশ M অষ্টাদশ N উনবিংশ

৯১৪. **কোন ব্যাংক ঋণদানের শেষ আশ্রয়স্থল?**
K সমবায় ব্যাংক L কৃষি ব্যাংক
M শিল্প ব্যাংক o বাংলাদেশ ব্যাংক

৯১৫. **কেন্দ্রীয় ব্যাংকের মৌলিক কাজ হলো—**
i. নোট ও মুদ্রার প্রচলন
ii. ঋণদান
iii. মুদ্রামান সংরক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

## কেন্দ্রীয় ব্যাংকের গঠন ও ব্যবস্থাপনা ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১২৩

৯১৬. **বাংলাদেশ ব্যাংকের গভর্নরকে সহায়তা করার জন্য কতজন অর্থনৈতিক উপদেষ্টা নিয়োজিত থাকেন?**
K ৩ জন o ১ জন M ৫ জন N ২ জন

৯১৭. **ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে কেন্দ্রীয় ব্যাংক কার নিকট সবচেয়ে আপনজন হিসেবে পরিচিত?**
o বাণিজ্যিক ব্যাংক L বাংলাদেশ ব্যাংক
M বাংলাদেশ শিল্প ব্যাংক N তালিকাভুক্ত ব্যাংক

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৯১৮ ও ৯১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'Z' ব্যাংক জনগণের আমানত সংগ্রহ করে। কিন্তু দেশের সরকার ব্যাংকটিকে নোট ও মুদ্রা ইস্যু করার দায়িত্ব দেয়। সরকারের কাজটি এবং আমানত ঋণদানের কাজটি একই সাথে করা Z ব্যাংকের পক্ষে সম্ভব নয় বিধায় ব্যাংকটি পূর্বের কাজটি ছেড়ে দিল।

৯১৮. **Z ব্যাংকের ধরন পরিবর্তিত হওয়ায় কোন ব্যাংকে রূপান্তরিত হয়েছে?**
K সরকারি ব্যাংক o কেন্দ্রীয় ব্যাংক
M বিশেষায়িত ব্যাংক N শিল্প ব্যাংক

৯১৯. **বর্তমানে Z ব্যাংকের প্রধান উদ্দেশ্য কী হওয়া উচিত?**
K মুনাফা অর্জন o জনকল্যাণ
M ঋণ নিয়ন্ত্রণ N আমানত গ্রহণ

## কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের সম্পর্ক
▶ পাঠ্যবই; পৃষ্ঠা ১২৫

৯২০. **কোন ব্যাংক সরকারের প্রতিনিধি ও উপদেষ্টা হিসেবে ভূমিকা রাখে?**
o কেন্দ্রীয় ব্যাংক L বৃহত্তম ব্যাংক
M তালিকাভুক্ত ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

৯২১. **কোন ব্যাংক সরকারের প্রধান প্রকল্প সহায়ক?**
K বিশেষায়িত ব্যাংক L অতালিকাভুক্ত ব্যাংক
o কেন্দ্রীয় ব্যাংক N তালিকাভুক্ত ব্যাংক

৯২২. **কেন্দ্রীয় ব্যাংক কিসের মাধ্যমে এক ব্যাংকের সঙ্গে আরেক ব্যাংকের লেনদেন নিষ্পত্তি করে?**
o নিকাশ ঘর L সালিশ কেন্দ্র
M কমিটি N পর্ষদ

৯২৩. **কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোর কী হিসেবে কাজ করে?**
K আত্মীয় L দাদা o অভিভাবক N মহাশয়

৯২৪. **বাণিজ্যিক ব্যাংকের ঋণের শেষ আশ্রয়স্থল কোনটি?**
K স্বায়ত্তশাসিত ব্যাংক L খুচরা ব্যাংক
o কেন্দ্রীয় ব্যাংক N গ্রামীণ ব্যাংক

৯২৫. **বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের সাথে সম্পর্ক গড়ে তোলার জন্যে কোনটির প্রয়োজন?**
o সদস্য হওয়া L নির্বাচিত হওয়া
M আর্থিক সাহায্য N পরীক্ষিত হওয়া

৯২৬. **কোন ব্যাংক সকল ব্যাংকের ব্যাংকার?**
o কেন্দ্রীয় ব্যাংক L সোনালী ব্যাংক
M রূপালী ব্যাংক N সমবায় ব্যাংক

৯২৭. **কোন ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পক্ষে নিকাশ ঘর হিসাবে কাজ করে?**
o সোনালী ব্যাংক L জনতা ব্যাংক
M রূপালী ব্যাংক N অগ্রণী ব্যাংক

৯২৮. **কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের মধ্যকার সম্পর্কটিকে কী বলা হয়?**
K ব্যাংক গ্রাহক o ব্যাংকার-মক্কেল
M মক্কেল-ব্যাংকার N ব্যাংকার-ব্যাংক

৯২৯. **কোন ব্যাংক গবেষণা ও উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনা করে?**
K বাণিজ্যিক ব্যাংক o কেন্দ্রীয় ব্যাংক
M আন্তর্জাতিক ব্যাংক N সরকারি ব্যাংক

৯৩০. **বাংলাদেশে বাণিজ্যিক ব্যাংকের শাখাগুলোকে আইন-শৃঙ্খলে আবদ্ধ রাখে কোনটি?**
o বাংলাদেশ ব্যাংক L সোনালী ব্যাংক
M সাংগঠনিক ব্যাংক N ইসলামি ব্যাংক

৯৩১. **বাংলাদেশ ব্যাংকের কোন কর্মকাণ্ড বিভিন্ন দিক নির্দেশনায় ভূমিকা রাখে?**
K প্রচারমূলক o গবেষণামূলক
M অর্থনীতিমূলক N সেবামূলক

৯৩২. **কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে কোনটি দূরীকরণ সম্ভব?**
K দক্ষতা o বেকারত্ব
M সৃজনশীলতা N বিলাসিতা

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৯৩৩ ও ৯৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**
লেকস ব্যাংক বাংলাদেশের প্রধান ব্যাংক হিসেবে এদেশের অভ্যন্তরে অন্যান্য ব্যাংকের গঠনে, জমা ও ঋণদান আদায়ে নিকাশ ও হিসাব নিরীক্ষায় সহায়তা করে। বিপদের সময় এ ব্যাংকগুলোকে পরামর্শও দেয়। ২০০৮ সালে নেকস ব্যাংক নোয়াখালী কো-অপারেটিভ ব্যাংককে এ ধরনের সহায়তা দেয় নি।

৯৩৩. **উদ্দীপকে নেকস ব্যাংকের কোন ভূমিকার কথা বলা হয়েছে?**
o দেশের প্রধান ও কেন্দ্রীয় ব্যাংক
L ঋণদানের শেষ আশ্রয়স্থল
M অন্যান্য ব্যাংকের ব্যাংকার
N সরকারের ব্যাংকার

৯৩৪. **নেকস ব্যাংক নোয়াখালী কো-অপারেটিভ ব্যাংককে সহায়তা না করার কারণ হতে পারে—**
i. এটি অতালিকাভুক্ত ব্যাংক
ii. এটি একটি সমবায় ব্যাংক
iii. এটি বাংলাদেশ ব্যাংকের অধীনে নয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii o i ও iii M ii ও iii N i, ii ও iii

Part 02

# শীর্ষস্থানীয় স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতি নিশ্চিত করতে আরও

## ১ বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | **ফিন্যান্স ও ব্যাংকিং • সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান—৭০

### ক-অংশ : ফিন্যান্স

১ ▸ আলফা লি. ও বিটা লি. এই দুটি কোম্পানির ১০ কোটি টাকা ঋণ প্রয়োজন যার ৪০% চলতি ব্যয় এবং ৬০% স্থায়ী ব্যয়। আলফা লি. ৬ কোটি টাকা দীর্ঘমেয়াদী ঋণ এবং ৪ কোটি টাকা ব্যবসায়িক ঋণ নিয়ে সংগ্রহ করে কিন্তু বিটা লি. ১০% ঋণপত্র বিক্রি করে ১০ কোটি টাকা সংগ্রহ করে।

ক. তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে কী বলে? ১
খ. কোন অর্থায়ন অলাভজনক ব্যাখ্যা কর। ২
গ. তহবিল সংগ্রাহের ক্ষেত্রে আলফা লি. অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছে? ৩
ঘ. তহবিল সংগ্রহের ব্যয় কোন কোম্পানির মুনাফা বৃদ্ধিতে সহায়ক হবে বলে তুমি মনে কর— উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ বাবুল সাহেব একজন গার্মেন্টস ব্যবসায়ী। ব্যবসায়ের বেশির ভাগ ক্ষেত্রে তিনি নিজস্ব মূলধন ব্যবহার করেন। কখনো মূলধনের ঘাটতি দেখা দিলে তিনি ক্রেতাদের থেকে অগ্রিম নিয়ে থাকেন। এতে তার মূলধনজনিত সমস্যা সমাধান হয় এবং উৎপাদন কাজ সচল থাকে।

ক. মধ্যমেয়াদি অর্থায়নের মেয়াদকাল কত? ১
খ. শেয়ার বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. ক্রেতার নিকট থেকে অগ্রিম গ্রহণ কোন তহবিলের অন্তর্ভুক্ত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠান সচল রাখতে বহিঃস্থ তহবিলের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মাহিম তার বন্ধু নাহিদের কাছ থেকে ৫০ হাজার টাকার ঋণ নেয়। শর্ত অনুযায়ী ১০% হার সুদে ৫ বছর পর চক্রবৃদ্ধি হারে ঋণ পরিশোধে সম্মত হয় মাহিম।

ক. সরল সুদের ক্ষেত্রে কিসের উপর সুদ গণনা করা হয়? ১
খ. বাট্টাকরণ প্রক্রিয়া বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. ৫ বছর পর মাহিম কতটাকা পরিশোধ করবে? নির্ণয় কর। ৩
ঘ. নাহিদ কতটাকা ঋণ দিলে মাহিম ৫ বছর পর ৬০ হাজার টাকা পরিশোধ করবে? ৪

৪ ▸ ছাত্রদের পাঠদানের সময় তাদের শিক্ষক রাসেল বলেন, “অনিশ্চয়তা থেকেই ঝুঁকি সৃষ্টি হয়।” “তবে সব অনিশ্চয়তা ঝুঁকি নয়। ঝুঁকি পরিহার করা যায় কিন্তু অনিশ্চয়তা পরিহার করা যায় না।”

ক. ঝুঁকি বলতে কী বোঝ? ১
খ. ব্যবসায়িক ঝুঁকি বলতে কী বোঝ? ২
গ. ঝুঁকি ও অনিশ্চয়তার মাঝে পার্থক্য দেখাও। ৩
ঘ. “অনিশ্চয়তা থেকেই ঝুঁকির সৃষ্টি হয়”— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ জামিল ব্রাদার্স একটি প্রকল্পে ১৬,০০,০০০ টাকা ব্যয়ের সিদ্ধান্ত নিয়েছে। প্রথম ৩ বছর প্রাক্কলিত আয় যথাক্রমে ৪ লক্ষ টাকা, ৭ লক্ষ টাকা ও ৯ লক্ষ টাকা। অন্যান্য চলতি খরচ প্রতি বছর আয়ের ৩৫% ও কর ৩০% অনুমান করা হয়েছে।

ক. পে-ব্যাক সময় নির্ণয়ের সূত্রটি কী? ১
খ. মূলধন বাজেটিং এর প্রয়োগ লেখ। ২
গ. জামিল ব্রাদার্স এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে জামিল ব্রাদার্স কীভাবে লাভবান হতে পারে বলে তুমি মনে কর? ৪

৬ ▸ মডার্ন ম্যানুফ্যাকচারিং কোম্পানির মূলধন কাঠামো নিম্নরূপ :
সাধারণ শেয়ার মূলধন: ৫০০ কোটি টাকা
১৫% অগ্রাধিকার শেয়ার : ৩০০ কোটি টাকা
১৭% ঋণকৃত মূলধন ৫০০ কোটি টাকা।
অন্যান্য তথ্যাবলি :
সাধারণ শেয়ারের বাজারমূল্য : ৩৭৫ টাকা
অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য: ২৫০ টাকা
চলতি বছর কোম্পানি সাধারণ শেয়ারমালিকদের প্রতি শেয়ারের উদ্দেশ্যে ২০ টাকা লভ্যাংশ প্রদান করেছে। অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৭% হারে বৃদ্ধি পেয়েছে। করের হার ৫০%

ক. প্রকল্পের সংজ্ঞা দাও। ১
খ. সংরক্ষিত আয়ের ব্যয় নির্ণয় করা প্রয়োজন— ব্যাখ্যা কর। ২
গ. মডার্ন ম্যানুফ্যাকচারিং কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে মূলধন ব্যয়ের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

### খ-অংশ : ব্যাংকিং

৭ ▸ মি. আকন একজন বড় ব্যবসায়ী। ব্যবসায় যখন ছোট ছিল, তখন তিনি ব্যাংকের ম্যানেজারের পরামর্শে ব্যবসা সম্প্রসারণে উৎসাহিত হলেন। ব্যাংকের সহায়তায় তিনি প্রথমে একটি গার্মেন্টস শিল্প স্থাপন করেন। বর্তমানে দেশের ভেতরে ও বাইরে তার অনেক ব্যবসায় আছে। এক্ষেত্রে ব্যাংক তাকে বিভিন্ন সহায়তা প্রদান করে।

ক. ব্যাংক অব ভেনিস কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. ইলেক্ট্রনিক ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংক কীভাবে সহায়তা করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আর্থিক লেনদেন ছাড়াও ব্যাংক থেকে মি. আকন কী সুবিধা পান, ব্যাখ্যা কর। ৪

৮ ▸ মি. আবির প্রাইম ব্যাংক লি. এর রংপুর শাখায় কাজ করেন। এ ব্যাংক নিত্যনতুন পরিকল্পনা বাস্তবায়ন করে। তিনি তার কাজগুলো সুষ্ঠুভাবে সম্পাদন করেন।

ক. গ্রুপ ব্যাংকিং কী? ১
খ. মুদ্রাবাজার কেন নিয়ন্ত্রণ করা হয়? ২
গ. মালিকানার ভিত্তিতে প্রাইম ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংকের সব ধরনের কাজ অর্থ ও অর্থ-সংশ্লিষ্ট বিষয়কে কেন্দ্র করে আবর্তিত হয়— ব্যাখ্যা কর। ৪

৯ ▸ মি. সজল “সজল ডিপার্টমেন্টাল স্টোর” নামের নিত্যপ্রয়োজনীয় দ্রবাদির একটি খুচরা দোকান পরিচালনা করেন। বেশিরভাগ ক্ষেত্রে তিনি নগদে পণ্য বিক্রি করে থাকেন। দিন শেষে বিক্রি বাবদ নগদ টাকা স্থানীয় ব্যাংকে জমা করেন। ব্যাংকে তার একটি সঞ্চয়ী হিসাব আছে। পাওনাদারের টাকা তিনি নগদে ও চেকে পরিশোধ করেন। নগদ লেনদেন বেশ ঝুঁকিপূর্ণ, কিন্তু সঞ্চয়ী হিসাব থেকে সপ্তাহে দুইবারের বেশি টাকা উত্তোলন করা যায় না। তাই তিনি একটি চলতি হিসাব খোলার সিদ্ধান্ত নিলেন।

ক. চলতি হিসাব কাদের নিকট খুব জনপ্রিয়? ১
খ. ব্যাংক কিসের মাধ্যমে গ্রাহকের নিকট থেকে আমানত সংগ্রহ করে? ২
গ. উদ্দীপকে সজলের চলতি হিসাব খোলার জন্য কী প্রক্রিয়া অবলম্বন করতে হবে? ৩
ঘ. উদ্দীপকের ব্যাংকের গ্রাহকের প্রতি কী ধরনের দায়িত্ব পালন করতে হবে বলে তুমি মনে কর? ৪

১০ ▸ শোয়েব ‘ক’ ব্যাংকের একজন ভিআইপি মর্যাদার গ্রাহক। এই জন্য তিনি তার বৈদেশিক বাণিজ্যের যাবতীয় দেনা-পাওনাসংক্রান্ত লেনদেন এই ব্যাংকের মাধ্যমে নিষ্পত্তি করেন। সম্প্রতি “ক” ব্যাংক তার সাথে ব্যাংকিং সম্পর্কে ইতি টেনেছে, কারণ কয়েকটি সংবাদ মাধ্যমে তার বিরুদ্ধে অবৈধ পণ্য আমদানির অভিযোগ উঠেছে। এব্যাপারে সরকার মামলার প্রস্তুতি নিচ্ছে।

ক. গ্রাহকের সম্পত্তির বিপরীতে ব্যাংক কী ধরনের ঋণ দেয়? ১
খ. হিসাবের গোপনীয়তা বলতে কী বোঝায়? ২
গ. বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে “ক” ব্যাংকের সাথে শোয়েবের সম্পর্কটি কী ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংকের সাথে শোয়েবের সম্পর্কের পরিসমাপ্তির কারণটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ আলয় তার বাবাকে নিকটসু একটি ব্যাংকে হিসাব খুলে টাকা জমা রাখার জন্য বলে। কিন্তু তার বাবা অন্য একটি ব্যাংকে হিসাব খোলে। আলয় জানতে চাইলে তার বাবা জানান, এই ব্যাংকে টাকা জমা রাখা যায় না।

ক. ড. এস, এন, সেনের মতে কেন্দ্রীয় ব্যাংক কাকে বলে? ১
খ. ব্যাংক ও গ্রাহকের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ১ম ব্যাংকের উদ্দেশ্যগুলো বর্ণনা কর। ৩
ঘ. ২য় ব্যাংকের প্রতি আলয়ের বাবার কীরূপ দায়িত্ব আছে বলে তুমি মনে কর? ৪

## ২ ইন্জিনিয়ারিং ইউনিভারসিটি স্কুল এন্ড কলেজ, ঢাকা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স ও ব্যাংকিং ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

### ক অংশ : ফিন্যান্স

১ ▶ এস.এস.সি পাস দরিদ্র বেকার যুবক মি. রাজন স্থানীয় বাজারে মুদির দোকান দিয়ে সফলতা পান। বর্তমানে তিনি তার ব্যবসায় সম্প্রসারণের কথা চিন্তা করেছেন।

ক. উপযুক্ততার নীতি বলতে কী বোঝ? ১
খ. তারল্য ঘাটতির কারণ ব্যাখ্যা কর। ২
গ. মি. রাজনের উদ্দীপকের উল্লেখিত ব্যবসায়টি বেছে নেওয়ার কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবসায় সম্প্রসারণের চিন্তাটি কতটুকু যৌক্তিক? এক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের যোগান কীভাবে সম্ভব বলে তুমি মনে কর? ৪

২ ▶ শেয়ারবাজারে বিনিয়োগে জনাব হাসিবের শেয়ার থেকে বিগত বছরের প্রাপ্ত আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, ২৫%, ১৫%, ১২%।

ক. ঝুঁকিমুক্ত আয় বলতে কী বোঝ? ১
খ. পে-ব্যাক সময় পদ্ধতি ব্যাখ্যা কর। ২
গ. জনাব হাসিবের বিনিয়োগের গড় আয় ও ব্যবধানের বর্গের গড় কত? ৩
ঘ. উদ্দীপকের উল্লেখিত তথ্যের আলোকে আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

৩ ▶ 'X' কোম্পানির প্রতিটি শেয়ারের বর্তমান মূল্য ৫০০ টাকা। বর্তমান বছরে কোম্পানিটি প্রতি শেয়ারে ৯ টাকা হারে লভ্যাংশ ঘোষণার সিদ্ধান্ত নিয়েছে এবং প্রত্যাশা করছে পরবর্তী বছরগুলোতে এই লভ্যাংশ ৯% হারে বৃদ্ধি পাবে।

ক. সংরক্ষিত আয় কী? ১
খ. স্থিরহার লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতির অনুমিত শর্ত লেখ। ২
গ. 'X' কোম্পানির শেয়ার মূলধন ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. যদি 'X' কোম্পানির লভ্যাংশ বন্টনের হার ৯% থেকে ৩% কম হয় তবে সাধারণ শেয়ারের মূলধন ব্যয় কত হবে বলে তুমি মনে কর? ৪

৪ ▶ শাহীন ও তার বন্ধুরা 'রাজবন্ধন' নামে একটি কোম্পানি প্রতিষ্ঠা করলেন। তারা নিজস্ব তহবিলের মাধ্যমে অর্থসংস্থান করে ব্যবসায়ের প্রাথমিক পর্যায়ের কাজ শুরু করেন। ধীরে ধীরে ব্যবসায়ের পরিধি বৃদ্ধি পাওয়ায় অর্থ সংকট দেখা দেয়। বর্তমানে উদ্যোক্তারা বাজারে উক্ত কোম্পানির শেয়ার ছাড়ার সিদ্ধান্ত নেন।

ক. অর্থায়ন কাকে বলে? ১
খ. ঋণপত্র বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লেখিত কোম্পানির উদ্যোক্তাদের সরবরাহকৃত অর্থ কোন ধরনের তহবিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রাজবন্ধন' কোম্পানির শেয়ার বাজারে ছাড়ার সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▶ জলি ও মলি একই দিনে একই ধরনের প্রতিষ্ঠানে বিনিয়োগ করে। মীমের কোম্পানি জামানত হিসাবে স্থায়ী সম্পত্তি জমা রাখলেও হৃদির কোম্পানি তা করেনি।

ক. ট্রেডিং পোস্ট সিস্টেম বলতে কী বোঝ? ১
খ. ডিবেঞ্চারের জনপ্রিয়তার কারণ কী? ২
গ. জলি ও মলির বিনিয়োগকৃত খাত দুটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বিনিয়োগকৃত দুটি খাতের মধ্যে কোনটি অধিক নিরাপদ বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ তানিয়া ১০,০০,০০০ টাকা 'ক' ব্যাংকে, মুনিয়া ১৪,০০,০০০ টাকা 'খ' ব্যাংকে ১০ বছরের জন্য জমা রাখে। 'ক' ব্যাংকে জমার উপর ১১% ও 'খ' ব্যাংক জমার উপর ১২% হারে সুদ দেয়।

ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. তানিয়ার জমাকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ. তানিয়া ও মুনিয়া নির্দিষ্ট মেয়াদ শেষে একত্রে কত টাকা পাবে নির্ণয় কর। ৪

### খ অংশ : ব্যাংকিং

৭ ▶ মিসেস তাহমিনা গত দু বছর ধরে মাটির ব্যাংকে টাকা জমিয়েছেন। তারই প্রতিবেশী মিসেস সোনা গত দু বছর ধরে টাকা সঞ্চয় করেছেন ক্যাপিটাল ব্যাংকে। তিনি এজন্য ১০% হারে সুদও পাচ্ছেন।

ক. ঋণের অর্থ গ্রাহকের হিসাবে কী করা হয়? ১
খ. বৈদেশিক বিনিময় বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মাটির ব্যাংকে টাকা রাখায় মিসেস তাহমিনার সুযোগ ব্যয় কত হচ্ছে বর্ণনা কর। ৩
ঘ. মিসেস সোনার সঞ্চয়ের মাধ্যমে ক্যাপিটাল ব্যাংকের কোন প্রধান কাজ সম্পাদিত হচ্ছে বলে তুমি মনে কর? ৪

৮ ▶ 'প্রাইম ব্যাংক' ঢাকা শাখায় ব্যবসায়ী মি. প্রীতমের একটি হিসাব রয়েছে। যা থেকে তিনি যতবার ইচ্ছা টাকা তুলতে পারেন। ভ্রমণে চট্টগ্রামে গিয়ে তিনি বেশ সস্তায় ব্যবসায়িক পণ্য পান এবং ঐ ব্যাংকের কল্যাণে তা কিনতে সমর্থ হন। দেশের সব জেলায় 'প্রাইম ব্যাংক'-এর শাখা রয়েছে।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১
খ. ব্যাংকে বিভিন্ন প্রকারের হিসাব খোলার ব্যবস্থা রাখা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'প্রাইম ব্যাংকে' মি. প্রীতমের কোন ধরনের হিসাব রয়েছে –বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংকের একটি সেবা প্রীতমের মতো ব্যবসায়ীদের কাজকে সহজ করে দেয় –উক্তিটি মূল্যায়ন কর। ৪


৯ ▶ ব্যবসায়ী রুমি ব্যবসার প্রয়োজনে 'ঠিক' ব্যাংকে প্রায়ই টাকা জমা রাখেন, আবার উত্তোলন করেন। মাঝে মধ্যে ঋণও গ্রহণ করেন। আবার ব্যাংক তার নির্দেশ অনুযায়ী অনেক কাজও সম্পাদন করে থাকে।

ক. ব্যাংকার কে? ১
খ. গ্রাহক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. রুমির সাথে ব্যাংকের কীরূপ সম্পর্ক বিদ্যমান? বর্ণনা কর। ৩
ঘ. আমানতকারী হিসেবে রুমির নির্দেশ পালনে ব্যাংকের বাধ্যবাধকতা মূল্যায়ন কর। ৪

১০ ▶ 'ক' ব্যাংকে কর্মরত জনাব সুজন সাহেব ব্যাংক থেকে নতুন টাকার নোট তুলে আনলে তার ৭ বছরের ছেলে সব টাকার নোটের উপর 'খ' ব্যাংকের নাম লেখা কেন তা জানতে চায়।

ক. কেন্দ্রীয় ব্যাংক কোন ব্যাংকের কার্যাবলি নিয়ন্ত্রণ করে? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকে বাধ্যতামূলকভাবে কী জমা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'খ' ব্যাংক কী ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. 'ক' ব্যাংকের তারল্য সংকটে 'খ' ব্যাংক কী ভূমিকা রাখবে? আলোচনা কর। ৪

১১ ▶


A/C Payee
জনতা ব্যাংক লি.
খুলনা শাখা চ. হি. নং : ১৩৯৯৮১
চেক ২০১৫২৯১১১১৭ তারিখ : ২২/০৮/২০১৭
মি. রাদিফ অথবা বাহককে প্রদান করুন।
টাকা কথায় : পঞ্চাশ হাজার টাকা মাত্র।
টাকা : ৫০,০০০/-
স্বাক্ষর

ক. ব্যাংককে গ্রাহকের প্রতিনিধি বলা হয় কেন? ১
খ. হস্তান্তরযোগ্য বিনিময় বিল হিসাবে চেকের ধরন ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের চেক দেখানো হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের চেকটিই নিরাপত্তা বিধানে সর্বোৎকৃষ্ট। মতামত দাও। ৪

## ৩ ✓ অগ্রণী গার্লস স্কুল ও কলেজ, ঢাকা


সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **ফিন্যান্স ও ব্যাংকিং ▾ সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

### ক–বিভাগ : ফিন্যান্স

১ ▸ নতুন বাড়ি নির্মাণের জন্য মি. সজীবের অর্থের প্রয়োজন। নিজের গাছ বিক্রয় করে অর্থ সংগ্রহ করলেন কিন্তু পরিমাণ যথেষ্ট না হওয়ায় তিনি হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশন থেকে ঋণ গ্রহণ করলেন।

ক. রপ্তানি থেকে আমদানি বেশি হলে কোন ধরনের ঘাটতি দেখা দেয়? ১
খ. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ব্যাখ্যা কর। ২
গ. মি. সজীব কোন ধরনের অর্থায়নের সাথে জড়িত? বর্ণনা কর। ৩
ঘ. মি. সজীবের বাড়ি নির্মাণে ঋণগ্রহণ কতটা যৌক্তিক? বর্ণনা কর। ৪

২ ▸




ক. বাণিজ্যিক পত্র কী? ১
খ. প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. অভ্যন্তরীণ তহবিল হিসেবে আবণ্টিত মুনাফাও লভ্যাংশ সমতাকরণ তহবিল সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ. মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎসের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

৩ ▸ মি. অর্ণব ৬ বছর পর ২০,০০,০০০ টাকা দিয়ে একটি গাড়ি কেনার লক্ষ্য নিয়ে শুকতারা ব্যাংকে স্থায়ী হিসাবে এককালীন ১০,০০,০০০ টাকা জমা রাখেন। উক্ত আমানতের বিপরীতে ব্যাংক তাকে ৮.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেয়।

ক. কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ দেওয়ার পূর্বে কি বিবেচনা করতে হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণের বিপরীত প্রক্রিয়া কী? ব্যাখ্যা কর। ২
গ. শুকতারা ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. উক্ত মেয়াদ শেষে গাড়ি কিনতে জনাব অর্ণবের আর কত টাকা প্রয়োজন হবে? ৪

৪ ▸ 'C' গ্রুপ কর্তৃক বিনিয়োজিত দুটি প্রকল্পের বিগত ৫ বছরের আয় হার নিম্নরূপ :

| প্রকল্পের নাম | আয় হার (%) | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| স্বপ্না | ৪০ | ৩৫ | ২০ | –৫ | ১০ |
| সাধনা | ২০ | ২৫ | ৩০ | ১৫ | ১০ |

ক. ব্যবসায় পরিচালনা ব্যয় পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ১
খ. সুদ হারের ঝুঁকি বলতে কি বুঝ? ২
গ. 'C' গ্রুপের স্বপ্ন প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. 'C' গ্রুপের প্রকল্পের ঝুঁকি বিবেচনা করে কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? ৪

৫ ▸ মেঘনা ট্রেডিং ৫,০০,০০০ টাকার ছাপা সংক্রান্ত মেশিনারিজ জাপান থেকে আমদানি করে। মেশিনগুলো ৫ বছর মেয়াদী এবং বাৎসরিক অবচয় ১ লক্ষ টাকা। আগামী ৫ বছর মেশিনগুলো থেকে প্রাপ্য নিট মুনাফা নিম্নরূপ :

| বছর | নিট মুনাফা |
|---|---|
| ১ | ৫০,০০০ |
| ২ | ৬০,০০০ |
| ৩ | ৭০,০০০ |
| ৪ | ৭৫,০০০ |
| ৫ | ৮০,০০০ |

ক. মূলধন বাজেটিং প্রক্রিয়া প্রয়োগে সর্বশেষ ধাপ কোনটি? ১
খ. পণ্য বৈচিত্র্যায়ন বলতে কি বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মেঘনা ট্রেডিং এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. মেঘনা ট্রেডিং এর পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক সিদ্ধান্ত লেখ। ৪

৬ ▸ Metro Ltd এর ৫০০ কোটি টাকা মূলধন রয়েছে। যেখানে ঋণ মূলধন, অগ্রাধিকার শেয়ার মূলধন ও সাধারণ মূলধনের অনুপাত ২ : ২ : ১। ঋণকৃত মূলধনের সুদের হার ৫% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ১০%। কোম্পানী তাদের সাধারণ শেয়ারের উপর ১৫% হারে লভ্যাংশ প্রদান করে। সাধারণ শেয়ারের লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পাবে। কর হার ৩০%।

ক. মূলধন মিশ্রণ কী? ১
খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২
গ. কোম্পানীর সাধারণ শেয়ার ব্যয় ও অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. Metro Ltd এর গড় মূলধন ব্যয় নির্ণয় কর। ৪

### খ–বিভাগ : ব্যাংকিং

৭ ▸ বরকত একজন ব্যাংক কর্মকর্তা। তিনি ব্যাংকে নতুন কর্মকর্তাদের ব্যাংকে ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে ধারণা প্রদান করেন। স্বর্ণকার, মহাজন ও ব্যবসায়ীদের মাধ্যমে ব্যাংক ব্যবসায় শুরু হয়ে কিভাবে আধুনিক রূপ লাভ করেছে তা বর্ণনা করেন। তার মতে, বাংলাদেশও আধুনিক ব্যাংকিং ব্যবস্থায় এগিয়ে রয়েছে।

ক. কাগজি মুদ্রার উদ্ভব হয় কখন? ১
খ. 'বিনিময় প্রথা' বলতে কি বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. বরকতের বক্তব্যের আলোকে ব্যাংক ব্যবসায়ের ইতিহাস বর্ণনা কর। ৩
ঘ. বরকতের মতে "ব্যাংকিং এর ক্ষেত্রে বাংলাদেশও এগিয়ে আছে"– এর মূল্যায়ন কর। ৪

৮ ▸ ABC ব্যাংকের শাখা সমগ্র দেশজুড়ে বিস্তৃত। কিন্তু এর মধ্যে আগ্রাবাদ শাখাটি দক্ষতার সাথে শুধু বৈদেশিক বিনিময় সম্পর্কিত সেবা প্রদান করে আসছে। মনির এ ব্যাংকের একজন গ্রাহক। তিনি চিংড়ি রপ্তানি করেন। তাই তার ব্যবসায়ের প্রয়োজনীয় সেবা তিনি ABC ব্যাংক থেকেই গ্রহণ করেন।

ক. বাণিজ্যিক ব্যাংক কোন ধরনের প্রতিষ্ঠান? ১
খ. সঞ্চয় প্রবণতা বলতে কী বোঝ? ২
গ. ABC ব্যাংক কিভাবে মনিরকে তার ব্যবসায়ে সহায়তা প্রদান করবে? বর্ণনা কর। ৩
ঘ. ABC ব্যাংকের ব্যবসায়ের সাথে কোন নীতির সামঞ্জস্যতা প্রকাশ পেয়েছে? বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব তাসনিমুল একজন শিক্ষক। তিনি ভবিষ্যতের জন্য কিছু কিছু টাকা জমাতে চান যা তিনি সহজে তুলতে পারবেন না। এজন্য তিনি একটি ব্যাংকের শরণাপন্ন হন।

ক. স্কুল সঞ্চয়ী হিসাব কি? ১
খ. ডেবিট ও ক্রেডিট কার্ড বলতে কি বুঝ? ২
গ. জনাব তাসনিমুল ব্যাংকে কোন হিসাব খুলবেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব তাসনিমুল ভবিষ্যৎ জীবনের সঞ্চয়ের জন্য ব্যাংকের ভূমিকা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১০ ▸ জনাব রায়হান তার স্ত্রীকে ৫০,০০০ টাকা চেকে প্রদান করেন। শারীরিক অসুস্থতার কারণে তার স্ত্রী ছোট ছেলেকে ব্যাংকে টাকা উত্তোলনের জন্য পাঠান। রাস্তায় বখাটে ছেলেদের দেখে ভয় পায়। ব্যাংকে গেলে ব্যাংক কর্মকর্তা ছেলেটিকে বলে এমতাবস্থায় চেকের বাম কোণে আড়াআড়ি ২টি দাগ দিলেই তুমি নিরাপদ।

ক. ব্যাংকার কে? ১
খ. ব্যাংক হিসাব বন্ধ করার দুটি পদ্ধতি লিখ। ২
গ. জনাব রায়হান তার স্ত্রীকে কোন ধরনের চেক প্রদান করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংক কর্মকর্তার পরামর্শ কতটুকু গ্রহণযোগ্য? তোমার মতামত দাও। ৪

১১ ▸ বাংলাদেশ ব্যাংক এ দেশের অর্থনীতিকে একটি সুদৃঢ় ও মজবুত ভিত্তি প্রদানের লক্ষ্যে নিরন্তন কাজ করে যাচ্ছে। নতুন নতুন ব্যাংকিং পণ্য ও সেবা উদ্ভাবন এবং সেগুলোর বাস্তবায়নের মাধ্যমে জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নেও এটি ভূমিকা রাখছে।

ক. কেন্দ্রীয় ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কি? ১
খ. 'কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক'– ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশ ব্যাংক যেসব উদ্দেশ্য অর্জনের নিমিত্তে গঠিত হয়েছিল তা উপস্থাপন কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংককে সকল ব্যাংকের ব্যাংকার বলার যৌক্তিকতা নিরূপণ করো। ৪

# ৪ ✓ উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স ও ব্যাংকিং ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

### ক-বিভাগ : ফিন্যান্স

১ ▶ রশিদ পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি প্রথমে কোম্পানির তহবিল সংগ্রহের জন্য শেয়ার বিক্রয়ের ব্যবস্থা করেন। দ্বিতীয়ত কোম্পানির পণ্য উৎপাদনে সহায়তার জন্য একটি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত নেন।


ক. আয় সিদ্ধান্তের অপর নাম কী? ১

খ. তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্য রক্ষাকারী নীতিটি ব্যাখ্যা কর। ২

গ. রশিদের ১ম সিদ্ধান্তটি কোন ধরনের? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত কোম্পানির জন্য ২য় সিদ্ধান্তটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২ ▶




ক. পাবলিক লিমিটেড কোম্পানির উদ্যোক্তার সর্বনিম্ন সদস্যসংখ্যা কত? ১

খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল কী? ২

গ. ঋণ ও ঋণপত্রের পার্থক্য লেখ। ৩

ঘ. দীর্ঘমেয়াদি অর্থায়নে লিজিং কৌশল গ্রহণ করা যৌক্তিক কিনা তা মূল্যায়ন কর। ৪

৩ ▶ বর্ষা ৫ বছর পর ১০ লক্ষ টাকা পাবার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'A' ব্যাংক ৮% মুনাফা ও 'B' ব্যাংক তাকে ৭.৫% মাসিক চক্রবৃদ্ধি মুনাফা দেয়ার প্রস্তাব করেছে।

ক. আন্তর্জাতিক মুদ্রা তহবিলের প্রধান কার্যালয় কোথায়? ১

খ. বিনিয়োগের সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. বর্ষাকে ১০ লক্ষ টাকা পেতে কত টাকা 'A' ব্যাংকে জমা রাখতে হবে? ৩

ঘ. কোন ব্যাংকে টাকা রাখা বর্ষার জন্য লাভজনক হবে? যুক্তি দাও। ৪

৪ ▶ নিচের সমীকরণটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| বছর | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | ২০১৭ |
|---|---|---|---|---|
| উদ্দীপ্ত (প্রকল্প) | ৫% | ১৫% | ২০% | ২৪% |
| আগ্রহ (প্রকল্প) | ২০% | ৬% | ১৫% | ২৩% |

উপরের চিত্রে চলমান দুটো প্রকল্পের গত ৪ বছরের আয়ের হার দেওয়া আছে। জনাব ফরিদ যেকোনো ১টিতে বিনিয়োগের জন্য চিন্তাভাবনা করছেন।

ক. ঝুঁকি কাকে বলে? ১

খ. মূলধন বাজেটিং এর সহজ পদ্ধতি কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপ্ত প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. জনাব ফরিদের কোন প্রকল্পে বিনিয়োগ অধিক গ্রহণযোগ্য? ৪

৫ ▶ জনাব আবির একটি প্রকল্পে ২ লক্ষ টাকা বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্পটি থেকে আগামী ৫ বছরের প্রত্যাশিত আয় যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৭০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৩০,০০০ টাকা। মূলধন বাজেটিংয়ের ক্ষেত্রে তিনি পে-ব্যাক সময় প্রক্রিয়া ব্যবহার করেন। এরপর তিনি সিদ্ধান্তহীনতায় ভুগছেন।

ক. মূলধন বাজেটিং এর সরল ও জনপ্রিয় পদ্ধতি কোনটি? ১

খ. মূলধন বাজেটিংকে সর্বদা ঝুঁকিযুক্ত বলা হয় কেন? ২

গ. উক্ত প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. জনাব আবিরের সিদ্ধান্তহীনতায় ভোগার কারণ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ মিরাজ সাহেব শেয়ারে কিছু অর্থ বিনিয়োগ করলেন। তিনি বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ পেলেও কোম্পানির মালিকানা বা ভোটাধিকার কিছুই পান নি। মালিকানা পাওয়ার প্রত্যাশায় তিনি একটি নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা করছেন।

ক. শেয়ার কী? ১

খ. বিলম্বিত শেয়ার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মিরাজ কোন খাতে বিনিয়োগ করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. একটি নির্দিষ্ট সময় পর তার কোম্পানির মালিকানা পাওয়ার সম্ভাবনা আছে কি? যুক্তি দাও। ৪

### খ-বিভাগ : ব্যাংকিং

৭ ▶ মানবজাতির সভ্যতার বিবর্তনের সাথে সাথে বিভিন্ন সময়ে বিভিন্ন আকার ও প্রাকৃতিক মুদ্রা ব্যবহৃত হতো। এসব মুদ্রার ১টি আদর্শ মান ছিল।

ক. ব্যাংকিং কাকে বলে? ১

খ. এল.সি. কী? ব্যাখ্যা কর। ২

গ. মুদ্রার ব্যবহার কীভাবে দ্রব্য বিনিয়োগকে সহজ ও সাবলীল করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মুদ্রার ইতিহাস খুবই বৈচিত্র্যময়" –উদ্দীপকের আলোকে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৮ ▶ ফারজানা ব্যাংকের একমাত্র কর্মকর্তা। উক্ত ব্যাংক থেকে মিথিলা নামের একজন ব্যবসায়ী ঋণ নেন। অপর দিকে রাজু নামের একজন চাকরিজীবী তার সঞ্চয়কৃত অর্থ মুনাফার আশায় উক্ত ব্যাংকে জমা রাখেন। ফারজানা ব্যাংকের কর্মকর্তা হিসাবে অনেক ব্যবসায়ী বা গ্রাহকদের পরামর্শ দিয়ে থাকেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১

খ. ব্যাংক কীভাবে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা করে? ২

গ. উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত ব্যাংকটির ৪টি উদ্দেশ্য মূল্যায়ন কর। ৪

৯ ▶ জনাব অজিত একজন রপ্তানিকারক। তিনি বিভিন্ন দেশে চিংড়ি ও কাঁকড়া রপ্তানি করে থাকেন। এজন্য তাকে প্রায়ই স্থানীয় ব্যাংকের শাখায় যেতে হয়।

ক. L.C থেকে বাণিজ্যিক ব্যাংক কী পায়? ১

খ. বিনিময় বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব অজিতকে উক্ত ব্যাংকটি কীভাবে সহায়তা করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব অজিতের ব্যবসায়ে উক্ত ব্যাংকের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

১০ ▶ জনাব মারুফ একজন ব্যবসায়ী। লেনদেনের সুবিধার্থে তিনি ব্যাংক হিসাব খুলতে আগ্রহী। এজন্য সঞ্চয়ী হিসাব খুলতে গেলে ব্যাংক ম্যানেজার তাকে অন্য হিসাব খুলতে বলেন।

ক. ক্রেডিট কার্ড কী? ১

খ. ইন্টারনেট ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. জনাব মারুফ কোন ব্যাংক হিসাব খুলবেন? এর সপক্ষে যুক্তি দাও। ৩

ঘ. উক্ত ব্যাংক হিসাব খুলতে জনাব মারুফকে কী কী পদক্ষেপ নিতে হবে? ব্যাখ্যা কর। ৪

১১ ▶ বাংলাদেশ ব্যাংক এদেশের অর্থনীতিতে একটি সুদৃঢ় ও মজবুত ভিত্তি দানের লক্ষ্যে নিরন্তর কাজ করে যাচ্ছে। নতুন ব্যাংকিং পণ্য ও সেবা উদ্ভাবন এবং সেগুলোর বাস্তবায়নের মাধ্যমে জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নেও এটি ভূমিকা রাখছে।

ক. বাংলাদেশ ব্যাংকের প্রধান কে? ১

খ. ঋণের শেষ আশ্রয়স্থল বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশ ব্যাংক যেসব উদ্দেশ্য অর্জনের নিমিত্তে গঠিত হয়েছিল তা উপস্থাপন কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংককে সকল ব্যাংকের ব্যাংকার বলা হয় কেন? যুক্তি দাও। ৪

SURE SUCCESS

## ৫ ✓ বগুড়া জিলা স্কুল

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স ও ব্যাংকিং ▾ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

### ক—অংশ : ফিন্যান্স

১ ▸ জনাব আতিক একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়কে সচল করার জন্য নিজস্ব তহবিল ও বিভিন্ন উৎস থেকে অর্থ সংগ্রহ করে অধিক লাভজনক অবস্থানে আছেন।


ক. ব্যবসায় মূল চালিকাশক্তি কী? ১

খ. ব্যবসায় অর্থায়ন ব্যবস্থাপনার জন্য নীতিমালা প্রয়োজন কেন? ২

গ. জনাব আতিক কোন কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করেছিলেন বলে তুমি মনে কর? ৩

ঘ. জনাব আতিক কীভাবে অধিক লাভজনক অবস্থানে এসেছিলেন? বিশ্লেষণ কর। ৪

২ ▸




ক. অর্থ আদান-প্রদানের কোন প্রক্রিয়াটি সবচেয়ে দ্রুততম ও সরল প্রক্রিয়া? ১

খ. বাণিজ্যিক পত্র বলতে কী বোঝায়? ২

গ. অর্থায়নের উৎস হিসেবে অভ্যন্তরীণ তহবিলের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায় প্রতিষ্ঠানে অর্থায়নের ক্ষেত্রে অর্থের উৎস নির্ধারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ রকি ও রানা দুই বন্ধু। রকি ১২% মাসিক চক্রবৃদ্ধি সুদে এক্সিম ব্যাংকে ৬,০০,০০০/- টাকা জমা রাখল। অন্যদিকে রানা সমপরিমাপ টাকা দিয়ে বাড়ির পাশে জমি কিনল। ৭ বছর পর রানার জমির দাম দ্বিগুণ হবে এবং এ জমি থেকে প্রতি বছর ২০,০০০ টাকা আয় হবে।

ক. সময়ের সাথে অর্থের মূল্য পরিবর্তনকে কী বলে? ১

খ. অর্থের সময় মূল্যের মূল কারণ— ব্যাখ্যা কর। ২

গ. রকি ৭ বছর পর এক্সিম ব্যাংক থেকে কত টাকা পাবে? ৩

ঘ. কার বিনিয়োগটি অধিক লাভজনক হবে? যুক্তিসহ উপস্থাপন কর। ৪

৪ ▸

| বছর | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ |
|---|---|---|---|---|
| করতোয়া প্রকল্প | ১২% | ১০% | ১৮% | ৮% |
| কর্ণফুলী প্রকল্প | ৭% | ১৮% | ৮% | ১৫% |

ক. প্রত্যাশার বাইরে কোনোকিছু ঘটার সম্ভাবনাকে কী বলে? ১

খ. ঝুঁকি ব্যবস্থাপনার জন্য ঝুঁকির উৎস খোঁজা জরুরি কেন? ২

গ. করতোয়া প্রকল্পের আদর্শ বিচ্যুতি নিরূপণ কর। ৩

ঘ. প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিকতর গ্রহণযোগ্য? যুক্তি দাও। ৪

৫ ▸ রায়হান ব্রাদার্স সম্প্রতি ৩ বছর মেয়াদি প্রকল্প কল্পনাতে ১০,০০,০০০ টাকা বিনিয়োগ করল। আগামী ৩ বছরের প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৬ লক্ষ, ৭ লক্ষ এবং ৮ লক্ষ টাকা। আরও অনুমান করা হয় যে, প্রতিবছর বিক্রয়ের ৪০% চলতি খরচ হবে এবং স্থায়ী খরচ হবে প্রতিবছর ৪০,০০০ টাকা। সর্বশেষে ৩০% হারে কর অনুমান করা হয়।

ক. কী থেকে প্রতিষ্ঠানে নগদ আন্তঃপ্রবাহ ঘটে? ১

খ. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কী? ব্যাখ্যা কর। ২

গ. কল্পনা প্রকল্পের নিট মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. রায়হান ব্রাদার্সের প্রকল্প কল্পনার গড় মুনাফার হার নির্ণয় কর। ৪

৬ ▸ একটি কোম্পানির ঋণকৃত মূলধন ২,০০,০০০ ও সাধারণ শেয়ার মূলধন ১,৪০,০০০ টাকা। ঋণকৃত মূলধনের সুদের হার ১৫%। কর হার ৩০%। সাধারণ শেয়ারের বাজার দর ২০০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ারমালিকদের প্রতি শেয়ারে ১৫ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. মূলধন ব্যয় তথ্য থেকে সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় কর। ২

গ. উপর্যুক্ত তথ্য থেকে সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. উপর্যুক্ত তথ্য থেকে কোম্পানিটির গড় মূলধন ব্যয় নির্ণয় কর। ৪

### খ—অংশ : ব্যাংকিং

৭ ▸ ব্যাংকিং ব্যবসা গড়ে ওঠে অর্থকে কেন্দ্র করে এবং তা পরিচালিত হয় গ্রাহককে কেন্দ্র করে। ব্যাংক গ্রাহকদের প্রতি যথাযথ দায়িত্ব পালনের মাধ্যমে মুনাফা অর্জন করে থাকে।

ক. ব্যাংকিং কী ধরনের ব্যবসায়? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২

গ. "ব্যাংক গ্রাহকের অছি"— কথাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে ব্যাংকিং ব্যবসায় কতটুকু অবদান রাখে? আলোচনা কর। ৪

৮ ▸ মি. রকিব একজন বিখ্যাত ব্যবসায়ী। সম্প্রতি তিনি নতুন একজন আমদানিকারকের নিকট থেকে পণ্য ক্রয়ের প্রস্তাব পেলেন। কিন্তু নতুন ক্রেতা এলে তিনি সিদ্ধান্তহীনতায় ভুগছিলেন। এমন সময় ব্যাংক থেকে নিশ্চয়তা পেয়ে তিনি পণ্য রপ্তানি করতে সম্মত হলেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. সঞ্চয়ী ও চলতি হিসাবের পার্থক্য কী? ২

গ. ব্যাংকের কোন প্রকার নিশ্চয়তা পেতে মি. রকিব রপ্তানি করার সিদ্ধান্ত নিলেন ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. রকিব এর সিদ্ধান্তহীনতায় ভোগার কারণ ব্যাখ্যা কর। ৪

৯ ▸ মি. রাতুল একজন ব্যবসায়ী। তিনি সিদ্ধান্ত নিলেন যে, ব্যাংকে একটি হিসাব খুলবেন। তিনি বিভিন্ন ব্যাংকে গিয়ে তাদের সুবিধা সম্পর্কে ধারণা নেন এবং পছন্দমতো একটি ব্যাংক হিসাব খুললেন।

ক. গ্রাহকের জন্য ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি? ১

খ. স্থায়ী হিসাবের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. মি. রাতুলের জন্য কোন ধরনের হিসাব খোলা যুক্তিযুক্ত— ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় কী কী আলোচনা কর। ৪

১০ ▸ করিম একজন ব্যবসায়ী। ব্যাংকে তার একটি চলতি হিসাব রয়েছে। ব্যবসায়ের প্রয়োজনে সে প্রায়ই ব্যাংকে টাকা জমা রাখে। আবার উত্তোলন করে। মাঝে মাঝে ঋণও গ্রহণ করেন। তাছাড়া ব্যাংক তার নির্দেশ অনুযায়ী অনেক কাজও সম্পাদন করে থাকে।

ক. ব্যাংকিং ব্যবসায়ে লিপ্ত ব্যক্তিকে কী বলে? ১

খ. চুক্তিবদ্ধ সম্পর্ক বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. করিমের সাথে ব্যাংকের কীরূপ সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমানতকারী হিসাবে করিমের নির্দেশ পালনে ব্যাংকের বাধ্যবাধকতা মূল্যায়ন কর। ৪

১১ ▸ কেন্দ্রীয় ব্যাংক হচ্ছে ব্যাংক ব্যবসায়ের মধ্যমণি। এ-ব্যাংক তার তালিকাভুক্ত ব্যাংকসমূহের ঋণ নিয়ন্ত্রণ করে। তাছাড়া একটি দেশের অর্থ ও দ্রব্যমূল্য স্থিতিশীল রাখাও এ ব্যাংকের প্রধান কাজ। অধিকন্ত ব্যাংকসমূহকে পরামর্শ দান করাও কেন্দ্রীয় ব্যাংকের কাজ।

ক. কেন্দ্রীয় ব্যাংককে সূর্যের সাথে তুলনা করেছেন কে? ১

খ. ঋণের সর্বশেষ আশ্রয়স্থল বলতে কী বোঝায়? ২

গ. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কৌশল ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংক দেশের অর্থ ও দ্রব্যমূল্য স্থিতিশীল রাখে— বিশ্লেষণ কর। ৪

# ৬ কুমিল্লা শিক্ষা বোর্ড মডেল কলেজ

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | **ফিন্যান্স ও ব্যাংকিং ▼ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান : ৭০

## ক অংশ : ফিন্যান্স অংশ

১ ▶ প্রিয়াংকা কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ৪০০ কোটি টাকা, ঋণকৃত মূলধন ৫০০ কোটি টাকা ও অগ্রাধিকার শেয়ার মূলধন ৩০০ কোটি টাকা। ঋণ মূলধনের সুদের হার ১০% ও অগ্রাধিকার শেয়ার লভ্যাংশের হার ৮%। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ৪৫০ টাকা ও ২১০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ারমালিকদের প্রতি শেয়ারে ১৫ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৪% হারে বৃদ্ধি পেয়েছে। কোম্পানির করের হার ৪০%।
- ক. কাম্য ঋণনীতির কাজ কী? ১
- খ. কোন ধরনের মূলধন ব্যয় কররেয়াতযোগ্য? ব্যাখ্যা কর। ২
- গ. প্রিয়াংকা কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় কর। ৩
- ঘ. প্রিয়াংকা কোম্পানির ধার্যকৃত গড় মূলধন ব্যয় ৮.২% হলে কোম্পানিটি গড় মূলধন ব্যয় নির্ণয়পূর্বক এর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২ ▶ এক্মি কর্পোরেশন একটি জুস উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি যে সকল প্রতিষ্ঠানকে তাদের উৎপাদিত পণ্য সরবরাহ করে থাকেন তাদের থেকে অর্থ নিয়ে জুস উৎপাদনের কাঁচামাল সংগ্রহ করেন। গুণগত মান ঠিক থাকায় প্রতিষ্ঠানটির জুসের চাহিদা বেড়ে গেল। চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহের জন্য প্রতিষ্ঠানটির নতুন একটি উৎপাদন ইউনিট স্থাপনের সিদ্ধান্ত নিল। উক্ত ইউনিটে অর্থায়ন করেন জনগণের কাছে তিন মাস মেয়াদে লাভসহ আসল অর্থ ফেরত প্রদানের অঙ্গীকারে দলিলপত্র ইস্যুর মাধ্যমে।
- ক. বিনিময় বিল কাকে বলে? ১
- খ. প্রতিষ্ঠানের মুনাফার অপর্যাপ্ততার ক্ষেত্রে কোন তহবিল থেকে মুনাফা দেওয়া হয়? ব্যাখ্যা কর। ২
- গ. এক্মি কর্পোরেশন কোন ধরনের উৎস থেকে অর্থায়ন করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. মেয়াদি অর্থায়নের ভিত্তিতে এক্মি কর্পোরেশনের অর্থায়ন কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৩ ▶ জনাব আজহার সাহেব তার সঞ্চিত অর্থ আল-আরাফাহ ব্যাংকে জমা রাখতে চান। সেখান থেকে ৫,০০,০০০ টাকা ৫ বছর পর ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে দ্বিগুণ পাওয়া যাবে। অপর দিকে অনামিকা ব্যাংকের ম্যানেজার বললেন, আমাদের ব্যাংকে জমা রাখলে ১২% সাপ্তাহিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদান করা হবে।
- ক. সুযোগ ব্যয় কী? ১
- খ. প্রকৃত সুদের হার কোন ধরনের সুদের হারে পরিবর্তিত হয়? ব্যাখ্যা কর। ২
- গ. জনাব আজহার সাহেবের আল-আরাফাহ ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩
- ঘ. জনাব আজহার সাহেবের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব ফারহান একজন বিনিয়োগকারী। তিনি উপার্জিত অর্থ প্রথমে অন্বেষা কোম্পানির বন্ডে ১০% সুদে পাঁচ বছরের জন্য বিনিয়োগ করেন। কিন্তু হঠাৎ তার অর্থের প্রয়োজন হলে তিনি উক্ত বন্ডটি বাজারে বিক্রয় করতে পারেন নি। পরবর্তীতে মেয়াদপূর্তির পরে উক্ত অর্থ হাতে আসলে তিনি চিন্তা করেন "স্বপ্ন" ও "আশা" নামে দুটি প্রকল্পের মাঝে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগ করবেন। যেখানে "স্বপ্ন" প্রকল্পের বিগত দশ বছরের আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, (−৫)%, ১৫%, ৩৫%, ১০%, ২৫%, ৩০%, ১২% ও ০% এবং "আশা" প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৮.৫%।
- ক. ঝুঁকিমুক্ত আয় কী? ১
- খ. প্রতিষ্ঠান অভ্যন্তরীণ উৎস থেকে অর্থায়নের ফলে কোন ধরনের ঝুঁকির মুখোমুখি হয়? ব্যাখ্যা কর। ২
- গ. জনাব ফারহানের প্রাথমিকভাবে বিনিয়োগের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
- ঘ. জনাব ফারহানের কোন প্রকল্পের বিনিয়োগ করা উচিত? মন্তব্য বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব আমির একজন শিল্পপতি। সম্প্রতি তিনি "প্রিতী" ও "ইতি" নামে দুটি প্রকল্পের যেকোনো একটিতে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। প্রকল্পগুলোর মেয়াদ কাল ৩ বছর এবং প্রাথমিক বিনিয়োগ প্রতিটিতে ৫,০০,০০০ টাকা।

| বিবরণ | প্রকল্প "প্রিতী" | প্রকল্প "ইতি" |
|---|---|---|
| বিক্রয় : ১ম বছর | ১,০০,০০০ | ১,২৫,০০০ |
| ২য় বছর | ২,৫০,০০০ | ২,০০,০০০ |
| ৩য় বছর | ৪,০০,০০০ | ৪,৫০,০০০ |
| স্থায়ী খরচ | ৩০,০০০ | ৩২,০০০ |
| অবচয় | ৫% | ৬% |
| চলতি খরচ | ২৫% | ২৬% |
| করহার | ৩০% | ৩০% |

- ক. মূলধন বাজেটিং কাকে বলে? ১
- খ. প্রতিষ্ঠানের জন্য পুনরায় মেশিনারী ক্রয় মূলধন বাজেটিং এর কোন ধরনের প্রয়োগ? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের আলোকে, প্রকল্প "প্রিতী" এর পরিশোধকাল সময় নির্ণয় কর। ৩
- ঘ. জনাব আমিরের কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে যদি "প্রিতী" প্রকল্পের গড় মুনাফার হার ৪৮.৫২% হয়? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ মিসেস ফাহমিদা খানম প্রাণ ফুড প্রোডাক্টস লি. এর একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানটির তহবিল নিজস্ব জমানো অর্থ এবং বন্ধু রহিম থেকে ঋণ নিয়ে সংগ্রহ করেন। তিনি ঢাকার যমুনা ফিউচার শপিং মলের একটি স্টলে বিপুল সংখ্যক ক্রেতার সমাগম দেখে অবাক হন। উক্ত স্টলের বিভিন্ন অভিজ্ঞতা অর্জনপূর্বক তিনি তার ষ্টলে বিভিন্ন ধরনের খাবারের পাশাপাশি বাচ্চাদের খেলনা কথিত মহিলাদের প্রসাধনী বিক্রি করেন। ফলে প্রতিষ্ঠানটি বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায় এবং মুনাফা অর্জনে সক্ষম হয়।
- ক. আন্তর্জাতিক অর্থায়ন কাকে বলে? ১
- খ. রাস্তাঘাটের সংস্কারের জন্য কোন ধরনের অর্থায়নের প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
- গ. মিসেস ফাহমিদা খানম তহবিল সংগ্রহের ক্ষেত্রে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. অর্থায়নের নীতিমালার আলোকে জনাব ফাহমিদা খানমের কার্যক্রমের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

## খ অংশ : ব্যাংকিং অংশ

৭ ▶ সততা ব্যাংক লি. এবং পুরবী ব্যাংক লি. এর ৮০% শেয়ার ক্রয়ের মাধ্যমে রূপসী ব্যাংক লি. তাদেরকে পরিচালনা করে থাকে। সম্প্রতি ব্যাংকসমূহ একত্রিত হয়ে বিভিন্ন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত নিয়েছে।

* কর্মকর্তা ও কর্মচারীদের সুষ্ঠু ও উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা।
* গ্রাহকের তথ্য প্রকাশে অধিকতর সতর্কতা ও কঠোরতা অবলম্বন।
* গ্রাহকদের নগদ অর্থ উত্তোলনের চাহিদা মেটানোর জন্য দৈনিক ১০০ কোটি টাকা সংরক্ষণ। যদিও বাস্তবে ৪০ কোটি টাকা প্রয়োজন।

- ক. বিশেষায়িত ব্যাংক কাকে বলে? ১
- খ. ব্যবসায়ের জন্য আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে ইসলামি ব্যাংক কোন ধরনের সেবা দিয়ে থাকে? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লেখিত তথ্যে কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংকের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির আলোকে উদ্দীপকের ব্যাংকিং কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৮ ▶ ইস্টার্ন ব্যাংক লি. নতুন প্রতিষ্ঠিত একটি ব্যাংক। ব্যাংকটি মুদ্রাবাজারে সিকিউরিটি বা ঋণপত্র বিক্রয়ের মাধ্যমে তহবিল সংগ্রহ করে। মুনাফা অর্জনের উদ্দেশ্য ব্যাংকটির যাত্রা শুরু হয়। ব্যাংকটি ভাবছে প্রতিযোগিতার এ যুগে ব্যবসায়ের একটি বিশেষ শাখায় যদি ভালো করা যায় তবেই সামনে এগিয়ে যাওয়া সম্ভব হবে। তাই প্রত্যয়পত্র ইস্যু, পে-অর্ডার, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ও বিনিময় বিল বাট্টাকরণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে অর্থসংস্থান করছে।
- ক. প্রত্যয়পত্র কী? ১
- খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
- গ. ইস্টার্ন ব্যাংক লি. এর তহবিলের উৎস কী? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ব্যাংকিং ব্যবসায়ের কার্যক্রমের আলোকে ইস্টার্ন ব্যাংক লি. এর ব্যাংকিং কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৯ ▶ আফজাল সাহেব একজন সফল ফার্নিচার ব্যবসায়ী। তার একমাত্র ছেলে অভি নবম শ্রেণিতে পড়ে। এইচ.এস.সি পাশের পর উচ্চ শিক্ষার জন্য অনেক অর্থের প্রয়োজন হবে ভেবে তিনি প্রতি মাসে ১০০০ টাকা করে 'কপোতাক্ষ ব্যাংক লি.' এ জমা রাখেন। উক্ত ব্যাংকের একটি পণ্যের মাধ্যমে নগদ অর্থ ছাড়াই ব্যবসায়ের প্রয়োজনীয় মালামাল ক্রয় করেন। ব্যবসায়িক কার্যক্রম শেষে দোকানে বসেই আধুনিক প্রযুক্তির মাধ্যমে বিভিন্ন লেনদেন নিষ্পত্তি করেন। ব্যাংকের সহায়তার কারণে তার ব্যবসায়ের কাজে গতিশীলতা আসে।
- ক. RFCDA কাকে বলে? ১
- খ. কোন ধরনের হিসাবধারীদেরকে প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা রাখতে হয়? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের 'কপোতাক্ষ ব্যাংক লি.' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে ব্যাখ্যায় ত্বরান্বিত আফজাল সাহেবের ব্যবসায় কপোতাক্ষ ব্যাংক লি. সহযোগিতার কারণে ত্বরান্বিত হবে –ব্যাখ্যা কর। ৪

১০ ▶ সুরমা ব্যাংক লি. একটি প্রতিষ্ঠিত ব্যাংক। ব্যাংকটি জনাব আবিরের পক্ষ হয়ে তার কোম্পানির বিদ্যুৎ বিল, গ্যাস বিল পরিশোধ করছে, শেয়ার ক্রয়-বিক্রয় করছে, অর্থ ও সম্পদের নিরাপদ সংরক্ষণ করছে। জনগণ যাতে ব্যাংক থেকে অধিক সেবা পেতে পারে কেন্দ্রীয় ব্যাংক সর্বদা তা তদারকি করছে। সম্প্রতি জনাব আবির প্রতিষ্ঠানের ধারে কাঁচামাল ক্রয় বাবদ ১০,০০,০০০ টাকা শাহী কোম্পানিকে যথাসময়ে পরিশোধ করতে পারেনি। ফলে শাহী কোম্পানি তার বিরুদ্ধে মামলা দায়ের করে। আদালত সুরমা ব্যাংক লি. কে জনাব আবিরের সকল ব্যাংকিং কার্যক্রম বন্ধ করে দিতে বলে।
- ক. পরিশোধিত মূলধন কী? ১
- খ. কোন ধরনের চেক বেশি নিরাপদ? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লেখিত ব্যাংক গ্রাহক সম্পর্কের ধরন ব্যাখ্যা কর। ৩
- ঘ. আদালত জনাব আবিরের সকল ব্যাংকিং কার্যক্রম বন্ধ করে দেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ সরকারের আদেশে C ব্যাংক কিছুদিন পূর্বে ৫০ টাকার নতুন নোট বাজারে ছাড়ে। এতে গ ও ঘ ব্যাংকসহ অন্যান্য ব্যাংক এসব নোট সংগ্রহ করে। গ ও ঘ ব্যাংককে C ব্যাংকের সকল আদেশ নির্দেশ মেনে চলতে হয়। এই দুইটি ব্যাংক তারল্য সংকটে পড়লে C ব্যাংক ঋণ দিয়ে সহায়তা করে। হঠাৎ গ ব্যাংকটি আর্থিক মন্দায় পড়লে C ব্যাংক পাশে এসে দাঁড়ায় এবং পরামর্শ দেয়। এক পর্যায়ে ব্যাংকটিতে প্রয়োজনীয় প্রশাসক নিয়োগপূর্বক দায়িত্ব গ্রহণ করে। এতে ধীরে ধীরে ব্যাংকটির আর্থিক অবস্থার উন্নতি ঘটে।
- ক. নিকাশ ঘর কী? ১
- খ. কোন ব্যাংককে ঋণ দানের শেষ আশ্রয়স্থল বলা হয়? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে C ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে C ব্যাংকের ব্যাংকিং কার্যক্রম মূল্যায়ন কর। ৪

# ৭ ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স ও ব্যাংকিং ▾ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

### ক অংশ : ফিন্যান্স অংশ

১ ▸ বন্ধন কোম্পানি লি. শেয়ার ইস্যুর মাধ্যমে দীর্ঘমেয়াদী অর্থের সংস্থান করে থাকে। তাছাড়াও কোম্পানি বিভিন্ন মেয়াদে ঋণ নিয়ে থাকে এবং সংগৃহীত অর্থ লাভজনক খাতে বিনিয়োগ করে।
ক. অর্থায়ন কয় প্রকার? ১
খ. ব্যবসায়ের উপযুক্ততার নীতি বলতে কী বোঝ? ২
গ. "শেয়ার ইস্যু ছাড়াও কোম্পানি বিভিন্ন মেয়াদে ঋণ নিয়ে থাকে" –উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "কোম্পানি ঋণ নিয়ে তা আবার বিনিয়োগ করে" ব্যবস্থাপনা কার্যাবলির আলোকে বিস্তারিত আলোচনা কর। ৪

২ ▸ জনাব তারেক একজন মুদি ব্যবসায়ী। বাজারে ফলের চাহিদা লক্ষ্য করে তিনি দোকানের সামনে কিছু মৌসুমী ফল বিক্রয়ের সিদ্ধান্ত নেন। এবং এর অর্থসংস্থানের জন্য তিনি প্রাপ্য বিল বাট্টা করেন।
ক. স্বল্পমেয়াদী অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎস কয়টি? ১
খ. প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বোঝ? ২
গ. জনাব তারেক প্রাপ্য বিলের বাট্টাকরণ ছাড়া আর কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারতেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব তারেক প্রাপ্য বিলের বাট্টাকরণের মাধ্যমে অর্থ সংগ্রহ করা কতটুকু যৌক্তিক? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৩ ▸ একটি কোম্পানির মোট মূলধন ২০ লক্ষ টাকা। সাধারণ শেয়ার মূলধন ১০ লক্ষ টাকা, ১০% অগ্রাধিকার শেয়ার মূলধন ৬ লক্ষ টাকা এবং অবশিষ্ট অংশ ১৫% ঋণ মূলধন। সাধারণ শেয়ার বাজারমূল্য ১৫০ টাকা, অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য ১২০ টাকা। কোম্পানি সাধারণ শেয়ারমালিকদের জন্য শেয়ার প্রতি ১৮ টাকা লভ্যাংশ ঘোষণা করেন। অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৭% হারে বৃদ্ধি পেয়েছে। করের হার ৪০%।
ক. প্রতিষ্ঠানের মালিকদের ইক্যুইটি অংশকে কী বলে? ১
খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি ও স্থির হারে লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি বলতে কী বোঝ? ২
গ. উপর্যুক্ত তথ্য থেকে কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. উপর্যুক্ত তথ্য থেকে কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় কর। ৪

৪ ▸ জনাব তৌহিদ বিনিয়োগকৃত টাকা ৩ বছরের মধ্যে তুলে আনার আশায়, একটি প্রকল্পে ১৫ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। এক্ষেত্রে প্রাক্কলিত বিক্রয় ধরা হয় যথাক্রমে ৮ লক্ষ, ১২ লক্ষ ও ১৬ লক্ষ টাকা। স্থায়ী ব্যয় ১ লক্ষ টাকা এবং চলতি ব্যয় বিক্রয়ের ৩০%। কর হার ৩০%।
ক. মূলধন বাজেটিং প্রক্রিয়ার ২য় ধাপ কোনটি? ১
খ. পে-ব্যাংক পদ্ধতির ২টি সীমাবদ্ধতা লেখ। ২
গ. জনাব তৌহিদ এর প্রকল্প হতে গড় মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাংক সময়ের ভিত্তিতে জনাব তৌহিদের কী বিনিয়োগ প্রকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মুস্তাকিন ৫ বছর পর পড়ালেখা শেষ করে ব্যবসা করার সিদ্ধান্ত নিল। এজন্য তাকে প্রাথমিকভাবে ৬ লক্ষ টাকা পুঁজি বিনিয়োগ করতে হবে। তাই মুস্তাকিন এখন ব্যাংকে কিছু টাকা জমিয়ে রাখতে চাইলে 'খ' ব্যাংক সরাসরি ৩ লক্ষ টাকা জমিয়ে রাখার প্রস্তাব করে এবং 'চ' ব্যাংক ৭% অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধিতে টাকা জমা রাখার প্রস্তাব করে।
ক. বাট্টাকরণ পদ্ধতিতে কী নির্ণয় করা হয়? ১
খ. চক্রবৃদ্ধি সুদের পরিমাণ সরল সুদের চেয়ে বেশি হয় কেন? ২
গ. সুদের হার ৭% হলে অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধিতে কত টাকা জমা রাখতে হবে? ৩
ঘ. 'খ' ব্যাংকের প্রস্তাব অনুযায়ী সুদের হার নির্ণয় কর। এবং উদ্দীপকে কোন ব্যাংকে টাকা জমা রাখা উচিত? ব্যাখ্যা কর। ৪

৬ ▸ মাসুদ সাহেব তার পেনশনের টাকা 'ক' ও 'খ' কোম্পানিতে বিনিয়োগ করেন। 'ক' কোম্পানি জামানত হিসেবে স্থায়ী সম্পদ জমা রাখলেও 'খ' কোম্পানি কোনো সম্পদ জমা রাখেনি। কিন্তু উভয় কোম্পানি নির্দিষ্ট হারে লাভ দিয়ে থাকে।
ক. সূচকের উঠানামা নির্ভর করে কিসের উপর? ১
খ. লভ্যাংশ নীতি বলতে কী বোঝ? ২
গ. 'ক ও খ' কোম্পানিতে বিনিয়োগকৃত খাতগুলো কী কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দুটি কোম্পানির মধ্যে কোন কোম্পানিতে বিনিয়োগ অধিক নিরাপদ বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

### খ অংশ : ব্যাংকিং অংশ

৭ ▸ জনাব আসিফ একজন ব্যবসায়ী। তিনি সারাদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা কুটিরশিল্পের পণ্যসামগ্রী সংগ্রহ করে বিদেশে রপ্তানী করেন। তার একটি ব্যাংকে হিসাব রয়েছে। ঐ ব্যাংকের সারাদেশে শাখা রয়েছে। ফলে আসিফ সাহেব নগদ টাকার ঝুঁকি নেন না। তিনি সেখানেই ঐ স্থানের ব্যাংক থেকে টাকা তুলে পণ্যের দাম পরিশোধ করেন।
ক. বৈদেশিক ব্যাংকিং হিসাব কী? ১
খ. ইন্টারনেট ব্যাংকিং বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংকের কোন হিসাব থাকায় আসিফ সাহেবকে কোন ঝুঁকি নিতে হয় না? ব্যাখ্যা কর। ৪

৮ ▸ ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে শিক্ষক জনাব ইমাম হোসেন শ্রেণিকক্ষে অর্থের কাজ সম্পর্কে বলেন, অর্থের প্রধান কাজ বিনিময় মাধ্যম হলেও আধুনিককালে অর্থের কার্যাবলির বিস্তৃতি অনেক বেড়ে গেছে। অর্থ সকলের নিকট গ্রহণযোগ্য এবং মূল্যের পরিমাপক ও সঞ্চয়ের বাহন হিসেবে কাজ করে। ফলে সকলে এটিতে বিনিময় মাধ্যমের পাশাপাশি ঋণ পরিশোধের কাজে ব্যবহার করে।
ক. কখন ব্যাংক ব্যবস্থা চালু হয়? ১
খ. মুদ্রা ও ব্যাংকের মধ্যে সম্পর্ক কী? ২
গ. "অর্থের প্রধান কাজ বিনিময় মাধ্যম" –ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে অর্থের কাজ সম্পর্কে বিস্তারিত বর্ণনা কর। ৪

৯ ▸ জনাব সাকিব সাহেব ফেনী শহরে একটি গ্লাস কারখানা চালু করার কথা চিন্তা করছেন। দীর্ঘমেয়াদী অর্থসংস্থানের জন্য তিনি নিকটস্থ কৃষি উন্নয়ন ব্যাংকে গেলে, কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপক সাকিব সাহেবকে বললেন, কৃষি ব্যাংক শুধু কৃষি উন্নয়নের লক্ষ্যে কৃষকদেরকে ঋণ দেয়। আপনি ঋণের জন্য শিল্প ব্যাংকে যোগাযোগ করুন। সাকিব সাহেব ব্যবস্থাপক সাহেবের পরামর্শ অনুযায়ী শিল্প ব্যাংকে যোগাযোগ করেন এবং ঋণের আবেদন করেন।
ক. মালিকানার ভিত্তিতে ব্যাংক কয় প্রকার? ১
খ. মিশ্র ব্যাংক বলতে কী বোঝ? ২
গ. শিল্প ব্যাংকের কার্যাবলী সম্পর্কে যা জান লেখ। ৩
ঘ. কৃষি ব্যাংকের ব্যবস্থাপক জনাব সাকিব সাহেবকে ঋণ না দিয়ে পরামর্শ দিলেন কেন? ৪

১০ ▸ স্কুল শিক্ষিকা জনাব জান্নাতুল ফেরদৌস এর স্বামী প্রবাসে থাকে। সম্প্রতি এলাকায় ডাকাতের উপদ্রব বেড়ে যাওয়ায় উনার মূল্যবান গহনাসমূহ ও মূল্যবান দলিলপত্র নিরাপদে রাখার জন্য একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করেন। কিন্তু উনার অবহেলার কারণে কিছু দিনের মধ্যে তার বাসায় ডাকাত প্রবেশ করে এবং সব মূল্যবান গহনাপত্র নিয়ে যায়।
ক. অর্থ স্থানান্তর বাণিজ্যিক ব্যাংকের কোন ধরনের কার্যাবলি? ১
খ. বাণিজ্যিক ব্যাংক বিনিময়ের মাধ্যম হিসেবে কিসের প্রচলন করেন? ২
গ. জনাবা জান্নাতুল ফেরদৌস তার মূল্যবান দলিলপত্র ও গহনার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করবেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. এই ধরনের দুর্ঘটনা এড়াতে আর্থিক প্রতিষ্ঠান কী ভূমিকা রাখতে পারে? আলোচনা কর। ৪

১১ ▸ সপ্তদশ শতকের মাঝে পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার ব্যাংকের আবির্ভাব হওয়ায় মুদ্রাবাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা দেখা দেয়। এই প্রয়োজনীয়তা থেকেই অর্থব্যবস্থার নিয়ন্ত্রক হিসেবে কেন্দ্রীয় ব্যাংক জন্ম লাভ করে।
ক. কেন্দ্রীয় ব্যাংক কে সূর্যের সাথে তুলনা করা হয়েছে কেন? ১
খ. কেন্দ্রীয় ব্যাংকের ব্যবস্থাপনা সম্পর্কে সংক্ষেপে লেখ। ২
গ. "বাণিজ্যিক ব্যাংক এর পথ ধরেই কেন্দ্রীয় ব্যাংক এর উৎপত্তি" উদ্দীপকের আলোকে বক্তব্যটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে কেন্দ্রীয় ব্যাংকের প্রয়োজনীয়তা ও কার্যাবলি সম্পর্কে আলোচনা কর। ৪

## ৮ ✓ বাংলাদেশ মহিলা সমিতি বালিকা বিদ্যালয়, চট্টগ্রাম

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | **ফিন্যান্স ও ব্যাংকিং ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান : ৭০

### ক অংশ : ফিন্যান্স

১ ▶ আফরোজ কোম্পানির শুরু হতেই ইকবাল চৌধুরী অর্থ ব্যবস্থাপক হিসেবে কাজ করে আসছেন। প্রথম দিকে তিনি কোম্পানির তহবিল সংগ্রহের জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেন এবং সম্প্রতি কোম্পানিটির উৎপাদন ক্ষমতা বাড়ানোর জন্য তিনি চারটি মেশিন ক্রয়ের পরামর্শ দেন।

ক. স্বল্পমেয়াদি তহবিল দিয়ে কোন ধরনের মূলধন সরবরাহ করা হয়? ১
খ. আন্তর্জাতিক অর্থায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ইকবাল চৌধুরী প্রথম দিকে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন? বর্ণনা কর। ৩
ঘ. একজন অর্থ ব্যবস্থাপক হিসেবে ইকবাল চৌধুরীর দ্বিতীয় সিদ্ধান্তটি কতটুকু যুক্তিযুক্ত? মূল্যায়ন কর। ৪

২ ▶ মো: সিয়াম ৪,০০,০০০ টাকা মডেল ব্যাংকে জমা রাখতে চান। ব্যাংকটিতে কর্মরত তার বন্ধু জানাল ব্যাংকে ১১% চক্রবৃদ্ধি সুদে বছরে একাধিকবার সুদ প্রদান করা হয়। মো: সিয়াম ১২ বছরের জন্য একটি স্থায়ী হিসাব খুলতে চান।

ক. অভ্যন্তরীণ তহবিল উৎসগুলোকে কতভাগে ভাগ করা যায়? ১
খ. লিজিং কী? ব্যাখ্যা কর। ২
গ. দ্বিমাসিক চক্রবৃদ্ধিতে মো: সিয়ামকে উক্ত ব্যাংক কত টাকা দেবে? ৩
ঘ. মাসিক চক্রবৃদ্ধিতে মো: সিয়াম ১০ বছর পর কত টাকা পাবেন? ৪

৩ ▶ মৃণময়ী ৫ বছর পূর্বে শালিক ও শ্যামা নামক দুইটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করেন। প্রকল্প দুইটি থেকে ৫ বছরে প্রাপ্ত আয়ের হার নিম্নরূপ :

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| শালিক | ১২% | ১৬% | ২০% | ১৪% | ১৩% |
| শ্যামা | ১৩% | ১৪% | ২২% | ১১% | ১৫% |

ক. দায় পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ১
খ. ঝুঁকি ও অনিশ্চয়তার পার্থক্য লেখ। ২
গ. শালিক প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. মৃণময়ীর কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব শহিদুল একটি প্রকল্প গ্রহণ করেছেন, যার প্রাথমিক বিনিয়োগ ৭০,০০০ টাকা এবং অবশিষ্ট মূল্য ২০,০০০ টাকা। অবচয়পূর্ব ও কর প্রদানের পূর্বে উক্ত প্রকল্প হতে প্রথম পাঁচটি বছরে যথাক্রমে ১০,০০০ টাকা, ১২,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ১৭,০০০ টাকা এবং ২০,০০০ টাকা পাওয়া যাবে। করের হার ২০%। অবচয় ধার্য করার ক্ষেত্রে সরলরৈখিক পদ্ধতি বিবেচনা করা হয়।

ক. আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয় কখন? ১
খ. মূলধন বাজেটিংয়ের পদ্ধতি কতটি ও কী কী? ২
গ. উদ্দীপকের প্রকল্পটির গড় মুনাফার হার কত নির্ণয় কর। ৩
ঘ. উক্ত প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৪

৫ ▶ এভারেস্ট লি: এর মোট মূলধন ১০০ কোটি টাকা। যার মধ্যে ৫০ টাকা মূল্যের সাধারণ শেয়ার ৬০ কোটি টাকা, ১০% অগ্রাধিকার শেয়ার ৩০ কোটি টাকা। প্রতিটি অগ্রাধিকার শেয়ারের বাজার মূল্য ৫০ টাকা। অবশিষ্ট ১১% ঋণ মূলধন। করের হার ৩০%। এ বছর সাধারণ শেয়ারে ৪ টাকা লভ্যাংশ ঘোষণা করা হয় এবং তা প্রতিবছর ৫% বৃদ্ধি পাবে।

ক. কোন শেয়ার আয় নিশ্চিত? ১
খ. মূলধন ব্যয় কী? ব্যাখ্যা কর। ২
গ. এভারেস্ট লি. এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. এভারেস্ট লি. এর সামগ্রিক মূলধন ব্যয় নির্ণয় কর। ৪

৬ ▶ জনাব রুবেল শেয়ারে কিছু অর্থ বিনিয়োগ করতে চাইলে তার বন্ধু তাকে সোনালী কোম্পানির প্রথমবারের মতো শেয়ার বিক্রির প্রস্তাব পড়ে শুনান। এতে রুবেল আকৃষ্ট হয়ে কিছু শেয়ার ক্রয় করেন। পরবর্তীতে কোম্পানি থেকে প্রাপ্ত আয় স্থিতিশীল না হওয়ায় তিনি তার শেয়ারগুলো বাজারে বিক্রি করার সিদ্ধান্ত নেন।

ক. বাংলাদেশে কতটি স্টক এক্সচেঞ্জ রয়েছে? ১
খ. বন্ড কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রুবেল কোম্পানিটির শেয়ার কোথা থেকে সংগ্রহ করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে বিক্রির জন্য কোন বাজার যুক্তিসঙ্গত হবে? বিশ্লেষণ কর। ৪

### খ অংশ : ব্যাংকিং

৭ ▶ রেহেনা আকতার প্রথমবারের মতো তার সঞ্চিত অর্থ নিয়ে একটি ১৫ বছর মেয়াদি হিসাব খুলতে গিয়ে এক ব্যাংক কর্মকর্তা থেকে জানতে পারেন ব্যাংক জনগণের অর্থ সংগ্রহ করা ছাড়াও নানাবিধ কাজ করে থাকে।

ক. Lombardy Street কোথায় অবস্থিত? ১
খ. কাগজী মুদ্রার ব্যাপক প্রসার লাভের কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. রেহেনা আকতার কোন হিসাবে অর্থ জমা রেখেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যাংক কর্মকর্তার উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮ ▶ আবরার হোসেনের ছোট ভাই যমুনা ব্যাংকে চাকরি করা সত্ত্বেও তিনি ব্যবসার প্রয়োজনে মূলধন সংগ্রহের জন্য ইসলামি ব্যাংকের একটি বিশেষ সেবা গ্রহণ করেন।

ক. পাঠ্যবইয়ের আলোকে একটি বিদেশি ব্যাংকের নাম লেখ। ১
খ. ব্যাংক কীভাবে প্রতিনিধি হিসেবে কাজ করে? ব্যাখ্যা কর। ২
গ. যমুনা ব্যাংক কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. মূলধন সংগ্রহে ইসলামি ব্যাংকের সেবাটি বিশেষ সহায়ক? বিশ্লেষণ কর। ৪

৯ ▶ আট মাস আগে তারেক তার বন্ধু মিলনের কাছ থেকে এক লক্ষ টাকা ধার নিয়েছিলেন। এখন সেই টাকা বাহক চেকের মাধ্যমে ফেরত দিতে চাইলে মিলন তাতে আপত্তি জানান। তিনি দাগকাটা চেকের মাধ্যমে টাকা পরিশোধের জন্য তারেককে অনুরোধ করেন।

ক. কোন মেশিনের মাধ্যমে নগদ টাকা উত্তোলন করা যায়? ১
খ. ডেটর-ক্রেডিটর সম্পর্ক বলতে কী বোঝায়? ২
গ. বাহক চেক নিতে মিলন আপত্তি জানাল কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. লেনদেনের নিরাপত্তা বিধানে দ্বিতীয় চেকটিই উত্তম –মতামত দাও। ৪

১০ ▶ লুবনার চাচা যে ব্যাংকটিতে কর্মরত আছেন সেই ব্যাংকটি দেশ-বিদেশের অর্থবাজার, অর্থনীতি ও সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে তথ্য সরবরাহ করে এবং দেশের সকল ব্যাংক নিয়ন্ত্রণ করে। ব্যাংকটি নিকাশ ঘরের দায়িত্ব পালনের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

ক. কেন্দ্রীয় ব্যাংক কোন ধরনের প্রতিষ্ঠান? ১
খ. ঋণের শেষ আশ্রয়স্থল বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. লুবনার চাচা কোন ব্যাংকে কর্মরত আছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিকাশ ঘরের দায়িত্ব পালনে উদ্দীপকের ব্যাংকটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

১১ ▶ আবু তালেব একজন ব্যবসায়ী। প্রতিদিনই তাকে নগদ টাকা লেনদেন ও সংরক্ষণের ঝামেলা মোকাবেলা করতে হয়। তাই তিনি একটি ব্যাংক হিসাব খোলার এবং ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণের সিদ্ধান্ত নেন।

ক. ATM এর পূর্ণরূপ লেখ। ১
খ. বাজার নিয়ন্ত্রিত ব্যাংক বলতে কী বোঝায় ব্যাখ্যা কর। ২
গ. আবু তালেবের জন্য কোন ধরনের হিসাব উপযুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ৯ ✓ বরিশাল জিলা স্কুল

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স ও ব্যাংকিং ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

### ক–বিভাগ : ফিন্যান্স

১ ▸ জনাব মোমেনের কোম্পানীর মোট মূলধনের পরিমাণ ৫০০ কোটি টাকা। যার ৪৫% সাধারণ শেয়ার মূলধন, ৩৫% অগ্রাধিকার শেয়ার মূলধন এবং অবশিষ্টাংশ ঋণ মূলধন। ঋণকৃত মূলধনের সুদ ১০% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ৯%। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৩৫ ও ১৩০ টাকা, কোম্পানি এ বছর সাধারণ শেয়ারমালিকদের প্রতি শেয়ারে ১২ টাকা লভ্যাংশ প্রদান করছে। বা অতীতের চেয়ে ৫% বেশি, কর হার ৩০%।

ক. মূলধন খরচ কী? ১
খ. শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি বলতে কী বুঝ? ২
গ. জনাব মোমেনের কোম্পানীর সাধারণ শেয়ার মূলধন নির্ণয় কর। ৩
ঘ. জনাব মোমেনের কোম্পানীর গড় মূলধন ব্যয় নির্ণয় কর। ৪

২ ▸ অহনা ট্রেডার্সের ক ও খ প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৬০,০০০.০০ টাকা এবং মেয়াদকাল ৩ বছর। অবচয় ও করপূর্ব মুনাফা এবং অন্যান্য তথ্য–

| বিবরণ | প্রকল্প ক | | | প্রকল্প খ | | |
|---|---|---|---|---|---|---|
| | বছর ১ | বছর ২ | বছর ৩ | বছর ১ | বছর ২ | বছর ৩ |
| অবচয় ও করপূর্ব মুনাফা | ৩০,০০০ | ২৫,০০০ | ১৮,০০০ | ১৫,০০০ | ৩৩,০০০ | ৩৮,০০০ |
| করের হার | ৫০% | ৫০% | ৫০% | ৫০% | ৫০% | ৫০% |

ক. নগদ আন্তঃপ্রবাহ কী? ১
খ. পণ্য বৈচিত্র্যায়ন বলতে কী বুঝ? ২
গ. অহনা ট্রেডার্সের ক প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটির মধ্যে কোনটিতে বিনিয়োগ অধিকতর গ্রহণযোগ্য তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৩ ▸ জনাব সিফাত শেয়ারবাজারে বিনিয়োগ থেকে গত ছয় বছরে প্রাপ্ত সুদের হার ছিল যথাক্রমে ১০%, ২০%, – ৫%, ১৫% ২৫%, ৩০%।

ক. ঝুঁকি কী? ১
খ. ব্যবসায়িক ঝুঁকি এবং আর্থিক ঝুঁকির মধ্যে ২টি পার্থক্য লেখ। ২
গ. জনাব সিফাতের শেয়ার বিনিয়োগের আয়ের গড় থেকে ব্যবধানের বর্গের যোগফল নির্ণয় কর। ৩
ঘ. জনাব সিফাতের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

৪ ▸ জনাব সোহেল চার বছর পর ১,০০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে রাখতে চায়। বর্ণালী ব্যাংক তাকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। অপরদিকে মোহনা ব্যাংক ৯% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে।

ক. সরল সুদ কী? ১
খ. অর্থের সময়মূল্য বলতে কী বুঝ? ২
গ. চার বছর পর ১,০০,০০০ টাকা পেতে হলে বর্তমানে বর্ণালী ব্যাংকে কত টাকা রাখতে হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সোহেলের জন্য কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৫ ▸ খান গ্রুপ বরিশালে একটি নতুন কারখানা স্থাপনের পরিকল্পনা করেছে। পরিকল্পনামাফিক কাজ সম্পাদনের জন্য প্রতিষ্ঠানটি বিনিয়োগ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে।

ক. স্বল্পমেয়াদি অর্থায়নের মেয়াদকাল কত? ১
খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল বলতে কী বুঝ? ২
গ. খান গ্রুপের কারখানা স্থাপনের জন্য কোন ধরনের মূলধন প্রয়োজন? বর্ণনা কর। ৩
ঘ. খান গ্রুপের জন্য বিনিয়োগ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করা কতখানি যৌক্তিক বলে তুমি মনে কর? ৪

৬ ▸ জনাব শাকিল রূপসা ব্যাংকে সঞ্চয়ী হিসাবে ৮% হারে ৮,০০,০০০ টাকা পাঁচ বছর পর্যন্ত জমা রাখার সিদ্ধান্ত নেন। একই সময়ে যমুনা ব্যাংকও বছরে দ্বিগুণ দেয়ার প্রস্তাব দেয়।

ক. নট্র্যামস-এর প্রধান কাজ কী? ১
খ. অর্থের সময়মূল্য বলতে কী ২
গ. জনাব শাকিল রূপসা ব্যাংকে টাকা জমা রাখলে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব শাকিলের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা যুক্তিযুক্ত বলে মনে কর। ৪

### খ–বিভাগ : ব্যাংকিং

৭ ▸ বিদেশ ফেরত জনাব শাকিল বরিশালের একটি বড় ব্যাংকে তার সঞ্চিত টাকা জমা রাখতে চাইলেন। কিন্তু ব্যাংক কর্মকর্তা জানালেন উক্ত ব্যাংক দেশের অর্থনৈতিক উন্নয়নের কাজে সরকারকে পরামর্শ দেয়। তিনি জনাব শাকিলকে বর্ণালী ব্যাংকে হিসাব খোলার পরামর্শ দেন।

ক. চেইন ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে ঋণ নিয়ন্ত্রণ করে? ২
গ. জনাব শাকিল কোন ধরনের ব্যাংকে গিয়েছিলেন? ৩
ঘ. জনাব শাকিলের জন্য ব্যাংক কর্মকর্তার পরামর্শ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ কামাল ব্রাদার্স তার ব্যবসায়ের স্বার্থে এবিসি ব্যাংক LC থেকে সংগ্রহ করেন। এবিসি ব্যাংক অন্যান্য যে কোন ব্যাংকিং কাজে সহায়তার আশ্বাস দেয়।

ক. বাণিজ্যিক ব্যাংকের বিশেষ উদ্দেশ্য কী? ১
খ. সংরক্ষিত তহবিল বলতে কী বুঝ? ২
গ. কামাল ব্রাদার্স কেন LC সংগ্রহ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. কামাল ব্রাদার্স এবিসি ব্যাংক থেকে উত্তম সেবা পেতে পারে কি তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৯ ▸ নাবিলা প্রাইভেট লি. তাদের যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করে। দেশের সর্বত্র বিদ্যুৎ ব্যবস্থা না থাকায় ই-ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গ্রাহকসেবা নিশ্চিত করে।

ক. চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী? ১
খ. ডিপোজিট পেনশন স্কিম হিসাব কী? ব্যাখ্যা কর। ২
গ. নাবিলা প্রাইভেট লি. অন লাইন ব্যাংকিং এর মাধ্যমে কী কী সুবিধা পাচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত ব্যাংকিং ব্যবস্থা বাংলাদেশের প্রেক্ষাপটে কতটা যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

১০ ▸ জনাব আদিব বরিশালের একজন স্বনামধন্য ব্যবসায়ী। দেনাদারের কাছ থেকে প্রাপ্ত চেক ব্যাংকে জমা দিতে যাবার সময় চেকটি ছিনতাই হয়। কিন্তু এজন্য তিনি মোটেই উদ্বিগ্ন নন।

ক. LC কী? ১
খ. প্রত্যয়পত্র বলতে কী বুঝ? ২
গ. জনাব আদিবের চেকটি কোন ধরনের ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আদিব তার ব্যবহৃত চেক থেকে কী কী সুবিধা পেতে পারে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ নবম শ্রেণীর ছাত্র সোহেল প্রতিদিন স্কুলে টিফিনের টাকা বাঁচিয়ে কিছু টাকা জমা করে। এতে প্রতি মাসে তার ২০০ টাকার মত জমা হয়। সে সিদ্ধান্ত নিল ব্যাংকে একটি হিসাব খুলবে। কোন হিসাব খুলবে এবং কিভাবে হিসাব খুলবে তা সে জানে না। তাই সে তার এক বন্ধুর সহায়তায় ওয়ান ব্যাংকে একটি হিসাব খুলল।

ক. ব্যাংকিং ব্যবসার তহবিলের মূল উৎস কী? ১
খ. ATM কার্ড বলতে কী বুঝ? ২
গ. সোহেলের জন্য ব্যাংকে কোন হিসাব খোলা যুক্তিযুক্ত এবং সে কিভাবে হিসাবটি খুলবে বর্ণনা কর। ৩
ঘ. সোহেল ব্যাংকে যে হিসাবটি খুলেছে তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

## ১০ ✓ রংপুর জিলা স্কুল

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স ও ব্যাংকিং ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

### ক অংশ : ফিন্যান্স অংশ

১ ▶ নাহিদ একজন পোশাক বিক্রেতা। সে প্রথমে শুধু মেয়ে বাচ্চাদের পোশাক বিক্রি করত। এতে তার বিক্রি খুবই কম হতো। পরবর্তীতে সে সিদ্ধান্ত নেয় যে, সকল বয়সের ছেলে ও মেয়ের পোশাক বিক্রি করবে। এর ফলে তার বিক্রি বৃদ্ধি পায় এবং অধিক মুনাফা অর্জিত হয়।

ক. ব্যবসায়ের মূল চালিকাশক্তি কী? ১
খ. তারল্য বনাম মুনাফা নীতি কী? ব্যাখ্যা কর। ২
গ. নাহিদের ব্যবসায় কারবারি অর্থায়নের কোন নীতিটি পরিলক্ষিত হয়? বর্ণনা কর। ৩
ঘ. নাহিদ কীভাবে অধিক মুনাফা অর্জন করতে সক্ষম হলো –তোমার মতামত দাও। ৪

২ ▶ সোহেল সাহেব একটি ফটোকপির দোকান দিতে চায় কিন্তু ফটোকপির মেশিন কেনার কোনো সামর্থ্য তার নেই। তাই তিনি লিজিং কোম্পানির নিকট থেকে তিন বছরের জন্য একটি ফটোকপির মেশিন ভাড়া নিয়ে দোকান শুরু করেন। তারপর আস্তে আস্তে তিনি অর্থ জমিয়ে একটি ফটোকপি মেশিন ক্রয় করেন এবং লিজ নেওয়া মেশিনটি মেয়াদান্তে কোম্পানিকে ফেরত দেন।

ক. ভূমি কোন ধরনের সম্পত্তি? ১
খ. সুনামকে সম্পদ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. লিজিং কোন ধরনের অর্থায়ন? বর্ণনা কর। ৩
ঘ. সোহেল সাহেবের প্রতিষ্ঠানের ক্ষেত্রে লিজিং কোম্পানির অবদান অনস্বীকার্য –উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩ ▶ জনাব হারুন ৫ বছর পর ৬,০০,০০০ টাকা পাবার আশায় ব্যাংকে কিছু টাকা জমিয়ে রাখতে চান। এক্ষেত্রে রূপালি ব্যাংক তাকে বার্ষিক ১০% হারে চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেন। পক্ষান্তরে অগ্রণী ব্যাংক তাকে মাসিক ৯.৫% চক্রবৃদ্ধির সুদের প্রস্তাব দেয়।

ক. সময়ের সাথে কিসের মূল্য পরিবর্তিত হয়? ১
খ. সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব হারুনকে রূপালি ব্যাংকে কত টাকা রাখতে হবে? ৩
ঘ. জনাব হারুনের কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক হবে। তোমার মতামত দাও। ৪

৪ ▶ মিসেস শামীমার দুইটি প্রকল্পের গত ৫ বছরের আয়ের পরিমাণ নিম্নরূপ ঃ

| সাল | প্রকল্প ক | প্রকল্প খ |
|---|---|---|
| ২০১৩ | ১৮% | ৮% |
| ২০১৪ | ১২% | ১৭% |
| ২০১৫ | (৩%) | ১২% |
| ২০১৬ | ১০% | (৫%) |
| ২০১৭ | ১৩% | ১৫% |

ক. ঝুঁকিমুক্ত আয় কাকে বলে? ১
খ. ব্যবসায় ক্ষেত্রে প্রত্যাশিত ফলের চাইতে প্রকৃত ফল কম হবার কারণটি ব্যাখ্যা কর। ২
গ. মিসেস শামীমার প্রকল্প-ক এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. মিসেস শামীমার কোন প্রকল্পে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

৫ ▶ রাতিন ট্রেডার্স ৫,০০,০০০ টাকা দীর্ঘমেয়াদি প্রকল্পে বিনিয়োগ করার কথা ভাবছেন। তিনি শ্যামা ও সুন্দর নামক দুইটি প্রকল্পের পাঁচ বছরের আয়-ব্যয় প্রাক্কলন করে নিচের তথ্যাদি পান–

| প্রকল্প | নগদ প্রবাহ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | ২০১৭ |
| শ্যামা | ৮,০০,০০০ | ৭,০০,০০০ | ৫,০০,০০০ | ৯,০০,০০০ | ১২,০০,০০০ |
| সুন্দর | ৭,০০,০০০ | ১০,০০,০০০ | ৮,০০,০০০ | ৬,০০,০০০ | ১০,০০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. পণ্য বৈচিত্র্যায়ন কী? ব্যাখ্যা কর। ২
গ. রাতিন ট্রেডার্সের শ্যামা প্রকল্পটির পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. রাতিন ট্রেডার্সের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? যুক্তি দেখাও। ৪

৬ ▶ টাটা কোম্পানির প্রতিটি শেয়ারের বর্তমান বাজারমূল্য ১১৫ টাকা এবং লিখিত মূল্য ১০০ টাকা। কোম্পানিটি বর্তমান বছরের প্রতিটি শেয়ারে ১০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করছে এবং প্রত্যাশা করছে পরবর্তী বছরগুলোতে এই লভ্যাংশ ১০% হারে বৃদ্ধি পাবে।

ক. মূলধন ব্যয় কী? ১
খ. মূলধনের কোন উৎসটির ব্যয় নির্ণয়ের ক্ষেত্রে কর সমন্বয় করা হয় এবং কেন? ২
গ. টাকা কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. যদি টাটা কোম্পানির লভ্যাংশ বৃদ্ধির হার ৮% হয় তাহলে সাধারণ শেয়ারের মূলধন ব্যয় কত হবে? ৪

### খ অংশ : ব্যাংকিং অংশ

৭ ▶ মিল্টন সাহেব একজন বড় ব্যবসায়ী। তাকে প্রায়ই অনেক টাকার পণ্য ক্রয়ের জন্য ঢাকায় আসতে হয়। নগদ টাকা সাথে আনা নিরাপদ নয় বলে তিনি ব্যাংক ড্রাফের মাধ্যমে পণ্য ক্রয় করে থাকেন। নাসির সাহেব বলেন, নিরাপত্তার জন্য ব্যাংকের এই কাজটি বিশেষ অবদান রাখে।

ক. মুদ্রা কী? ১
খ. কোন প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত? ব্যাখ্যা কর। ২
গ. মিল্টন সাহেবের জন্য ব্যাংক কোন কাজটি করেছে –বর্ণনা কর। ৩
ঘ. মিল্টন সাহেবের মতে, নিরাপত্তার জন্য ব্যাংকের এই কাজটি বিশেষ অবদান রাখে' –তুমি কী বল তোমার মতামত দাও। ৪

৮ ▶ মি. মাহী একটি ব্যাংক হিসাব খোলার জন্য একটি ব্যাংকে যায়। কিন্তু এই ব্যাংকটিতে কোনো হিসাব খোলার ব্যবস্থা নেই। ব্যাংকটি নোট ও মুদ্রা প্রচলন করে, ঋণ নিয়ন্ত্রণ করে এবং অন্যান্য ব্যাংকের অভিভাবক হিসাবে কাজ করে। ব্যাংকের কর্মকর্তা মি. মাহীকে রূপালি ব্যাংকে হিসাব খোলার পরামর্শ দেন।

ক. ব্যাংকিং কী ধরনের ব্যবসায়? ১
খ. ব্যাংক ব্যবসার গুরুত্বপূর্ণ নীতি কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. মি. মাহী প্রথমে কোন ব্যাংকে গিয়েছিলেন বর্ণনা কর। ৩
ঘ. মি. মাহীর ব্যাংক হিসাব খোলার জন্য রূপালি ব্যাংকের উপর্যুক্ত উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ বাংলাদেশ সরকার কৃষি উন্নয়নের লক্ষ্যে একটি ব্যাংক গঠন করেন। কৃষকরা ১০ টাকা দিয়ে একটি হিসাব খোলে। উক্ত ব্যাংক হিসাব থেকে ঋণ নিয়ে কৃষির ব্যাপক উন্নয়নসাধন করেছে।

ক. ব্যাংকের প্রধান কাজ কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে গোটা ব্যাংকিং ব্যবস্থার প্রাণকেন্দ্র বলা হয় কেন –ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের ব্যাংকের কথা বলা হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. কৃষি উন্নয়নের ক্ষেত্রে উক্ত ব্যাংকটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

১০ ▶ সুলতান সাহেব একজন কলেজের প্রভাষক। তিনি তার বেতনের চেকটি ব্যাংকের হিসাবে জমা দেওয়ার পূর্বেই হারিয়ে ফেলেন। রনি চেকটি পেয়েছেন। তিনি ব্যাংকে টাকা উত্তোলন করতে যান। ব্যাংক কর্মকর্তা রনিকে জানান এই চেক সুলতান সাহেবের ব্যাংক হিসাবে জমা দিতে হবে। তারপর টাকা উত্তোলন করা যাবে। রনি চেকটি থানায় জমা দেন এবং থানার কর্মকর্তা সুলতান সাহেবকে খুঁজে চেকটি প্রদান করেন।

ক. ব্যাংকিং ব্যবসায় মূলমন্ত্র কী? ১
খ. ব্যাংক গ্রাহকের অছি হিসাবে কাজ করে –ব্যাখ্যা কর। ২
গ. চেকটি কোন ধরনের হওয়ার কারণে রনি ব্যাংক থেকে টাকা উত্তোলন করতে পারে নাই –বর্ণনা কর। ৩
ঘ. "নিরাপত্তার জন্য সুলতান সাহেবের চেকটি উত্তম" –উক্তিটি মূল্যায়ন কর। ৪

১১ ▶ রূপসা ব্যাংক অধিক বিনিয়োগ করার কারণে আমানতকারীদের টাকা দিতে হিমসিম খাচ্ছে। এমন অবস্থায় রূপসা ব্যাংক একটি বিশেষ ব্যাংকের নিকট থেকে ঋণ নিয়ে সমস্যা সমাধান করে। এই ব্যাংকটি আর্থিক সংকটের সময় ঋণ দিয়ে থাকে। এ জন্যই ব্যাংকটিকে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়।

ক. জনকল্যাণমূলক অমুনাফাভোগী জাতীয় প্রতিষ্ঠান কোনটি? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক হিসাবে কর্মসংস্থান সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. রূপসা ব্যাংক কোন ব্যাংকের কাছে ঋণ নিয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. "উক্ত ব্যাংকটিকে সকল ব্যাংকের ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

Part 03

# শীর্ষস্থানীয় স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতি নিশ্চিত করতে আরও

## ১১ কামরুননেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা

সময় : ৩০ মিনিট

### ফিন্যান্স ও ব্যাংকিং ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

**১. ATM বলতে কী বোঝায়?**
K Automatic Teller Machine
L Automated Teller Machine
M Automatical Teller Machine
N Automated Technical Machine

**২. বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রার ভূমিকা রাখে–**
i. খরচে
ii. স্থানান্তরে
iii. হস্তান্তরে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী?**
K প্রচুর অর্থ
L অধিক বিনিয়োগ
M ব্যাংক ও গ্রাহকের অবস্থা
N দক্ষতা

**৪. ঋণদানের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংক?**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M শিল্প ব্যাংক N একক ব্যাংক

■ **নিম্নোক্ত তথ্য অবলম্বনে ৫ ও ৬ প্রশ্নের উত্তর দাও :**
সানজিনের প্রাইমেট ব্যাংকে একটি হিসাব আছে। তিনি তার সম্পত্তির দলিলপত্র, স্বর্ণালংকার ইত্যাদি ব্যাংকে সংরক্ষণ করেন।

**৫. প্রাইমেট ব্যাংকের সাথে সানজিনের কী ধরনের সম্পর্ক বিদ্যমান?**
K আইনগত L মুনাফাগত
M লেনদেনের N অংশীদারিত্বের

**৬. উদ্দীপকের প্রাইমেট ব্যাংক সানজিনের কী হিসেবে কাজ করে?**
K পাওনাদার L প্রতিনিধি
M ট্রাস্ট N অছি

**৭. চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী?**
K সুনাম বৃদ্ধি
L ব্যয় হ্রাস
M গোপনীয়তা রক্ষা
N পারস্পরিক উন্নতি সাধন

**৮. LC খুলতে কোন ব্যাংকের অনুমতি নিতে হয়?**
K বাণিজ্যিক ব্যাংক L শিল্প ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N মার্চেন্ট ব্যাংক

**৯. কোনটি ছাড়া মুদ্রার ব্যবহার অচল?**
K শেয়ার বাজার L ব্যাংক
M লেনদেন N বিমা কোম্পানি

**১০. বিনিময় ব্যাংকের কাজ হলো–**
i. বৈদেশিক লেনদেন নিষ্পত্তি
ii. রপ্তানি
iii. বৈদেশিক মুদ্রা বিনিময়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. পরোক্ষভাবে মুদ্রার প্রচলন করে কোন ব্যাংক?**
K বিশেষায়িত ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N বিনিময় ব্যাংক

**১২. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় কয়টি?**
K ১১টি L ১২টি
M ১৩টি N ১৪টি

**১৩. কোন চেক অধিক নিরাপদ?**
K বাহক চেক
L হুকুম চেক
M অনুমোদন প্রাপ্ত চেক
N দাগকাটা চেক

**১৪. কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম উদ্দেশ্য হলো–**
i. মুদ্রাবাজার গঠন
ii. ঋণ দান
iii. মুদ্রাবাজার নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. কারবারি প্রতিষ্ঠানের অর্থায়নের সাধারণ বৈশিষ্ট্য–**
i. অর্থসংগ্রহ
ii. অর্থ ব্যবস্থাপনা
iii. ব্যয় নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৬. ব্যবসায়ের মৌলিক উপকরণ কী?**
K পুঁজি L বাজার
M ব্যাংক N পরিকল্পনা

**১৭. দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হলো–**
i. ঋণ
ii. বিল বাট্টাকরণ
iii. লিজিং
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. প্রকৃত সুদের হার কী দ্বারা প্রকাশ করা হয়?**
K r L i
M n N EAR

**১৯. আদর্শ বিচ্যুতি কেন প্রয়োজন?**
K ঝুঁকি নির্ণয়ে L আয় নির্ণয়ে
M অনিশ্চয়তা নির্ণয়ে N লাভ নির্ণয়ে

**২০. মূলধন বাজেটিং একটি–**
K সম্পদ L প্রজেক্ট
M দায় N মূল্যায়ন প্রক্রিয়া

■ **নিম্নোক্ত তথ্য অবলম্বনে ২১ ও ২২ প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি মাসিক ১০% সুদে ২০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখেন।

**২১. অনুচ্ছেদ অনুযায়ী m এর মান কত হবে?**
K ৬ L ১২
M ১৮ N ২৪

**২২. জনাব করিম ২ বছর পর ব্যাংক থেকে কত টাকা পাবেন?**
K ২৩৫০ L ২৪৪০
M ২৪৪৫ N ২৫০০

**২৩. ডিবেঞ্চার বিনিয়োগকারীরা কোন ঝুঁকি মোকাবিলা করে?**
K ব্যবসায়িক ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M সুদের হারের ঝুঁকি N তারল্য ঝুঁকি

**২৪. তহবিলের বিভিন্ন উৎসের মূলধন ব্যয় কীরূপ?**
K সমান L অসমান
M শূন্য N অসীম

**২৫. বাংলাদেশে কয়টি স্টক একচেঞ্জ রয়েছে?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২৬. ডিবেঞ্চার হোল্ডারগণ কোম্পানি থেকে কী গ্রহণ করে?**
K লভ্যাংশ L সুদ
M ঋণ N মুনাফা

**২৭. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থায় কী বলা হয়?**
K ধারক L জননী
M বাবা N মালিক

**২৮. নগদ অর্থ বেশি রাখলে ব্যবসায়ীদের–**
K সুদ কমে যায় L ক্ষতি কমে যায়
M মুনাফা কমে যায় N মুনাফা বেড়ে যায়

**২৯. অর্থায়নের মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎস কোনটি?**
K ক্ষুদ্র ঋণ L ঋণপত্র
M অবণ্টিত মুনাফা N লিজিং

**৩০. ঝুঁকিপূর্ণ কিন্তু আয়ের সম্ভাবনা বেশি কোন বিনিয়োগ?**
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M বন্ড N ডিবেঞ্চার

Self test

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | M | ৪ | K | ৫ | K | ৬ | N | ৭ | N | ৮ | M | ৯ | M | ১০ | L | ১১ | M | ১২ | K | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | N | ১৯ | K | ২০ | N | ২১ | L | ২২ | L | ২৩ | M | ২৪ | L | ২৫ | K | ২৬ | L | ২৭ | L | ২৮ | M | ২৯ | M | ৩০ | K |

## ১২ ✓ আরমানিটোলা গভ. বয়েজ হাই স্কুল, ঢাকা

### ফিন্যান্স ও ব্যাংকিং ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

**১. যেসব কারবারি প্রতিষ্ঠান বড় তাদের কী বলা হয়?**
K কোম্পানি L মুদি দোকান
M দর্জি দোকান N সেলুন

**২. নগদ অর্থ ও মুনাফার মধ্যে সম্পর্ক কেমন?**
K একমুখী L দ্বিমুখী
M বিপরীতমুখী N সমমুখী

**৩. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?**
K সরকারি কল্যাণ L সমাজকল্যাণ
M পরিবার কল্যাণ N ব্যবসায়িক কল্যাণ

**৪. 'ব্যাংক হতে ঋণ গ্রহণ'– এটি কীরূপ অর্থ সংস্থান?**
K স্বল্পমেয়াদি L অভ্যন্তরীণ
M দীর্ঘমেয়াদি N বহিস্থ

**৫. পাবলিক লিমিটেড কোম্পানি শেয়ার বিক্রয় করে–**
K উদ্যোক্তা সদস্যদের মধ্যে
L শেয়ার বাজারে
M সেকেন্ডারি মার্কেটে
N সাধারণ জনগণের মধ্যে

**৬. বিবরণপত্র হলো–**
K শেয়ার ক্রয়ের প্রস্তাব
L শেয়ার বিক্রির প্রস্তাব
M ঋণ গ্রহণের প্রস্তাব
N কোম্পানির পরিচালন দলিল

**৭. স্বল্পমেয়াদি অর্থায়নের উৎস হলো–**
i. প্রাপ্য বিল বাট্টাকরণ
ii. শেয়ার
iii. সঞ্চিতি তহবিল
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**৮. কোন ক্ষেত্রে সুদ আসল সবচেয়ে বেশি?**
K চক্রবৃদ্ধি পদ্ধতিতে L সরল সুদকে
M বাট্টাকরণ N মূল্যস্ফীতি

**৯. বর্তমানমূল্যকে সংক্ষেপে কীভাবে প্রকাশ করা হয়?**
K PV L FV
M P N I

**১০. কোনটি ঝুঁকিমুক্ত আয়?**
K মুনাফা
L নির্ধারিত আয় সীমা
M কমিশন
N আমানতের সুদ

**১১. মূলধন বাজেটিং হলো একটি–**
K প্রকল্প
L ব্যবসায় ধরন
M অর্থায়ন মূল্যায়ন প্রক্রিয়া
N বিনিয়োগ সিদ্ধান্ত

**১২. মূলধন বাজেটিংয়ের মূলধন উদ্দেশ্য কী?**
K মুনাফা হ্রাস L মুনাফা বৃদ্ধি
M অর্থসংস্থান N বিক্রয় প্রসার

**১৩. ব্যাংক ঋণের ক্ষেত্রে সুদের হারকে নির্ধারণ করে–**
K সরকার L গ্রাহক
M ব্যাংক N রাজস্ব বোর্ড

**১৪. 'লভ্যাংশ' বলতে কী বোঝায়?**
K শেয়ারের বর্তমান বাজারমূল্য
L বছর শেষে প্রত্যাশিত লভ্যাংশ
M বছরের শুরুতে লভ্যাংশ
N প্রতি শেয়ারের বাজারমূল্য

**১৫. সংরক্ষিত আয়ের ব্যয় হলো–**
i. লভ্যাংশ প্রদান
ii. সুদ খরচ
iii. সুযোগ ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**১৬. কোম্পানির মালিক কে?**
K ডিবেঞ্চার মালিক
L বন্ড
M সাধারণ শেয়ার মালিক
N অগ্রাধিকার শেয়ার মালিক

**১৭. বন্ড মালিকরা কোম্পানির–**
K ঋণদাতা L মালিক
M দেনাদার N কর্মকর্তা

**১৮. নিরাপত্তার ক্ষেত্রে ব্যাংক হিসের প্রতীক?**
K সেবার
L প্রতিনিধির
M গোপনীয়তার
N বিশ্বস্ততার প্রতীক

**১৯. 'অর্থনীতির জীবনীশক্তি' বলতে বোঝায়–**
K অর্থকে L ব্যাংককে
M লেনদেন N আমদানি রপ্তানি

**২০. কোন আমানতের সুদ নেই?**
K স্থায়ী L চলতি
M মেয়াদি N সঞ্চয়ী

**২১. গ্রাহক নগদ টাকা ছাড়াই পণ্য ক্রয় করতে পারে কী দিয়ে?**
K চেক দিয়ে
L পে-অর্ডার দিয়ে
M ডেবিট কার্ড দিয়ে
N ক্রেডিট কার্ড দিয়ে

**২২. কোন ব্যাংকের আলাদা কোনো সত্তা নেই?**
K শাখা ব্যাংক L চেইন ব্যাংক
M একক ব্যাংক N গ্রুপ ব্যাংক

**২৩. মুদ্রার বিকল্প হিসাবে কাজ করে কোনটি?**
K প্রত্যয়নপত্র L ব্যাংক ড্রাফট
M চেক N পে-অর্ডার

**২৪. বাণিজ্যিক ব্যাংকের মূলধনের একটি গুরুত্বপূর্ণ বাহ্যিক উৎস–**
K সংরক্ষিত তহবিল
L আমানত
M অর্থসংস্থান
N মূলধন বিনিয়োগ

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সাব্বির তৈরি পোশাক রপ্তানিকারক। তার ব্যাংকে ১০ লক্ষ টাকা জমা আছে। তিনি একটি অর্ডার পেলে সেখানে তার আরও ৫ লক্ষ টাকা বিনিয়োগ করা প্রয়োজন। যা ব্যাংক হিসাব থেকে অতিরিক্ত নিতে পারবেন।

**২৫. কোন হিসাবের মাধ্যমে অতিরিক্ত অর্থ উত্তোলন করা যেতে পারে?**
K সঞ্চয়ী L চলতি
M বৈদেশিক মুদ্রা N মেয়াদি

**২৬. চলতি হিসাব উপযোগী–**
i. ব্যবসায়ীদের
ii. চাকরিজীবীদের
iii. দৈনন্দিন নগদ অর্থ লেনদেনকারীর জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. চলতি হিসাব হতে নির্দিষ্ট কার্য দিবসে কতবার টাকা উত্তোলন করা যায়?**
K ১ বার L ২ বার
M ৩ বার N যতবার প্রয়োজন

**২৮. গ্রাহক দীর্ঘ সময় হিসাব চালু না রাখলে কী ঘটবে?**
K হিসাব চলতে থাকবে
L অধিক সুদ পাবে
M হিসাব বন্ধ হয়ে যাবে
N ব্যাংক চার্জ করবে

**২৯. কিসের মাধ্যমে টাকা উত্তোলনের কোনো অনুমতির প্রয়োজন নেই?**
K চেকের মাধ্যমে
L জমা বইয়ের মাধ্যমে
M পাস বইয়ের মাধ্যমে
N টোকেনের মাধ্যমে

**৩০. ঋণদানের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংক?**
K সমবায় ব্যাংক L শিল্প ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N কেন্দ্রীয় ব্যাংক

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | L | ৪ | K | ৫ | N | ৬ | K | ৭ | K | ৮ | K | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | L | ১৩ | M | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | N | ১৯ | L | ২০ | L | ২১ | N | ২২ | K | ২৩ | M | ২৪ | L | ২৫ | L | ২৬ | L | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | N |

## ১৩ পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

### ফিন্যান্স ও ব্যাংকিং ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০

**১. ব্যবসায় প্রতিষ্ঠানে অর্থের আগমন ও নির্গমন প্রবাহ কীভাবে সৃষ্টি হয়?**
K পরিকল্পনার মাধ্যমে
L নির্দেশনার মাধ্যমে
M অর্থায়নের মাধ্যমে
N বণ্টন ব্যবস্থার মাধ্যমে

**২. অর্থায়ন কী নিয়ে কাজ করে?**
K সম্পদ
L তহবিল ব্যবস্থাপনা
M টাকা
N হিসাব ব্যবস্থা

**৩. নগদ অর্থ ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?**
K বিপরীত L ঊর্ধ্বমুখী
M নিম্নমুখী N সমানুপাত

**৪. তহবিল সংগ্রহ ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রক্রিয়াকে কী বলে?**
K ব্যবস্থাপনা L পরিচালনা
M সমন্বয় সাধন N অর্থায়ন

**৫. কাঁচামাল কোন ধরনের সম্পত্তি?**
K স্থাবর সম্পত্তি
L স্থায়ী সম্পত্তি
M অস্থাবর সম্পত্তি
N অস্থায়ী সম্পত্তি

**৬. বহিঃস্থ তহবিলের উৎস কয় প্রকার?**
K দুই L তিন
M চর N পাঁচ

**৭. অর্থের সময়মূল্যের মূল কারণ কোনটি?**
K মুদ্রানীতি
L মুনাফার হার
M সুদের হার
N বাণিজ্যের প্রসার

**৮. ঋণ গ্রহণের আগে কী যাচাই করতে হয়?**
K পরিশোধ ক্ষমতা
L মূলধন ব্যয়
M সম্ভাব্য ব্যয়
N অর্থের সময়মূল্য

**৯. অনিশ্চয়তা থেকে কীসের সৃষ্টি হয়?**
K ব্যয়ের L ঝুঁকির
M লোকসানের N আয়ের

**১০. ঝুঁকি সৃষ্টি হতে পারে—**
